# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

## এলজিইডি'র আওতায়
## ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
## সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন সময় প্রকাশিত
### গেজেট/পরিপত্র/সার্কুলার/পত্র/আদেশসমূহ
### এবং
## বিভিন্ন সংস্থার সাথে
### স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MOU)



# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

## এলজিইডি'র আওতায়
## ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
## সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন সময় প্রকাশিত
### গেজেট/পরিপত্র/সার্কুলার/পত্র/আদেশসমূহ
### এবং
## বিভিন্ন সংস্থার সাথে
### স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MOU)

দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
ডিসেম্বর ২০০৬

ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প নামে একটি প্রকল্প এলজিইডি ১৯৯৫-৯৬ অর্থ বছর হতে বাস্তবায়ন করে আসছে। ১৯৯৬ সাল হতে শুরু করে ২০০২-২০০৩ সাল পর্যন্ত দেশের উত্তর-পশ্চিঞ্চলে ৩৭টি জেলায় ২৮০টি উপ-প্রকল্প ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। বর্তমানে দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প নামে একটি প্রকল্পের কাজ তিনটি পার্বত্য জেলা বাদে ৬১টি জেলায় বাস্তবায়ন করা হচ্ছে এবং জাপান সরকারের সহায়তায় ক্ষুদ্রাকার পানি সম্পদের আরও একটি প্রকল্প বৃহত্তর ময়মনসিংহ, সিলেট এবং ফরিদপুরের ১৫টি জেলায় আগামী ২০০৬-০৭ সাল থেকে বাস্তবায়নের কাজ শুরু হবে।

এই প্রকল্প বাস্তবায়নে সরকারী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তরের সহযোগিতা গ্রহণ করা হয়। এ উদ্দেশ্যে এ সকল সংস্থার সহিত সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়েছে। তাছাড়াও প্রকল্পের আওতায় উপ-প্রকল্প বাস্তবায়নের ভিন্ন ভিন্ন পর্যায়ে বিভিন্ন বিষয়ে এবং উদ্ভূত সমস্যা সমাধানে বিভিন্ন সরকারী বিভাগ, এলজিইডি ও মন্ত্রণালয় হতে সময় সময়গেজেট/সমঝোতাস্মারক/পরিপত্র/সার্কুলার/পত্র/আদেশ জারী করা হয়েছে।

এ সকল সমঝোতা স্মারক/সার্কুলার/আদেশ/চিঠিপত্র বিভিন্ন নথি হতে বিভিন্ন সময় বিগত কয়েক বছর ধরে জারী করা হয়েছে যা তাৎক্ষনিকভাবে প্রয়োজনে হাতের কাছে পাওয়া যায় না। এ প্রেক্ষাপটে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের সংশ্লিষ্ট সকল গেজেট/সমঝোতা স্মারক/পরিপত্র/সার্কুলার/পত্র/আদেশ একত্রি করে সংকলণ করা হল, যাতে তাৎক্ষণিকভাবে এ সংক্রান্ত যে কোন বিষয়ে রেফারেন্স হিসাবে পাওয়া যায়।

এ বই সংশ্লিষ্ট সকলের কাজে আসবে এবং আরও সঠিক, সুন্দর ও সময়মত উপ-প্রকল্প বাস্তবায়ন সম্ভব হবে।

---

***বইটি থেকে কিভাবে তথ্য-উপাত্ত সংগ্রহ করবেন?***

*এই বইটিতে মোট ৩টি পর্বে তথ্য-উপাত্ত উপস্থাপন করা হয়েছে। প্রতিটি পর্বেই সূচি পত্র রয়েছে এবং সে অনুযায়ী সমগ্র বিষয় সাজানো হয়েছে। সুতরাং পাঠক তার প্রয়োজন অনুযায়ী সূচি পত্র ধরে বিষয় খোঁজ করলে সহজেই পেয়ে যাবেন। প্রথম পর্বে পৃষ্ঠা ০৫ থেকে ৬৮ পর্যন্ত সংগ্রহীত* ***'গেজেট/পরিপত্র/সার্কুলার/পত্র/আদেশ'****-এর ফটোকপি থেকে হুবহু স্ক্যান করে সংযোজন করা হয়েছে।*

*এগুলোর মধ্যে কোন কোন পৃষ্ঠার লেখা খুবই অস্পষ্ট। সংগ্রহীত* ***'গেজেট/পরিপত্র/সার্কুলার/পত্র/আদেশ'****-এর মধ্যে যেগুলো খুব বেশী অস্পষ্ট সেগুলো পড়ার সুবিধার্থে* ***'অবিকল নকল'*** *শিরোনামে হুবহু কম্পিউটার কম্পোজ করে সংযোজন করা হয়েছে (পৃষ্ঠা ৬৯ থেকে ৮৪ পর্যন্ত দ্রষ্টব্য)। পৃষ্ঠা ৮৫ থেকে* ***'সমঝোতা স্মারক'*** *বিষয়ক তথ্য-উপাত্ত সূচিপত্রসহ সংযোজিত হয়েছে।*

---

প্রয়োজনীয় যোগাযোগ:
**প্রকল্প পরিচালক**
দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর
আরডিইসি ভবন (লেভেল-৫), এলজিইডি প্রধান কার্যালয়
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা ১২০৭
ফোন: ৮১৪৪৪৮৭, ৯১২৭৪১১
ইমেইল: pdbashir@yahoo.com

# সূচিপত্র

## এলজিইডি'র আওতায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন সময় প্রকাশিত গেজেট/পরিপত্র/সার্কুলার/পত্র/আদেশসমূহ


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | সমবায় আইনের পরিবর্তন গেজেট, তারিখ: ২৩/১১/১৯৯৫ | ০৫-০৬ |
| ২। | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির Legal Status প্রসংগে বা পাবসস এর আইনগত ভিত্তি বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জারীকৃত, তারিখ: ১৩/১২/১৯৯৫ | ০৭ |
| ৩। | পাবসস এর তদারকী নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণের পূর্বে এলজিইডি'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলোচনা ও পরমর্শ করা বাঞ্ছনীয় সমবায় অধিদপ্তর কর্তৃক জারীকৃত আদেশ, তারিখ: ১১/০১/১৯৯৬ | ০৮ |
| ৪। | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক Project Steering Committee নোটিফিকেশন, তারিখ: ৩১/১২/২০০১ | ০৯-১১ |
| ৫। | মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জেলা পর্যায়ে প্রকল্প চিহ্নিতকরণ কর্মশালায় এলজিইডিকে যথাযথ সহায়তা প্রদান সংক্রান্ত পত্র, তারিখ: ১৩/০১/২০০২ এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সংক্রান্ত পত্র, তারিখ: ১৫/০১/২০০২ | ১২-১৩ |
| ৬। | স্থানীয় দ্বন্দ্ব নিরসন কমিটি গঠন সম্পর্কিত স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন, তারিখ: ২৩/০৪/২০০২ | ১৪ |
| ৭। | উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প সংক্রান্ত আলোচনা এজেন্ডাভুক্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগের পত্র, তারিখ: ২৩/০৪/২০০২ | ১৫ |
| ৮। | সমবায় অধিদপ্তর কর্তৃক পাবসস এর তদারকি জোরদার করা সংক্রান্ত পত্র, তারিখ: ২৬/০৯/২০০২ | ১৬ |
| ৯। | প্রকল্পের নারী উন্নয়ন জেন্ডার বিষয়ক কর্মকান্ডে সোসিও-ইকোনমিষ্ট, কমিউনিটি অর্গানাইজার এবং ফ্যাসিলিটেটরদের সক্রিয় অংশগ্রহণ সংক্রান্ত পরিপত্র, তারিখ: ২১/১০/২০০২ | ১৭-১৮ |
| ১০। | জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের জন্য উপজেলা ও জেলা এবং আন্ত:মন্ত্রণালয় কমিটি গঠন ও কার্য পরিধি সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন, তারিখ: ৩০/১০/২০০২ | ১৯-২২ |
| ১১। | বাস্তবায়িত উপ-প্রকল্প হস্তান্তর প্রক্রিয়া, তারিখ: ৩০/১১/২০০২ | ২৩-৩২ |
| ১২। | সমবায় অধিদপ্তর কর্তৃক সমঝোতা স্মারক বিষয়ে অবহিতকরণ এবং সক্রিয়ভাবে অংশ্রগহণ সংক্রান্ত অফিস আদেশ, তারিখ: ১২/০৫/২০০৩ | ৩৩ |
| ১৩। | সমবায় অধিদপ্তর কর্তৃক পাবসস কার্যক্রম নিয়মিত/ধারাবাহিক পরিদর্শন/তদারকি এবং অডিট সম্পাদন বিষয়ে সার্কুলার, তারিখ: ১২/০৬/২০০৩ | ৩৪ |
| ১৪। | উন্নীত/উন্নয়নাধীন জলাশয়সমূহ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) এর অনুকূলে ন্যস্তকরণ প্রসংগে ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র, তারিখ: ৩১/০৮/২০০৩ | ৩৫-৩৬ |
| ১৫। | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠন প্রক্রিয়া (সংশোধিত), তারিখ: ০১/০৩/২০০৪ | ৩৭-৩৮ |
| ১৬। | উপ-প্রকল্প বাতিল ও পাবসস বিলুপ্তি সংক্রান্ত পরিপত্র, তারিখ: ২৪/০৩/২০০৪ | ৩৯-৪০ |
| ১৭। | উপ-প্রকল্পের বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর সংক্রান্ত তারিখ: ২৭/০৬/২০০৪ | ৪১ |
| ১৮। | জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিতভাবে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতাভুক্ত উপ-প্রকল্প ও পাবসস এর অগ্রগতি আলোচনা প্রসংগে জারীকৃত পরিপত্র, তারিখ: ০৬/১২/২০০৪ | ৪২-৪৩ |
| ১৯। | ওএন্ডএম সেড নির্মাণ সংক্রান্ত পত্র, তারিখ: ১০/০১/২০০৫ | ৪৪ |
| ২০। | পাবসস এর ব্যবস্থাপনা কমিটি গঠনের ব্যাপারে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সজাগ দৃষ্টি রাখা প্রসংগে, তারিখ: ১৯/০৩/২০০৫ | ৪৫ |
| ২১। | ক্ষুদ্রাকার পানি সম্পদ স্কীমসমূহের দায়িত্ব স্থানীয় সরকার বিভাগের উপর অর্পন সংক্রান্ত মন্ত্রি পরিষদ বিভাগ কর্তৃক Allocation of Business সংশোধনীর প্রজ্ঞাপন, তারিখ: ৩১/০৫/২০০৫ | ৪৬-৪৭ |
| ২২। | উপ-প্রকল্প বাস্তবায়ন চুক্তি স্বারের লক্ষ্যে পাবসস কর্তৃক পূরণীয় পূর্বশর্তসমূহ, তারিখ: ১৮/০৬/২০০৫ | ৪৮ |
| ২৩। | পানি সম্পদ উপ-প্রকল্পের নির্মিত অবকাঠামোসমূহ হস্তান্তর প্রক্রিয়া, তারিখ: ২৭/০৭/২০০৫ | ৪৯-৫২ |
| ২৪। | স্থানীয় স্বার্থসংশ্লিষ্টদের অংশগ্রহণ প্রক্রিয়ায় জেলা ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন কমিটি গঠন সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন, তারিখ: ১৫/০৯/২০০৫ | ৫৩-৫৪ |
| ২৫। | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) এর ব্যবস্থাপনা প্রসংগে, তারিখ: ১৩/০৬/২০০৬ | ৫৫ |
| ২৬। | উপ-প্রকল্পে কমিনিটি এ্যাসিসট্যান্ট (সি. এ) নিয়োগ সংক্রান্ত, তারিখ: ৩১/০৭/২০০৬ | ৫৬-৫৭ |
| ২৭। | জেলা ও উপজেলা পর্যায়ে উপ-প্রকল্প ও পাবসস এর অগ্রগতি পর্যালোচনার জন্য সভা অনুষ্ঠানের ব্যয় নির্বাহ প্রসংগে, তারিখ: ২৭/০৮/২০০৬ | ৫৮ |
| ২৮। | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) সমূহের উন্নয়ন ও কার্যকারিতা নিশ্চিত করার ক্ষেত্রে নির্বাহী প্রকৌশলীগণের যথাযথ দায়িত্ব পালন প্রসঙ্গে, তারিখ: ১১/১০/২০০৬ | ৫৯-৬০ |
| ২৯। | উপ-প্রকল্পের সংশোধিত "বাস্তবায়ন চুক্তিনামা" সংক্রান্ত ছক প্রেরণ প্রসংগে, তারিখ: ০৫/১১/২০০৬ | ৬১-৬৮ |
| ৩০। | গেজেট/পরিপত্র/সার্কুলার/পত্র/আদেশসমূহের অস্পষ্ট মুদ্রণ-এর জন্য 'অবিকল নকল' শিরোনামে হুবহু কম্পিউটার কম্পোজকৃত পৃষ্ঠাসমূহ | ৬৯-৮৪ |

# সূচিপত্র

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সাথে বিভিন্ন সংস্থার স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MOU)


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া, তারিখ: ২৮-১০-১৯৯৮ | ৮৭-৮৯ |
| ২। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান (NILG), তারিখ: ২২/১০/২০০১ | ৯০-৯৩ |
| ৩। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও সমবায় অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক, তারিখ: ২২/০৪/২০০৩ এবং ০৭/১২/১৯৯৭ | ৯৪-১০০ |
| ৪। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র মধ্যে সমঝোতা স্মারক, তারিখ: ১৮/০৪/২০০০ | ১০০-১০৪ |
| ৫। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক, তারিখ: ১৪/০৯/২০০২ | ১০৫-১০৮ |
| ৬। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক, তারিখ: ২৪/১১/২০০২ | ১০৯-১১২ |
| ৭। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও মহিলা বিষয়ক অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক, তারিখ: ২২/০৭/২০০৩ | ১১৩-১১৬ |
| ৮। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং পরিবেশ অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক, তারিখ: ১৩/০১/২০০৪ | ১১৭-১১৯ |
| ৯। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর মধ্যে সমঝোতা স্মারক, তারিখ: ০৭/০৩/২০০৪ | ১২০-১২২ |
| ১০। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তারিখ: ১০/০৭/২০০৬ | ১২৩-১২৭ |
| ১১। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, তারিখ: ৩০/০১/২০০৬ | ১২৮-১৩০ |

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩০, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

শাখা-১

## প্রজ্ঞাপন

তারিখ, ৮ই অগ্রহায়ণ, ১৪০২/২২শে নভেম্বর, ১৯৯৫ইং।

এস, আর, ও নং ১৯৬-আইন/৯৫ শাখা-১/৩৮-১৩৪/৯০—Co-operative Societies Ordinance 1984 (I of 1985) এর section 139 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Co-operative Societies Rules, 1987-এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত Rules এর—

(১) rule 2 এর sub-rule (2) এর clause (xxvii) এর শেষে স্থিত full-stop এর পরিবর্তে একটি semi-colon প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন clause (xxviii) সন্নিবেশিত হইবে, যথা :—

"(xxviii) "water management co-operative association" means a co-operative society which is formed to improve the socio-economic conditions of its members by way of providing various facilities and services and the members of which are beneficiaries of a sub-



মূল্যঃ টাকা ১.০০

-৮-

পরিশিষ্ট - ১



project or a scheme undertaken under a Water Resources Development Project of the Local Government Engineering Department."

২। rule 10 এ—

(ক) sub-rule 2 এর "land mortgage bank" শব্দগুলির পর "and a water management co-operative association" শব্দগুলি সংযোজিত হইবে; এবং

(খ) sub-rule (3) এর শেষে অবস্থিত full-stop এর পরিবর্তে একটি colon প্রতিস্থাপিত হইবে এবং উহার পর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা :—

"Provided further that the provisions of clause (b) shall not apply to a water management co-operative association."।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহে আলম

সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
শাখা - ১

স্মারক নং- শাখা-১/৩ন-১৩৪/৯৫/ (৩১১) তারিখ: ১৬/১২ -- ১৯৯৫খ্রীষ্টাব্দ
২৫/৮ -- ১৪০২বংগাব্দ

বিষয়: পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় গঠিত Water Management Cooperative Association (WMA) এর legal status প্রসংগে।

উপরোক্ত বিষয়ে সমবায় নিয়মাবলী, ১৯৮৭ তে সংযোজনীর জন্য প্রস্তাবিত গেজেটের কপিখানি অবগতির জন্য এতদসংগে প্রেরণ করতঃ এই মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের নিম্ন বর্ণিত প্রস্তাব সংবলিত চিঠির প্রেক্ষিতে ( কপি সংযুক্ত ) নিম্নোক্ত ভাবে একটি নির্বাহী আদেশ জারী করার জন্য নির্দেশক্রমে তাঁহাকে অনুরোধ করা হইল।

No action will be taken in respect of any Water Management Cooperative Association(WMUA) by the Registrar of the Cooperatives Societies or any person authorised to act on his behalf without consultation with the district/division level officer of a Water Resources Development Project within whose jurisdiction the relevant WMUA is situated.

( শা, ম, স, আজহার )
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫১১/০৬০৩৮।

নিবন্ধক,
সমবায় সমিতি সমূহ,
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- শাখা-১/৩ন-১৩৪/৯৫/ (৩১১/৯(১)) তারিখ: ১৬/১২ -- ১৯৯৫খ্রীষ্টাব্দ
২৫/৮ -- ১৪০২বংগাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি দেওয়া হইল :-

১। সচিব, স্থানীয় সরকার, বিভাগ। ( দৃষ্টি আকর্ষণ: জনাব মুশারফ হোসেন, মহা- পরিচালক ( এলজিইডি ) । ইহা তাঁহার স্মারক নং- এলজি/প্রক-১/এলজিইডি-৩/৯৫(অংশ-৬)/২০৩ তারিখ৬-৮-৯৫ ইং এর বরাতে ।

১৬/১২/৯৫
( শা, ম, স, আজহার )
সিনিয়র সহকারী সচিব ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
৯/ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

আদেশ নং-১৪ সমঃ

তারিখঃ- ১১/১/৯৩ ইং

সরকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীন সাব প্রজেক্ট/স্কীমের জন্য গঠিত পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনকে ( Water Management Associations ) সমবায় আইন ও নিয়মাবলীর আওতায় সমবায় সমিতি হিসাবে নিবন্ধীকরণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। সমবায় সমিতি সমূহের তদারকী, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা অত্র অধিদপ্তরের উপর ন্যস্ত। সমবায় আইন ও নিয়মাবলী অনুযায়ী পানি ব্যবস্থাপনা সমবায় এসোসিয়েশন ( Water Management Co-operative Association ) এর ব্যপারে কোন ব্যবস্থা গ্রহণের পূর্বে অত্র অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগনের পানি সম্পদ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগনের সহিত আলোচনা ও পরামর্শ করা বাঞ্ছনীয়। ইহাতে সমবায় অধিদপ্তর ও সংশ্লিষ্ট সংস্থার মধ্যে একটি সৌহার্দ্যপূর্ন পরিবেশ ও গভীর হৃদ্যতা গড়িয়া উঠিবে। ইহার ফলে একদিকে আইনগত ব্যবস্থা গ্রহণে কোন প্রকার সমস্যা দেখা দিবে না অপর দিকে সমবায় আন্দোলনের অগ্রগতি জোরদার হইবে। তাই নির্দেশ দেওয়া যাইতেছে যে ঃ-

(১) পানি ব্যবস্থাপনা সমবায় এসোসিয়েশনের কার্যাবলী সঠিক ও সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করার পূর্বে পানি সম্পদ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগনের সহিত পরামর্শ ও আলোচনা করিতে হইবে এবং

(২) পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের কর্মকর্তাগন যদি কোন বিষয়ে পরামর্শ দেন তাহা সমবায় আইন ও নিয়মাবলীর আলোকে গুরুত্বসহকারে বিবেচনা করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিতে হইবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষর/= এ, এস, এম, আবদুল হালিম
নিবন্ধক,
সমবায় সমিতি সমূহ,
বাংলাদেশ, ঢাকা।
ফোন ঃ-৮৬৫৩২৫

বিদেশী সংস্থা সম্পৃক্ত বিধায় ইংরেজীতে লিখিত

**Government of the People's Republic of Bangladesh**
Ministry of LGRD & Co-operatives
Local Government Division
Section: LGED-2

## NOTIFICATION

Memo. No. S-LGED-2/Pani-5/2001/2193 Date: 31 -12-2001

The Government is pleased to constitute a Project Steering Committee to implement the Second Small Scale Water Resources Development Sector Project with the following members :

| | | |
|---|---|---|
| 1. | Secretary, Local Government Division | Chairman |
| 2. | A representative of M/O Establishment (Not below the rank of a Joint Secretary) | Member |
| 3. | A representative of the M/O Agriculture (Not below the rank of a Joint Secretary) | Member |
| 4. | A representative of the M/O Water Resources (Not below the rank of a Joint Secretary) | Member |
| 5. | A representative of the M/O Land (Not below the rank of a Joint Secretary) | Member |
| 6. | A representative of the M/O Youth and Sports (Not below the rank of a Joint Secretary) | Member |
| 7. | A representative of the M/O Environment & Forest (Not below the rank of a Joint Secretary) | Member |
| 8. | A representative of the M/O Fisheries & Livestock (Not below the rank of a Joint Secretary) | Member |
| 9. | A representative of the Economic Rrelations Division (Not below the rank of a Joint Secretary) | Member |
| 10. | A representative of the Planning Division (Not below the rank of a Joint Chief) | Member |
| 11. | A representative of the Implementation Monitoring & Evaluation Division (Not below the rank of a Director) | Member |
| 12. | A representative of the Water Development Board (Not below the rank of an Additional Director General of the Board) | Member |
| 13. | A representative of the Department of Agriculture Extension (Not below the rank of a Director) | Member |
| 14. | A representative of the Water Resources Planning Organization (Not below the rank of a Director) | Member |

AO:SSW\Project\SM.doc

| | | |
|---|---|---|
| 15. | A representative of the Department of Fisheries (Not below the rank of a Director) | Member |
| 16. | A representative of the Department of Women's Affairs (Not below the rank of a Director) | Member |
| 17. | A representative of the NGO Affairs Bureau (Not below the rank of a Director) | Member |
| 18. | A representative of the Department of Environment (Not below the rank of a Director) | Member |
| 19. | A representative of The Department of Co-operatives (Not below the rank of an Additional Register) | Member |
| 20. | Chief Engineer, Local Government Engineering Department | Member Secretary |
| 21. | A representative of ADB | Observer |
| 22. | A representative of the Government of the Netherlands | Observer |

2. The Committee may also invite any other official or expert to attend the meeting.

3. The Committee will be the principal decision making body in respect of any problem that may arise in the process of implementation of the Second Small Scale Water Resources Development Sector Project,as and when referred to. The Committee will review policies and performance of the Project and ensure overall co-ordination in particular inter-ministerial/departmental co-ordination.

4. The Committee will review all periodical, monitoring and evaluation reports of the project.

5. The Committee will meet semi-annually during the first year and annually from the second year of the Project.

6. This order will come into force with immediate effect.

By order of the President

(M. Sultan Mahmud Khan) 31.12.20
Deputy Secretary

Memo. No S-LGED-2/Pani-5/2001/2193/1(22) Date: 31-12-2001.

Copy forwarded for information and necessary action to:

1. Secretary, Ministry of Establishment, Bangladesh Secretariat, Dhaka. (Attn: Joint Secretary, PDA)
2. Secretary, Ministry of Agriculture, Bangladesh Secretariat, Dhaka
3. Secretary, Ministry of Water Resources, Bangladesh Secretariat, Dhaka

ACSSSWProject-SM.doc

4. Secretary, Ministry of Land, Bangladesh Secretariat, Dhaka
5. Secretary, Ministry of Youth and Sports, Bangladesh Secretariat, Dhaka
6. Secretary, Ministry of Environment and Forest, Bangladesh Secretariat, Dhaka
7. Secretary, Ministry of Fisheries & Livestock, Bangladesh Secretariat, Dhaka
8. Secretary, ERD, Sher-E-Bangla Nagar, Dhaka.
   (Attn: Joint Secretary, Wing-5 (ADB))
9. Secretary, IMED, M/O Planning, Shere Bangla Nagar, Dhaka.
   (Attn: Director General, Agriculture and Rural Development Sector)
10. Secretary, Planning Division, M/O Planning, Sher-E-Bangla Nagar, Dhaka.
    (Attn: Joint Chief, Irrigation Wing)
11. Chief Engineer, LGED, LGED Bhaban, Dhaka.
12. Registrar, Department of Cooperatives.
13. Director General, Water Development Board.
14. Director General, Department of Agriculture Extension.
15. Director General, Water Resources & Planning Organization.
16. Director General, Department of Fisheries.
17. Director General, Department of Women's Affairs.
18. Director General, Department of Environment.
19. Director General, NGO Affairs Bureau.
20. Resident Representative, ADB, BRM, Dhaka.
21. First Secretary (Development, the Royal Netherlands Embassy, Dhaka.
22. Deputy Controller, Bangladesh Govt. Press, with request to publish in the nest official gazette.

31.12.2001.
**(Sayed Abu Azfer Ahmed)**
Senior Assistant Secretary

Memo. No. S-LGED-2/Pani-5/2001/2193/2(2) Date: 31-12-2001.

Copy forwarded for information:

1. P.S. to Secretary, Local Government Division, Bangladesh Secretariat, Dhaka
2. Project Director, Second Small Scale Water Resources Development Sector Project, LGED, Dhaka

**(Sayed Abu Azfer Ahmed)**
Senior Assistant Secretary

-৪-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
<u>জেলা প্রশাসন শাখা-৪</u>

নং-মপবি/জেপ্র-৪/২(১৩১)/২০০২-৫১৮

তারিখ ঃ ১৩ জানুয়ারি ২০০২ / ৩০ পৌষ ১৪০৮

বিষয় ঃ <u>দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প বাস্তবায়ন প্রসংগে।</u>

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ১৯৯৬ সন থেকে দেশের উত্তর, দক্ষিণ ও পশ্চিমাঞ্চলে ৩৭টি জেলায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পটি ৩০ জুন ২০০২ সনে সমাপ্ত হবে।

উক্ত প্রকল্পের অভিজ্ঞতার ভিত্তিতে সরকার দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প নামে একটি নতুন প্রকল্প গ্রহণ করছে, যার অধীনে দেশের ( তিনটি পার্বত্য জেলা ব্যতীত) ৬১টি জেলায় ৩০০টি উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য গ্রহণ করা হবে।

দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে পল্লী এলাকার দরিদ্র জনগোষ্ঠীসহ সব শ্রেণীর জনগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করে টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়ন।

দ্বিতীয় প্রকল্পের অধীনে পূর্বের ৩৭টি জেলার সাথে নতুনভাবে সিলেট বিভাগের সকল জেলা ( মোট ৪টি), চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলাসমূহ ব্যতীত সকল জেলা (মোট ৮টি), এবং ঢাকা বিভাগের বৃহত্তর ফরিদপুর ব্যতীত সকল জেলা ( মোট ১২টি ) অর্থাৎ সর্বমোট ২৪টি জেলা অন্তর্ভুক্ত করা হয়েছে। মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণকে, যথাঃ সহকারী কমিশনার (ভূমি), উপজেলা প্রকৌশলী, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদসমূহের চেয়ারম্যানগণকে প্রকল্প সম্পর্কে অবহিত করা এবং প্রকল্প চিহ্নিতকরণ ও গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা দেয়ার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সহায়তায় স্থানীয় সরকার বিভাগ ঐ সমস্ত জেলায় এক দিনের কর্মশালার আয়োজন করবে।

উক্ত প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানসহ জেলা পর্যায়ে প্রস্তাবিত কর্মশালা আয়োজনে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে যথাযথ সহায়তা প্রদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

( মুহম্মদ আব্দুস সাত্তার)
যুগ্মসচিব

<u>বিতরণ ঃ</u>

<u>কার্যার্থে ঃ</u>

জেলা প্রশাসক,..............................( সংশ্লিষ্ট জেলা)।

<u>জ্ঞাতার্থে ঃ</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
( দৃষ্টি আকর্ষণ ঃ সৈয়দ আবু আজফর আহমদ,
সিনিয়র সহকারী সচিব, (শাখা- অঃউঃ-২ ),
স্মারক নং-সা-অঃউঃ-২/পানি-৫/২০০১/১০১, তাং-৫.১.২০০২খ্রিঃ এর অনুবৃত্তিক্রমে)।

২। কমিশনার,..........................বিভাগ (সকল)।

- ৫ -

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
শাখা-প্রঃআঃ-২

স্মারক নং-শা-প্রঃঅঃ-২/পানি-৫/২০০১/ ৭২৫ তারিখঃ ১৫-০১-২০০২।

অনুলিপি : কার্যার্থে ও জ্ঞাতার্থে

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প।

১৫.০১.২০০২
(সৈয়দ আবু আজফর আহমদ)
সিনিয়র সহকারী সচিব)
ফোন-৮৬১৮৪৪০

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
শাখা-প্র: অ:-২

স্মারক নং-প্র:অ:-২/পানি-৫/২০০১/৪১৮(২৩৬৭) তারিখ: ২৩-০৪-২০০২।

## প্রজ্ঞাপন

স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর আও বাস্তবায়নাধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে স্থানীয় পর্যায়ে উ যেকোন দ্বন্দ্ব নিরসনকল্পে সরকার উপজেলা পর্যায়ে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে স্থানীয় দ্বন্দ্ব নিরসন কমিটি (Lo Conflict Resolution Committee) গঠন করছে।

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাহী কর্মকর্তা | - | সভাপতি |
| সহকারী কমিশনার (ভূমি) | - | সদস্য |
| উপজেলা সমবায় কর্মকর্তা | - | সদস্য |
| উপজেলা মৎস্য কর্মকর্তা | - | সদস্য |
| উপ-প্রকল্প সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | - | সদস্য |
| উপ-প্রকল্প সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মহিলা সদস্য | - | সদস্য |
| সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির সভাপতি | - | সদস্য |
| উপ-প্রকল্প এলাকার সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্থ জনগণের একজন প্রতিনিধি | - | সদস্য |
| উপজেলা প্রকৌশলী | - | সদস্য সচিব |

এ কমিটির প্রধান দায়িত্ব হবে প্রকল্পের আওতায় কোন উপ-প্রকল্প বাস্তবায়নকালে ও বাস্তবায়নউ কোন দ্বন্দ্ব সৃষ্টি হলে তা নিরসন করা এবং অন্যান্য আনুসংগিক বিষয় বিবেচনা করা। এই উদ্দেশ্যে কমি প্রয়োজন অনুসারে সভায় মিলিত হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

(এম সুলতান মাহমুদ খান)
উপ-সচিব ২৬.৪.০২
স্থানীয় সরকার বিভাগ।

বিতরন ঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। নিবন্ধক, সমবায় অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪। জেলা প্রশাসক, জেলা: ........................।
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা: ......................, জেলা: ....................।
৬। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা: ......................, জেলা: ....................।
৭। উপজেলা প্রকৌশলী, উপজেলা: ......................, জেলা: ....................।
৮। উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা: ......................, জেলা: ....................।
৯। উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা: ......................, জেলা: ....................।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
শাখা-প্র: অ:-২

স্মারক নং-প্র:অ:-২/পানি-৫/২০০১/৪১৯(৯৮৪)　　　　　তারিখ: ২৩-০৪-২০০২।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর আওতায় দেশব্যাপী "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প" বাস্তবায়িত হচ্ছে। উক্ত প্রকল্পের আওতাধীন ঐ উপজেলায় গৃহীত উপ-প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে নিয়মিত পরিবীক্ষণ আবশ্যক।

বর্ণিত অবস্থায়, বিষয়টি উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় এজেন্ডাভুক্ত করে প্রকল্পের অধীনে গৃহীত সংশ্লিষ্ট স্কীমসমূহের কার্যক্রম/অগ্রগতি সময়ে সময়ে পর্যালোচনা করার জন্য অনুরোধ করা হ'ল।

২৩.০৪.০২
(সৈয়দ আবু আজফর আহমদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৮৬১৮৪৪০

প্রাপক ঃ　উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা (সকল)-..........................
জেলা-..........................

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। জেলা প্রশাসক, জেলা: ..........................।
৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: .........................., জেলা: ..........................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
৯-ডি.মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।

স্মারক নং ২/2000 - 28 ৫ খণ্ড (৮২) সম্প্রসারণ। তারিখঃ 26/7/02

বিষয়ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রথম ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় নিবন্ধিত পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি(পাবসস)এর তদারকী জোরদার করা প্রসংগে।

সূত্র ঃ স্মারক নং এলজিইডি/এমএসডব্লিউ/প্রপ/পাবসস-০১(অংশ-১)/৯৫/১৯২৫ তারিখঃ ১০/৯/০২ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচেছ যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রথম ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় ৩৭টি জেলায় বাস্তবায়িত ২৮০টি উপ প্রকল্পের নিবন্ধিত পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি সমূহের কার্যক্রম এক অভ্যন্তরীন মূল্যায়নে অনেকগুলি পারসস এর কার্যক্রম অসন্তোষজনক পরিলক্ষিত হয়েছে। বিশেষ তদারকীর মাধ্যমে ঐ সমিতিসমূহের অগ্রগতি সাধনে তৎপর হবার জন্য সংশ্লিষ্ট উপজেলা/জেলা সমবায় কর্মকর্তাকে অনরোধ করা হলো। এলজিইডির স্থানীয় নির্বাহী প্রকৌশলী ও উপজেলা প্রকৌশলীর সাথে আলোচনা করে বিশেষ তদারকী পরিকল্পনা গ্রহন পূর্বক যৌথভাবে উহা বাস্তবায়নের মাধ্যমে তদারকী জোরদার করা যায়।

26/07/02

(মোঃ জায়েদুল হক মোল্লা)
যুগ্ম নিবন্ধক(ইপি)
সমবায় অধিদপ্তর,ঢাকা।
ফোনঃ ৯৬৬৭৪৫৪।

বিতরণ ঃ

১। উপজেলা সমবায় অফিসার,
২। জেলা সমবায় অফিসার,

অনুলিপিঃ

১। প্রকল্প পরিচালক
ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি ভবন(লেভেল-১১), আগারগাঁও
শেরে বাংলা নগর,ঢাকা- ১২০৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি ভবন (লেভেল-১১), আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/পি-১৫/২০০২/৭৫৬ তারিখঃ ২১-১০-০২

# পরিপত্র

বিষয়ঃ প্রকল্পের নারী উন্নয়ন ও জেন্ডার বিষয়ক কর্মকান্ডে সোসিও-ইকোনমিষ্ট, কমিউনিটি অর্গ্যানাইজার এবং ফ্যাসিলিটেটরদের সক্রিয় অংশগ্রহণ প্রসংগে।

জাতীয় এবং আন্তর্জাতিক সকল পর্যায়ে নারী উন্নয়ন এবং নারী ও পুরুষের মধ্যে বিদ্যমান অসমতা দূরীকরণের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে। তারই ধারাবাহিকতায় বাংলাদেশে "নারী উন্নয়নে জাতীয় নীতিমালা" এবং প্রতিটি মন্ত্রনালয়ের জন্য সুনির্দিষ্ট করে "নারী উন্নয়নে জাতীয় কর্ম-পরিকল্পনা" তৈরী করা হয়েছে। "নারী উন্নয়নে জাতীয় নীতিমালা" এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের কর্ম-পরিকল্পনার আলোকে সম্প্রতি এলজিইডি "জেন্ডার সমতা কৌশল" এবং আগামী পাঁচ বৎসরের জন্য সেক্টর ভিত্তিক "কর্ম-পরিকল্পনা ২০০২-২০০৭" প্রনয়ন করেছে।

এলজিইডির "জেন্ডার সমতা কৌশল" এবং সেক্টর ভিত্তিক কর্ম-পরিকল্পনার "পানি সেক্টর" অনুযায়ী দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প তার নিজস্ব কর্ম-পরিকল্পনা প্রনয়নের ভিত্তিতে প্রকল্পের জেন্ডার বিষয়ক কর্মসূচী পরিচালনা করবে। প্রকল্পের মূলধারার কাজের সাথে জেন্ডার বিষয়কে সম্পৃক্ত করার মাধ্যমে সম্ভাব্য সকল ক্ষেত্রে নারী ও পুরুষের মধ্যে বিদ্যমান অসমতা দূরীকরণের পাশপাশি প্রকল্প এলাকার উন্নয়নে সকল জনগণের অংশগ্রহন নিশ্চিত করা যাবে। যেহেতু এই কাজের জন্য আলাদা কোন কর্মী নিয়োগ করা হবে না এবং এটা সামগ্রিক সমাজ উন্নয়নের একটি অংশ, সেহেতু প্রতিটি জেলায় কর্মরত প্রকল্পের সোসিও-ইকোনমিষ্ট, এলজিইডির সংশ্লিষ্ট কমিউনিটি অর্গ্যানাইজার এবং উপ-প্রকল্প এলাকায় কর্মরত ফ্যাসিলিটেটরদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমেই নারী উন্নয়ন ও জেন্ডার নিরপেক্ষতা বিষয়ক কর্মসূচী বাস্তবায়ন করতে হবে, যা তাদের কর্মবিধি'র (TOR) অংশ হিসেবেই বিবেচ্য হবে।

উল্লেখ্য ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প বিগত কয়েক বৎসর ধরে দেশের দক্ষিণ-পশ্চিম ও উত্তর-পশ্চিমাঞ্চলে ২৮০টি উপ-প্রকল্প বাস্তবায়ন করেছে। প্রতিটি উপ-প্রকল্পের আওতাধীন জনগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে সুফলভোগীদের সমন্বয়ে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি গঠন করা হয়েছে। উপ-প্রকল্পের পরিকল্পনা থেকে বাস্তবায়ন এবং পরিচালনা ও রক্ষণাবেক্ষনসহ সকল কাজে জনগণ তথা নারী ও পুরুষের মতামতকে গুরুত্ব দেয়া হয়েছে। তাছাড়া মহিলাদের জন্য নানাবিধ আয়বৃদ্ধিমূলক কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। যেমনঃ মৌসুমী শাক-সবজি ও বীজ উৎপাদন এবং বীজ প্রক্রিয়াজাতকরণ, পুকুরে মাছ চাষ ও পোনা উৎপাদন। তাছাড়া প্রকল্প কর্তৃক বাস্তবায়িত কাজের ক্ষেত্রে নারী শ্রমিকদের অগ্রাধিকার দেয়া হয়েছে। যেমনঃ বাঁধের পাশে লাগানো গাছ পাহারাদার, বাঁধে বা খালে মাটি কাটার কাজ।

এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী এবং প্রকল্পের সোসিও-ইকোনমিষ্টসহ প্রত্যেকেই উল্লেখিত কাজ বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রেখেছেন। একইভাবে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প-২ এর

জন্য নির্বাহী প্রকৌশলীসহ সকলেই উল্লেখিত বিষয়ের সকল কাজে সার্বিক সহযোগীতা করবেন এবং কাজের তদারকি নিশ্চিত করবেন। এ সংক্রান্ত যে কোন বিষয়ে আপনারা প্রকল্পের জেন্ডার ও উন্নয়ন বিশেষজ্ঞদ্বয়ের স যোগাযোগ করতে কোন প্রকার দ্বিধা করবেন না। প্রকল্পের জেন্ডার ও উন্নয়ন বিশেষজ্ঞদ্বয় আপনাদেরকে প্রয়োজ সকল ধরণের সহযোগীতা করবেন।

অতএব বিষয়টিকে গুরুত্বপূর্ণ বিবেচনা করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ নুরুল ইসলাম)
প্রকল্প পরিচালক
ফোনঃ ৯১২৭৪১১

বিতরণঃ

১. নির্বাহী প্রকৌশলী, জেলাঃ .............................. এলজিইডি
২. সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিএসপি-২, জেলাঃ ...................................., এলজিইডি
৩. উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ ................................ জেলাঃ........................., এলজিইডি
৪. সোসিও-ইকোনমিষ্ট, এসএসডব্লিউআরডিএসপি-২, জেলাঃ ................................................, এলজিইডি
৫. কমিউনিটি অর্গ্যানাইজার, উপজেলাঃ .................................. জেলাঃ..........................., এলজিইডি
৬. ফ্যাসিলিটেটর, এসএসডব্লিউআরডিএসপি-২, উপজেলাঃ ............................ জেলাঃ....................., এলজিই

জ্ঞাতার্থেঃ

১. প্রধান প্রকৌশলী, সদর দপ্তর, এলজিইডি
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সদর দপ্তর, এলজিইডি
৩. তত্বাবধায়ক প্রকৌশলী, ........................................, এলজিইডি
৪. নির্বাহী প্রকৌশলী (বাস্তবায়ন), এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা
৫. নির্বাহী প্রকৌশলী (ডিজাইন), এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা
৬. নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম), এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা
৭. টিম লিডার, কারিগরী উপদেষ্টা দল, এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা
৮. জেন্ডার ও উন্নয়ন বিশেষজ্ঞদ্বয়, কারিগরী উপদেষ্টা দল, এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা
৯. সিনিয়র সোসিও-ইকোনমিষ্ট, এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা

File: C:\2ndSSWRDSP\PDporipatra.GAD.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৭।

নং-ভূঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২- ৫১১,

তারিখ: ৩০/১০/২০০২ ইং

## প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের মধ্যে গত ৭ অক্টোবর '২০০২ তারিখে সম্পাদিত সমঝোতা স্মারক মোতাবেক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প-এর মাধ্যমে উন্নীত/উন্নয়নাধীন জলমহালসমূহ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) বরাবর ইজারা/বন্দোবস্ত প্রদানের জন্য সরকার নিম্নেবর্ণিত কমিটিসমূহ গঠন করলেন।

২। উপজেলা পর্যায়ের কমিটি

(ক) ২০ একর পর্যন্ত জলমহালসমূহ পাবসস-এর অনুকূলে বন্দোবস্ত প্রদানের প্রস্তাবসমূহ নিম্নেবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটি বিবেচনা করবেনঃ

(১) উপজেলা নির্বাহী কর্মকর্তা - সভাপতি
(২) সহকারী কমিশনার (ভূমি) - সদস্য
(৩) উপজেলা কৃষি কর্মকর্তা - সদস্য
(৪) উপজেলা মৎস্য কর্মকর্তা - সদস্য
(৫) উপজেলা সমবায় কর্মকর্তা - সদস্য
(৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - সদস্য
(৭) উপজেলা প্রকৌশলী - সদস্য সচিব

(খ) উপজেলা পর্যায়ের কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

(১) কমিটি প্রস্তাবিত জলমহালসমূহ সমবায় আইন অনুযায়ী নিবন্ধণকৃত পাবসস এর অনুকূলে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নীতিমালা অনুসরণে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী (নবায়নযোগ্য) বন্দোবস্ত প্রদানের সুপারিশ করবে।

(২) প্রকল্পের আওতায় বিদ্যমান জলাশয়সমূহের ব্যাপারে কমিটি ভূমি মন্ত্রণালয়ের জলমহাল নীতিমালার আলোকে পাবসস এর নিকট ইজারা/বন্দোবস্ত প্রদানের সুপারিশ করবে।

(৩) প্রকল্পের আওতায় সম্পূর্ণ নতুনভাবে উন্নীত জলমহাল (যে সকল জলমহাল ইতোপূর্বে কখনও ইজারা দেয়া হয়নি) এর ক্ষেত্রে কমিটি জলমহালের প্রকৃতি ও উৎপাদন ক্ষমতার ভিত্তিতে প্রথমবারের মত ইজারা মূল্য নির্ধারণ করবে। পরবর্তী মেয়াদের জন্য এই ইজারা মূল্য ভূমি মন্ত্রণালয়ের জলমহাল নীতিমালার আলোকে নির্ধারিত হবে।

(৪) কমিটি প্রয়োজন মোতাবেক বৈঠকে মিলিত হবে।

৩। জেলা পর্যায়ের কমিটি

(ক) ২০ একরের উর্দ্ধে আয়তন বিশিষ্ট জলমহাল ইজারা প্রদানের প্রস্তাবসমূহ নিম্নেবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটি বিবেচনা করবেনঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | - | সভাপতি |
| (২) | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | - | সদস্য |
| (৩) | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| (৪) | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | - | সদস্য |
| (৫) | জেলা মৎস্য কর্মকর্তা | - | সদস্য |
| (৬) | জেলা সমবায় কর্মকর্তা | - | সদস্য |
| (৭) | উপ-পরিচালক/সহকারী পরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর | | সদস্য |
| (৮) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য সচিব |

(খ) জেলা পর্যায়ের কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

(১) কমিটি প্রস্তাবিত জলমহালসমূহ সমবায় আইন অনুযায়ী নিবন্ধণকৃত পাবসস এর অনুকূ ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নীতিমালা অনুসরণে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী (নবায়নযোগ বন্দোবস্ত প্রদানের সুপারিশ করবে।

(২) প্রকল্পের আওতায় বিদ্যমান জলাশয়সমূহের ব্যাপারে কমিটি ভূমি মন্ত্রণালয়ের জলমহ নীতিমালার আলোকে পাবসস এর নিকট ইজারা/বন্দোবস্ত প্রদানের সুপারিশ করবে।

(৩) প্রকল্পের আওতায় সম্পূর্ণ নতুনভাবে উন্নীত জলমহাল (যে সকল জলমহাল ইতোপূ কখনও ইজারা দেয়া হয়নি) এর ক্ষেত্রে কমিটি জলমহালের প্রকৃতি ও উৎপাদন ক্ষমতা ভিত্তিতে প্রথমবারের মত ইজারা মূল্য নির্ধারণ করবে। পরবর্তী মেয়াদের জন্য এই ইজা মূল্য ভূমি মন্ত্রণালয়ের জলমহাল নীতিমালার আলোকে নির্ধারিত হবে।

(৪) কমিটি প্রয়োজন মোতাবেক বৈঠকে মিলিত হবে।

৪। আন্তঃমন্ত্রণালয় কমিটি

(ক) নিম্নেবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটি সমঝোতা স্মারক মোতাবেক ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্ন সেক্টর প্রকল্পের আওতাধীন জলমহালসমূহ ব্যবস্থাপনা কার্যক্রম সঠিক ভাবে বাস্তবায়ন মনিটর করবেন।

| | | | |
|---|---|---|---|
| (১) | যুগ্ম-সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| (২) | উপ-সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| (৩) | উপ-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | সদস্য |
| (৪) | উপ-সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫) | উপ-সচিব, (সায়রাত) ভূমি মন্ত্রণালয় | - | সদস্য |
| (৬) | উপ-প্রধান, ভূমি মন্ত্রনালয় | - | সদস্য |
| (৭) | যুগ্ম-নিবন্ধক, সমবায় অধিদপ্তর | - | সদস্য |
| (৮) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি সম্পদ ও পরিবেশ ব্যবস্থাপনা), এলজিইডি সদস্য সচিব | | |

(খ) আন্ত:মন্ত্রণালয়ের কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

(১) ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতাভুক্ত জলমহাল সমূহের বন্দোবস্ত যথাযথ ভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করবে, প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন করবে এবং নিয়মিত সরকারের (ভূমি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ) নিকট রিপোর্ট দাখিল করবে।

(২) প্রকল্পের আওতাভুক্ত জলমহালসমূহের আয় ও উৎপাদন সম্পর্কে পর্যালোচনা করবে এবং সরকারের (ভূমি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ) নিকট প্রতিবেদন দাখিল করবে।

(৩) প্রকল্পের আওতাভুক্ত জলমহালসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে সরকারের (ভূমি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ) নিকট যে কোন প্রস্তাব বা সুপারিশ পেশ করবে।

(৪) সমঝোতা স্মারক বাস্তবায়নের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ে বিদ্যমান "সরকারী জলমহল, বালু মহাল ও পাথর মহাল ব্যবস্থাপনা নীতিমালা" এর ক্ষেত্রে প্রাসঙ্গিক/সংশোধন/ পরিবর্তনের প্রয়োজন হলে সে ব্যাপারে সরকারের (ভূমি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ) নিকট প্রস্তাব পেশ করবে।

(৫) কমিটি প্রতি ছয় মাসে অন্তত: একবার বৈঠকে মিলিত হবে।

(৬) কমিটি প্রয়োজনবোধে অপর যে কোন কর্মকর্তাকে কো-অপট করতে পারবে।

৫। সংশ্লিষ্ট উপজেলার উপজেলা প্রকৌশলী সহকারী কমিশনার (ভূমি) এর সাথে আলোচনাক্রমে বন্যা নিয়ন্ত্রণ এবং কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ উন্নয়নের জন্য প্রকল্পের আওতাধীন উপ-প্রকল্প এলাকাহ্ জলমহালসমূহ চিহ্নিত করবেন এবং পাবসস এর অনুকূলে বন্দোবস্তের লক্ষ্যে ২০ একর পর্যন্ত জলমহালসমূহ উপজেলা পর্যায়ের কমিটির নিকট প্রস্তাব পেশ করবেন এবং ২০ একরের উর্দ্ধে আয়তন বিশিষ্ট জলমহালসমূহের বিবরণ এলজিইডি'র জেলা নির্বাহী প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। নির্বাহী প্রকৌশলী প্রয়োজনীয় যাচাই বাছাই পূর্বক পাবসস এর অনুকূলে জলমহালসমূহ ইজারা প্রদানের জন্য জেলা পর্যায়ের কমিটির নিকট প্রস্তাব পেশ করবেন।

৬। উপজেলা পর্যায়ের কমিটির সুপারিশের ভিত্তিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং জেলা পর্যায়ের কমিটি সুপারিশের ভিত্তিতে জেলা প্রশাসক পাবসস এর অনুকূলে জলমহালসমূহ ৫ (পাঁচ) বৎসর মেয়াদের জন্য (নবায়নযোগ্য) ইজারা প্রদান করবেন। তবে ইতোপূর্বে প্রদত্ত জলমহালসমূহের ইজারা নির্ধারিত মেয়াদ শেষ হওয়া পর্যন্ত বহাল থাকবে।

৭। ইজারা গ্রহীতা পাবসস ধার্যকৃত ইজারা মূল্য প্রতি বছর যথানিয়মে বন্দোবস্ত প্রাপ্তির ৩০ দিনের মধ্যে "জলমহাল ও পুকুর ইজারা (১/৪৬৩৪/০০০০/১২৬১) ভূমি রাজস্ব জলমহাল হইতে আয়" খাতে সরকারী কোষাগারে জমা প্রদান করবেন।

৮। ইজারা গ্রহীতা (পাবসস) ইজারা মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে ২০ একর পর্যন্ত জলমহালসমূহ উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ২০ একরের উর্দ্ধে আয়তন বিশিষ্ট জলমহালসমূহের ক্ষেত্রে জেলা প্রশাসক ইজারা গ্রহীতাকে কারণ দর্শানো সাপেক্ষে ইজারা বাতিল করতে পারবেন।

৯। ইজারা নবায়ন করা না হলে ইজারার মেয়াদ শেষ হবার সাথে সাথে ২০ একর পর্যন্ত জলমহালসমূহ উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ২০ একরের উর্দ্ধে আয়তনবিশিষ্ট জলমহালসমূহের ক্ষেত্রে জেলা প্রশাসক জলমহালের দখল গ্রহণ করবেন এবং ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নীতিমালা অনুসরণে পরবর্তী ব্যবস্থাদি গ্রহণ করবেন।

১০। ইজারা গ্রহীতা (পাবসস) বন্দোবস্ত জলমহাল প্রকল্প বহির্ভূত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করলে ২০ একর পর্যন্ত জলমহালসমূহ উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ২০ একরের উর্দ্ধে আয়তনবিশিষ্ট জলমহালসমূহের ক্ষেত্রে জেলা প্রশাসক ইজারা বাতিল করতে পারবেন।

১১। ইজারা গ্রহীতা (পাবসস) সৃষ্ট/উন্নীত জলাশয়সমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকবে এবং জলমহালের পরিসীমা বজায় রাখবেন ও তা সংরক্ষণ করবেন।

১২। ইজারা গ্রহীতা (পাবসস) বন্দোবস্তকৃত জলাশয়ে পানি নিষ্কাশন ও পানি সংরক্ষণসহ বন্যা ব্যবস্থাপনা, কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করবেন। তবে জনসাধারণ গার্হস্থ্য প্রয়োজনে জলমহালসমূহের পানি ব্যবহার করতে পারবে।

১৩। এই আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা অনতি বিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(শরীফ তৈয়বুর রহমান) ৩০/১০/০২
যুগ্ম সচিব (প্রশাসন)
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং-ভূঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২- ৫১১/১(১১), তারিখ: ৩০/১০/২০০২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ।
৫। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(বদরুদ্দিন আহমেদ)
সহকারী সচিব
ফোনঃ ৮৬১৩৬৪০-৯/৩৫৬৬

স্মারক নং-ভূঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২- ৫১১/২(১৪২৭), তারিখ: ৩০/১০/২০০২ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। জেলা প্রশাসক (সকল), জেলা: ..................................।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) (সকল), জেলা: ......................................
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), উপজেলা; ..........................., জেলা: ........................
৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সকল), জেলা: ................................
৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি (সকল), উপজেলা: ........................ জেলা: ..................

৩০/১০/০২
(বদরুদ্দিন আহমেদ)
সহকারী সচিব
ফোনঃ ৮৬১৩৬৪০-৯/৩৫৬৬

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর**
দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি ভবন (লেভেল-১১), আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ/প্রপ/উঃপ্রঃহস্তান্তরঃ-০১/২০০০/২২৮০ তারিখ ৩০-১১-২০০২

প্রতি,
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি
জেলা --------------------- ।

**বিষয়: ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়িত উপ-প্রকল্প হস্তান্তর প্রক্রিয়া।**

প্রথম ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় ইতিমধ্যে ২৮০টি উপ-প্রকল্প বাস্তবায়িত হয়েছে। এই উপ-প্রকল্পগুলির মধ্যে ১৩৪টি উপ প্রকল্প পাবসস এর নিকট হস্তান্তর করা হয়েছে এবং বাকিগুলি হস্তান্তরের অপেক্ষায় রয়েছে। এছাড়া দ্বিতীয় প্রকল্পের অধীনে আরও ৩০০টি উপ-প্রকল্প বাস্তবায়িত হবে। সমাপ্তির পর যথাসময়ে এসব উপ-প্রকল্পও পাবসস এর নিকট হস্তান্তর করা হবে। সমাপ্ত উপ-প্রকল্প পাবসস এর নিকট হস্তান্তর করার ব্যাপারে ক্ষেত্রান্তরে কিছু গরমিল লক্ষ্য করা গেছে।

এরূপ অবস্থার নিরসনের জন্য একটি সম্মত প্রক্রিয়া নির্ধারন করা হয়েছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পে উপকারভোগী জনগনের অংশগ্রহণ প্রকল্পের প্রধান বৈশিষ্ট্য। কারণ বাস্তবায়িত উপ প্রকল্পের মালিকানা কার্যত উপকারভোগীদেরকেই হস্তান্তর করা হয়ে থাকে এবং উপকারভোগী জনগণই এই উপ-প্রকল্প রক্ষণাবেক্ষণ করে থাকে। তাই নীতিগতভাবে উপ-প্রকল্প হস্তান্তর প্রক্রিয়ার বিষয়টিও অংশগ্রহণের ভিত্তিতে সম্পাদিত হওয়া একান্ত বাঞ্ছনীয়।

উপরোক্ত দৃষ্টিকোন থেকে এখন হতে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়িত উপ-প্রকল্প হস্তান্তরের ক্ষেত্রে নিম্ন বর্নিত প্রক্রিয়া অনুসরন করা হবে:

১। উপ-প্রকল্প সমাপ্তি এবং যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন:

হস্তান্তরের প্রক্রিয়া শুরু করার পূর্বে নিশ্চিত করতে হবে যে, এলজিইডি (উপজেলা প্রকৌশলী) ও পাবসস এক বছরের যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন কাজ সম্পন্ন করেছে। এ উদ্দেশ্যে উপ-প্রকল্পের অবকাঠামোসমূহের সন্তোষজনক নির্মান সমাপ্তির পর নির্বাহী প্রকৌশলী এক বছরের যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন সম্পর্কিত একটি আদেশ জারী করবেন। এই আদেশে তিনি উপজেলা প্রকৌশলী এবং পাবসস এর পরিচালনা ও রক্ষনাবেক্ষন উপ-কমিটির দায়িত্ব স্পষ্টভাবে নির্ধারন করে দিবেন এবং কখন এই যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন এর মেয়াদ শেষ হবে তা উল্লেখ করবেন। উপজেলা প্রকৌশলীর দায়ীত্বের মধ্যে পরিচালনা ও রক্ষনাবেক্ষন উপ-কমিটি গঠন, প্রশিক্ষন, পরিচালনা ও রক্ষনাবেক্ষন বাজেট প্রনয়ন, ও তহবিল সংগ্রহ করা বিষয়সমূহ বিশেষভাবে অন্তর্ভুক্ত থাকবে।



ADTA>Letter MF

উল্লেখ্য যে, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়িত উপ-প্রকল্পের নির্মান কাজ সম্পূর্নভা সমাপ্তির পর যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত কোন উপ-প্রকল্প হস্তান্তরযোগ্য বিবেচি হবেনা।

২। হস্তান্তর-পূর্ব যৌথ পরিদর্শন:

যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন এর মেয়াদ শেষে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, উপজেলা প্রকৌশ রক্ষণাবেক্ষণ উপকমিটি এবং পাবসস নেতৃবৃন্দ উপ-প্রকল্পে নির্মিত অবকাঠামোসমূহের সরেজমিনে পরিদর্শন করবে অত:পর কমিটি উপজেলা পর্যায়ে একটি সভায় মিলিত হয়ে উপ-প্রকল্প হস্তান্তর সম্পর্কিত বিষয়সমূহ আলোচনা কর এবং হস্তান্তরের জন্য প্রয়োজনীয় শর্তসমূহ সন্তোষজনকভাবে পূরন হয়েছে মর্মে একমত হয়ে সুপারিশ প্রনয়ন করবে যৌথ কমিটির এই সুপারিশের ভিত্তিতে উপ-প্রকল্প হস্তান্তর প্রক্রিয়ার চূড়ান্ত পদক্ষেপ গ্রহন করা হবে।

৩। হস্তান্তর অনুষ্ঠান:

উপ-প্রকল্প হস্তান্তর প্রক্রিয়ার চূড়ান্ত পর্ব সম্পন্ন হবে একটি গন-অনুষ্ঠানের মাধ্যমে। এই অনুষ্ঠানের আয়োজক হ পাবসস। এলজিইডি এ ব্যাপারে পাবসসকে সকল সহায়তা প্রদান করবে। এই অনুষ্ঠানে স্থানীয় মাননীয় সংসদ সদ বা জেলা প্রশাসক বা কোন গন্যমান্য ব্যক্তিকে প্রধান অতিথি হিসাবে আমন্ত্রন করা যেতে পারে। সে সংগে ক্ষুদ্রাক পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের সাথে সম্পৃক্ত কৃষি, সমবায়, মৎস্য, ভূমি প্রশাসন, পানি উন্নয়ন বোর্ড ইত্যা সরকারী এজেন্সিসমূহের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগন এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে আমন্ত্র জানাতে হবে। গন-অনুষ্ঠানে যাতে পাবসস এর সাধারন সদস্যগন স্বত:স্ফুর্তভাবে হাজির হতে পারেন, তা পাবস নিশ্চিত করবে। উক্ত অনুষ্ঠানের সময়সূচী প্রকল্প সদর দপ্তরে যথারীতি অবহিত করতে হবে। উল্লেখ্য যে, বর্তমানে হ ন্তরের অপেক্ষাধীন সব উপ- প্রকল্পের ক্ষেত্রেও উপরোক্ত প্রক্রিয়া প্রযোজ্য হবে।

এমতাবস্থায় এখন থেকে প্রথম ও দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়িত উ প্রকল্পসমূহ হস্তান্তরের ব্যাপারে বর্নিত প্রক্রিয়া যথাযথভাবে অনুসরন করার জন্য অনুরোধ করা হল। এ ব্যাপা গৃহীত পদক্ষেপ সম্পর্কে প্রকল্প সদর দপ্তরে যথারীতি অবহিত নিশ্চিত করতে হবে।

৩০/১/০৫

(মো: নুরুল ইসলাম)
প্রকল্প পরিচালক
ফোন: ৯১২৭৪১১

অনুলিপি:

১. তত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, .................... অঞ্চল, জেলা ................।
২. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা.................... , জেলা......................।
৩. সোসিও-ইকোনমিষ্ট/সহ: প্রকৌশলী, এসএসডব্লিউআরডিএসপি-২, জেলা ................................।
৪. টিম লিডার, এডিটিএ, এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা।
৫. সভাপতি/সম্পাদক ..........................পাবসস লি:, উপজেলা ..................., জেলা...............।

নমুনা কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জেলাঃ ........................

নং- এলজিইডি/ তারিখঃ

# অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীন ...................... জেলার ...................... উপজেলাধীন সদ্য সমাপ্তকৃত ............................................. উপ-প্রকল্পের অবকাঠামোসমূহের আগামী এক বৎসর (............................ হইতে .......................... তারিখ পর্যন্ত) যৌথ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক মহোদয়ের স্মারক নং- এলজিইডি/ এসএসডব্লিউ-২/ প্রপ/এম-১৭/২০০৩/২৪৬৫, তারিখঃ ২৭-০৭-২০০৫ইং মূলে আদিষ্ট হইয়া উপজেলা প্রকৌশলী ও ...................... পাবসস লিঃ কে নির্দেশ প্রদান করা হইল। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করার দায়িত্ব সমূহ পরিশিষ্ট-ক ও খ-তে সংযুক্ত করা হইল।

এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ........................

নং- এলজিইডি/ তারিখঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ................অঞ্চল, ................
৪। প্রকল্প পরিচালক, দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, আরডিইসি ভবন (লেভেল-৫), আগারগাঁও, ঢাকা।

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ..........................

নং- এলজিইডি/ তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ .............................. জেলাঃ .........................
২। সভাপতি/সেক্রেটারী. .................................... পাবসস লিঃ, উপজেলাঃ ............, জেলাঃ ............

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ..........................

AC\SSW-2\Office Order.doc

## পরিশিষ্ট "ক"

## (এফএমডি এবং ডব্লিউসি/ড্রেনেজ/ক্যাড/ডব্লিউসিএস/এফএমডি উপ-প্রকল্পে)

উপজেলা প্রকৌশলীর দায়িত্ব নিম্নরূপঃ

১। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি গঠন।
২। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটির প্রশিক্ষণ নিশ্চিত করা।
৩। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বাজেট প্রণয়ন ও তহবিল সংগ্রহসহ কারিগরী ব্যাপারে পাবসস-কে সহায়তা করা।

## পরিশিষ্ট "খ"

পানি ব্যবস্থাপনা সমিতির দায়িত্ব নিম্নরূপঃ

১। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি গঠন।
২। প্রতি বৎসর বর্ষা শেষে ও বর্ষা আরম্ভের পূর্বে অবকাঠামো সরেজমিনে পরিদর্শন করা।
৩। রক্ষণাবেক্ষণ প্ল্যান প্রণয়ন ও বাজেট নির্ধারণ করা।
৪। বাজেটে রুটিন ও জরুরী কাজ চিহ্নিত করা।
৫। বাৎসরিক নিয়মিত ও ছোটখাটো জরুরী রক্ষণাবেক্ষণের স্বার্থে তহবিল উত্তোলনের ব্যবস্থা করা।
৬। রক্ষণাবেক্ষণের কাজ যাতে যথাসময়ে সমাপ্ত করা যায় সে বিষয়ে দৃষ্টি রাখা।
৭। প্রতিটি উপ-প্রকল্পে তহবিল উত্তোলনের কি কি উৎস আছে তা চিহ্নিত করা।
৮। পরবর্তীতে যে সব রক্ষণাবেক্ষণ কাজ সরকারী তহবিল থেকে করা হবে তা সুষ্ঠুভাবে হচ্ছে কিনা সে পর্যবেক্ষণের কাজ করা।
৯। স্বেচ্ছাশ্রমে আগাছা, পলি ও কচুরিপানা অপসারণের উদ্যেগ গ্রহণ করা।
১০। পাবসসের তহবিল থেকে যে সকল রক্ষণাবেক্ষণের কাজ করা হয়েছে সমাপ্তির পর তা বিশেষ সভায় উপস্থ যাতে উপকারভোগীগণ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যাপারে সম্পৃক্ত হতে পারে।
১১। ক্ষুদ্র ঋণ ও লাভজনক কার্যক্রম থেকে লাভের অংশ যাতে ওএন্ডএম তহবিলে জমা দেওয়া হয় তার ব্যবস্থা
১২। মাসিক সভার এজান্ডতে ওএন্ডএম সম্পর্কে আলোচনা অন্তর্ভূক্ত করা।
১৩। সেচের পানি সরবরাহের সময় উপকারভোগীদের মাঝে দ্বন্দ্ব হলে তা নিরসনের লক্ষ্যে বিশেষ সভার ব্যবস্থা
১৪। জরুরী রক্ষণাবেক্ষণের স্বার্থে এলজিইডির সাথে যোগাযোগ করা।
১৫। প্রতি বৎসর মে মাসের শেষে এলজিইডির নিকট তহবিল উত্তোলন, রক্ষণাবেক্ষণ ব্যয়, সেচ্ছাশ্রমের সমতুল্য হস্তে মজুদ তহবিল সম্পর্কিত তথ্য পাঠানোর ব্যবস্থা করা।
১৬। নিরাপত্তা প্রহরী নিয়োগ করা সহ কর্তৃপক্ষকে নিরাপত্তা প্রহরী সম্পর্কে বিস্তারিত অবহিত করা (প্রয়োজনীয়
১৭। রেগুলেটর/চেক স্ট্রাকচারসহ অন্যান্য অবকাঠামোর গেটসমূহ এবং যে সব পার্টস ব্যবহার হয়েছে সেগুলে নিরাপত্তার দায়িত্ব নিশ্চিত করা (প্রয়োজনীয় ক্ষেত্রে)।
১৮। উপ-প্রকল্পে পানি সংরক্ষণের ব্যবস্থা, উপ-প্রকল্প পরিচালনা ক্যালেন্ডার করা এবং পানির চাহিদার সময় করা ও সে মোতাবেক গেট পরিচালনা করা (প্রয়োজনীয় ক্ষেত্রে)।
১৯। পাম্প অপারেটর নিয়োগ করা (প্রয়োজনীয় ক্ষেত্রে)।
২০। পাম্প পরিচালনার সময় পানি সমতল রেজিষ্টারে লিপিবদ্ধ করা (প্রয়োজনীয় ক্ষেত্রে)।
২১। রাবার ব্যাগ যথাসময়ে Inflated ও Deflated করা (প্রয়োজনীয় ক্ষেত্রে)।

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদ
জেলাঃ ........................

চুড়ান্ত খসড়া

# হস্তান্তর চুক্তিনামা

.............................................................. উপ-প্রকল্প বাস্তবায়ন চুক্তিনামা নিম্নেবর্ণিত পক্ষদ্বয়ের মধ্যে অদ্য .............১৪০.... বঙ্গাব্দ/...................... ২০০........ খ্রীষ্টাব্দ সম্পাদিত হইল।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সংক্ষেপে "এলজিইডি") এর পক্ষে পদাধিকার বলে এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী .................. (তিনি নিজে বা তাহার স্থলে পদায়িত কোন কর্মকর্তা বা যথাযথ ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি যখন যেইভাবে প্রযোজ্য) অত:পর হস্তান্তরকারী হিসাবে বিবেচিত প্রথম পক্ষ।

এবং

.......................... জেলার অন্তর্গত ............... উপজেলার ............... ইউনিয়নের অধীন ............ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির (সংক্ষেপে "পাবসস") এর পক্ষে পদাধিকার বলে পাবসস এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি ................. (তিনি নিজে বা যথাযথ ক্ষমতাপ্রাপ্ত কোন প্রতিনিধি বা স্থলাভিষিক্ত ব্যক্তি যখন যেইভাবে প্রযোজ্য) অত:পর গ্রহণকারী হিসাবে বিবেচিত দ্বিতীয় পক্ষ।

যেহেতু এলজিইডি ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের মাধ্যমে ভৌত অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত;

যেহেতু এলজিইডি প্রযুক্তিগত দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগাইয়া তফসিল-১ এ বর্ণিত উপ-প্রকল্পের আওতায় তফসিল-২ এ বর্ণিত ভৌত অবকাঠামো সমূহের নির্মাণ কাজ সম্পন্ন করিয়াছে; এবং

যেহেতু স্থানীয় জনসমষ্টি তথা উপ-প্রকল্পের সুবিধা সুফলভোগীগণ একটি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিতে সংগঠিত হইয়াছে এবং উপ-প্রকল্পের অধীনে নির্মিত অবকাঠামোসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বাবদ মোট টাকা .............ব্যাংক হিসাবে জমা দিয়াছে এবং নির্মিত ভৌত অবকাঠামো সমুহ ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণে সম্মত হইয়াছে;

সেহেতু উভয় পক্ষ বর্ণিত উপ-প্রকল্পের অধীনে নির্মিত ভৌত অবকাঠামো সমূহ পাবসস-এর নিকট হস্তান্তরের ব্যাপারে নিম্নলিখিত শর্তসম্বলিত চুক্তিনামা স্বাক্ষরে সম্মত হইল।

## এলজিইডি'র দায়িত্ব ও কর্তব্য

দফা-১ অত্র হস্তান্তর দলিলে অন্তর্ভুক্ত এবং সংযোজিত তফসিল ১, ২ ও ৩ মোতাবেক উপ-প্রকল্পের সকল ভৌত অবকাঠামো প্রথম পক্ষ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির সদস্যদের ব্যবহারের জন্যে দ্বিতীয় পক্ষের নিকট হস্তান্তর করিবে।

দফা-২ ভৌত অবকাঠামো সমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ব্যাপারে প্রথম পক্ষ পাবসসের ব্যবস্থাপনা কমিটি ও পরবর্তীতে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করিবে।

দফা-৩ বন্যা, ঝড়, জলোচ্ছাস প্রভৃতি কারণে ক্ষতিগ্রস্থ বাঁধ বা কাঠামোর বড় ধরনের মেরামতের প্রয়োজন হইলে প্রথম পক্ষ ক্ষতিগ্রস্থ ভৌত অবকাঠামো সমূহ পুনর্বাসন ও মেরামতের ব্যবস্থা করিবে।

দফা-৪ রক্ষণাবেক্ষণ সম্পর্কিত বাৎসরিক পরিদর্শন, রক্ষণাবেক্ষণের প্রয়োজন নিরূপন, রক্ষণাবেক্ষণ পরিকল্পনা নকসা প্রণয়ন, বিভিন্ন যন্ত্রপাতির ব্যবহার ইত্যাদির জন্য প্রয়োজন অনুসারে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষ কারিগরী পরামর্শ ও সহায়তা প্রদান করিবে।

## পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি এর দায়িত্ব ও কর্তব্য

দফা-৫ দ্বিতীয় পক্ষ তাহাদের সুফলভোগী সদস্যদের পক্ষে তফসিল ২ এ বর্ণিত ভৌত অবকাঠামোসমূহ এই চু মূলে ব্যবহারের অধিকারী হইবে এবং চুক্তি মোতাবেক পুরো সময় উপ-প্রকল্প অবকাঠামোর পরিচালন রক্ষণাবেক্ষণের সার্বিক দায়িত্ব পালন করিবে।

দফা-৬ দ্বিতীয় পক্ষ 'তফসিল-২' এ বর্ণিত সকল ভৌত অবকাঠামো সমূহের মৌসুমী ও বর্ষা পরবর্তী বি রক্ষণাবেক্ষণ করিবে।

দফা-৭ রক্ষণাবেক্ষণের যাবতীয় কার্যাদি সম্পন্ন করিবার জন্য দ্বিতীয় পক্ষ মহিলা সদস্যসহ 'পরিচালনা রক্ষণাবেক্ষণ উপ-কমিটি' নামে একটি কমিটি গঠন করিবে।

দফা-৮ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি দ্বিতীয় পক্ষ তথা পাবসসের ব্যবস্থাপনা কমিটির পক্ষে নিম্নলি কার্যসমূহের পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ণ করিবে।

(ক) অবকাঠামোসমূহ নিয়মিত পরিদর্শনের একটি কর্মসূচী তৈরীকরত: ঐ পরিদর্শন অভিজ্ঞতার ভিত্তি প্রতিকারমূলক রক্ষণাবেক্ষণের পদক্ষেপ গ্রহণ করা।

(খ) অবকাঠামো সমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য নির্দেশিকা মোতাবেক একটি পরিচালন রক্ষণাবেক্ষণ পরিকল্পনা প্রণয়ন, উক্ত পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ সংস্থান এবং এই ল একটি বাজেট প্রণয়ন।

(গ) পরিকল্পনা প্রণয়নের সময় বিভিন্ন মৌসুমের গুরুত্বপূর্ণ সময়ে প্রয়োজন অনুযায়ী পানির প্রবা উচ্চতা নিয়ন্ত্রণ এবং ভৌত অবকাঠামো সমূহের সঠিক ব্যবহার ও পরিচালনা নিশ্চিত করা।

(ঘ) প্রতি বৎসর বর্ষা শেষে অবকাঠামো সমূহ মেরামতের প্রয়োজন নিরূপণ করা।

(ঙ) সুফলভোগীদের নিকট হইতে নগদ অর্থ, উৎপন্ন ফসল সংগ্রহ, স্বেচ্ছা শ্রমদানসহ অন্যান্য প্রয়ো সুবিধাজনক ব্যবস্থা অবলম্বন করিয়া রক্ষণাবেক্ষণ পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় স সংগ্রহের একটি বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করা।

দফা-৯ দ্বিতীয় পক্ষ পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্যে সংগৃহীত তহবিল পাবসস ও উপজেলা প্রকৌশলী ব্যাংক এ্যাকাউন্টে জমা করিবে এবং শুধুমাত্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে এই অর্থের ব্যবহার সী রাখিবে।

দফা-১০ দ্বিতীয় পক্ষ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কর্ম সম্পাদনের জন্যে খন্ডকালীন বা পূর্ণকালীন এক বা এক 'পরিচালনা ও রক্ষণাবেক্ষণ' সহকারী নিয়োগ করিবে এবং পাবসস এই কর্মচারীর সকল ব্যয়ভার করিবে।

দফা-১১ দ্বিতীয় পক্ষ মাটির কাজসহ অন্যান্য সকল প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কাজে এবং বৃক্ষরোপন কার্য উপ-প্রকল্প এলাকার দরিদ্র ও দুঃস্থ মহিলাদের নিয়োগ নিশ্চিত করিবে।

## বিবিধ শর্তসমূহ

দফা-১২ এই চুক্তিনামায় অনুল্লেখিত বিষয়সমূহ প্রকল্পের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নির্দেশিকাসহ অন্যান্য দলিলপত্রাদি ও প্রকল্পের বিধি বিধান সমূহ এই চুক্তির অংশ হিসাবে গণ্য হইবে এবং প্রথম ও দ্বিতীয় পক্ষ ঐ সব নির্দেশিকা ও বিধি বিধানসমূহ বাধ্যতামূলকভাবে মানিয়া চলিবে। দ্বিতীয় পক্ষ তথা পাবসসের ব্যবস্থাপনা কমিটি বা কমিটির কোন সদস্যের পরিবর্তন কিংবা পাবসসের সভাপতি/সম্পাদক পরিবর্তনের কারণে চুক্তিপত্রের কোন পরিবর্তন হইবে না। অর্থাৎ ব্যক্তির পরিবর্তন ঘটিলেও চুক্তিনামা অপরিবর্তীত থাকিবে এবং ইহার শর্তসমূহ একইরূপ বলবৎ থাকিবে।

## বিরোধ নিস্পত্তি

দফা-১৩ এই বাস্তবায়ন চুক্তিনামা স্বাক্ষরকারী কোন একটি পক্ষ যদি মনে করে যে অন্য পক্ষ চুক্তির কোন বিশেষ শর্ত বা শর্তাবলী ভঙ্গ বা বরখেলাপ করিয়াছে তখন ক্ষতিগ্রস্থ বা সংক্ষুব্ধ পক্ষ প্রথমে উভয় পক্ষের মধ্যে সরসরি আলাপ আলোচনার মাধ্যমে বিষয়টি নিস্পত্তির উদ্যোগ নিবে। যদি আলাপ আলোচনার মাধ্যমে নিস্পত্তি না হয় তাহলে তফসিল-৪ এ বর্ণিত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ইস্যুকৃত প্রজ্ঞাপন নং প্র:অ:-২/পানি-৫/২০০১/৪১৮(২৩৬৭), তারিখ: ২৩-০৪-২০০২ইং মোতাবেক গঠিত দ্বন্দ্ব নিরসন কমিটি বিরোধ নিস্পত্তি করিবে। এই কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হবে।

পক্ষদ্বয় নিম্নলিখিত সাক্ষীর উপস্থিতিতে উপরে উল্লেখিত তারিখে চুক্তিনামা স্বাক্ষর করিলেন।

| | |
|---|---|
| এলজিইডি'র পক্ষে | পাবসসের পক্ষে |
| নির্বাহী প্রকৌশলী | সভাপতি |
| সাক্ষী | সাক্ষী |
| উপজেলা প্রকৌশলী | সম্পাদক |

## উপ-প্রকল্প বিবরণ

১। উপ-প্রকল্পের নাম ঃ

২। উপ-প্রকল্প নম্বর ঃ

৩। অবস্থান ঃ ইউনিয়ন ঃ
উপজেলা ঃ
জেলা ঃ

৪। পাবসসের নাম ঃ

৫। পাবসসের রেজিষ্ট্রেশন নং ঃ

৬। উপ-প্রকল্প এলাকা ঃ মোট এলাকা (হেক্টর) ঃ
উপকৃত এলাকা (হেক্টর) ঃ

৭। উপ-প্রকল্প ভৌত অবকাঠামো সমূহের নির্মাণ কাজ আরম্ভের তারিখঃ

৮। উপ-প্রকল্প ভৌত অবকাঠামো সমূহের নির্মাণ কাজ সমাপ্তির তারিখ ঃ

তফসিল-২

# ভৌত অবকাঠামোর বিস্তারিত বিবরণী

| ক্রমিক নং | অবকাঠামোর নাম | অবকাঠামোর অবস্থান (মৌজার নাম, দাগ নং ইত্যাদি) |
|---|---|---|
| ১। | খাল-১ | |
| ২। | খাল-২ | |
| ৩। | জলাভূমি-১ | |
| ৪। | বাঁধ-১ | |
| ৫। | বাঁধ-২ | |
| ৬। | বাঁধ-৩ | |
| ৭। | স্লুইস গেইট-১ | |
| ৮। | স্লুইস গেইট-২ | |
| ৯। | স্লুইস গেইট-৩ | |
| ১০। | স্লুইস গেইট-৪ | |
| ১১। | কালভার্ট-১ | |
| ১২। | কালভার্ট-২ | |
| ১৩। | কালভার্ট-৩ | |
| ১৪। | অন্যান্য-১ | |
| ১৫। | অন্যান্য-২ | |

তফসিল-২

# ভৌত অবকাঠামোর বিস্তারিত বিবরণী

| ক্রমিক নং | অবকাঠামোর নাম | অবকাঠামোর অবস্থান (মৌজার নাম, দাগ নং ইত্যাদি) |
|---|---|---|
| ১। | খাল-১ | |
| ২। | খাল-২ | |
| ৩। | জলাভূমি-১ | |
| ৪। | বাঁধ-১ | |
| ৫। | বাঁধ-২ | |
| ৬। | বাঁধ-৩ | |
| ৭। | স্লুইস গেইট-১ | |
| ৮। | স্লুইস গেইট-২ | |
| ৯। | স্লুইস গেইট-৩ | |
| ১০। | স্লুইস গেইট-৪ | |
| ১১। | কালভার্ট-১ | |
| ১২। | কালভার্ট-২ | |
| ১৩। | কালভার্ট-৩ | |
| ১৪। | অন্যান্য-১ | |
| ১৫। | অন্যান্য-২ | |

তফসিল

## অবকাঠামো স্থান নির্দেশসহ উপ-প্রকল্প মানচিত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
৯/ডি মতিঝিল বা/এ, ঢাকা ১০০০।

অফিস আদেশ

নং ৯৯৭ তারিখঃ ২২/০৫/০৩

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের [illegible]ক্রমে ১ম পর্যায়ের প্রকল্পের অনুরূপ সমবায় অধিদপ্তরকে সম্পৃক্ত করা হয়েছে এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও সমবায় অধিদপ্তরের মধ্যে এ বিষয়ে ২২/০৪/২০০৩ তারিখে একটি "সমঝোতা স্মারক" স্বাক্ষরিত হয়েছে (কপি [illegible])। প্রকল্পটি সারা বাংলাদেশে ৬১ টি জেলায় বাস্তবায়িত হবে। প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে পানি ব্যবস্থাপনা সমবায় [illegible] (পাবসস) এর নিবন্ধন, অডিট, নিয়মিত তদারকী, আইনানুগ সকল কার্যক্রম পরিচালনা, প্রকল্পের সাথে সম্পৃক্ত [illegible] ও বেসরকারী সংস্থার কর্মকর্তা/ কর্মচারী এবং পাবসস এর কর্মকর্তা/ কর্মচারী, সদস্য ও উপকারভোগীদের [illegible] ইত্যাদি ক্ষেত্রে অত্র দপ্তরকে সম্পৃক্ত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল কার্যক্রমে সক্রিয় অংশ গ্রহন, সহযোগিতা প্রদান এবং প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহনের জন্য মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের নির্দেশ প্রদান করা হ'ল।

২২.৫.২০০৩

(মোঃ আশরাফ আলী)
নিবন্ধক
সমবায় অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৪৫৯৫।

স্মারক নং ০২/ ২০০০- সম্প্রসারন (অংশ নথি)/ ১৯৭/১(৫৭৬) তারিখঃ ২২/০৫/০৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ-

১। উপজেলা সমবায় অফিসার (সকল) .......................................।
২। জেলা সমবায় অফিসার (সকল) .............................................।
৩। অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট (সকল) ...............................।
৪। উপ-নিবন্ধক (সকল) .................................।
যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/ খুলনা।
৫। যুগ্ম-নিবন্ধক, সদর কার্যালয় (সকল).................................../ উপাধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ী কুমিল্লা।
৬। প্রকল্প পরিচালক, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন ও মাঃ সঃ উঃ)/ (ইপিপি)/ (সমিতি, নিরীক্ষা ও আইন) সমবায় অধিদপ্তর, ঢাকা/ অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঢাকা।
১০। জনাব মোঃ ফয়েজউল্লা, অংশগ্রহনমূলক উন্নয়ন বিশেষজ্ঞ, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১১। একান্ত সচিব, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সরকার, ঢাকা। সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য।

২২/৫/০৩

(মোঃ মামুনুর রশিদ)
যুগ্ম-নিবন্ধক (ইপিপি)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
৯/ডি মতিঝিল বা/এ, ঢাকা ১০০০।

## অফিস আদেশ

নং ৯১৭ তারিখঃ ২২/০৫/০৩

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পে ধারাবাহিকভাবে ১ম পর্যায়ের প্রকল্পের অনুরূপ সমবায় অধিদপ্তরকে সম্পৃক্ত করা হয়েছে এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও সমবায় অধিদপ্তরের মধ্যে এ বিষয়ে ২২/০৪/২০০৩ তারিখে একটি "সমঝোতা স্মারক" স্বাক্ষরিত হয়েছে (কপি সংযুক্ত)। প্রকল্পটি সারা বাংলাদেশে ৬১ টি জেলায় বাস্তবায়িত হবে। প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) এর নিবন্ধন, অডিট, নিয়মিত তদারকী, আইনানুগ সকল কার্যক্রম পরিচালনা, প্রকল্পের সাথে সম্পৃক্ত সরকারী ও বেসরকারী সংস্থার কর্মকর্তা/ কর্মচারী এবং পাবসস এর কর্মকর্তা/ কর্মচারী, সদস্য ও উপকারভোগীদের প্রশিক্ষণ ইত্যাদি ক্ষেত্রে অত্র দপ্তরকে সম্পৃক্ত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল কার্যক্রমে সক্রিয় অংশ গ্রহণ, সহযোগিতা প্রদান এবং প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের নির্দেশ প্রদান করা হ'ল।

২২.৫.২০০৩
(মোঃ আশরাফ আলী)
নিবন্ধক
সমবায় অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৪৫৯৫।

স্মারক নং ০২/ ২০০০- সম্প্রসারণ (অংশ নথি)/ ১১৭/১(৫৭৬) তারিখঃ ২২/০৫/০৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ-

১। উপজেলা সমবায় অফিসার (সকল) ......................................।
২। জেলা সমবায় অফিসার (সকল) ............................................।
৩। অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট (সকল) ................................।
৪। উপ-নিবন্ধক (সকল) .................................।
যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/ খুলনা।
৫। যুগ্ম-নিবন্ধক, সদর কার্যালয় (সকল)................................../ উপাধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ী কুমিল্লা।
৬। প্রকল্প পরিচালক, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন ও মাঃ সঃ উঃ)/ (ইপিপি)/ (সমিতি, নিরীক্ষা ও আইন) সমবায় অধিদপ্তর, ঢাকা/ অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঢাকা।
১০। জনাব মোঃ ফয়েজউল্লা, অংশগ্রহণমূলক উন্নয়ন বিশেষজ্ঞ, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১১। একান্ত সচিব, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সরকার, ঢাকা। সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য।

২২/৫/০৩
(মোঃ মামুনুর রশিদ)
যুগ্ম-নিবন্ধক (ইপিপি)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
৯/ডি মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

## সার্কুলার

নং-১৫২ - সম্প্র/সার্কু

তারিখঃ ১২/৬/০

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রথম ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের মেয়া সমাপ্ত হওয়ায় উক্ত প্রকল্পের আওতায় নির্মিত ২৮০টি উপ-প্রকল্পের ভৌত অবকাঠামো ও আর্থিক দায়-দায়িত্ব স্থানী সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ২৮০টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) এর নিকট হস্তান্তর ক হয়েছে। ফলে উক্ত সমবায় সমিতি সমূহের সার্বিক কার্যক্রম সমবায় অধিদপ্তরের উপর অর্পিত হয়েছে। এতে করে উ সমবায় সমিতি সমূহের নিয়মিত ও ধারাবাহিক পরিদর্শন/ তদারকি, অডিট সম্পাদন, আইনানুগ সকল ব্যবস্থা গ্রহ ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা সমবায় অধিদপ্তরের অন্যতম দায়িত্ব ও কর্তব্য।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্ট কল্পের আওতায় গঠিত ২৮০টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত ও ধারাবাহিক পরিদর্শন/ তদারকি আর্থিক বছর সমাপ্তির প্রথম ৬ (ছয়) মাসের মধ্যেই সকল সমিতির বার্ষিক বিধিবদ্ধ অডিট সম্পাদন এবং সমিতি কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হ'ল।

(মোঃ আশরাফ আলী)
নিবন্ধক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬৪০৯৫।

স্মারক নং ০২/২০০৩সম্প্রসারন (অংশ-১)/৯৫২/১(৫৬)

তারিখঃ ১২.৬/০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১। উপজেলা সমবায় অফিসার (সকল)........................................।
২। জেলা সমবায় অফিসার (সকল) ........................................।
৩। অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট (সকল) ........................................।
৪। উপ-নিবন্ধক (সকল) ........................................।
৫। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/ খুলনা।
৬। যুগ্ম-নিবন্ধক, সদর কার্যালয় (সকল) ........................................./ উপাধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ী, কুমিল্লা।
৭। প্রকল্প পরিচালক, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৮। অতিরিক্ত নিবন্ধক, (প্রশাসন ও মাঃ সঃ উঃ)/ (হেপিপি)/ (সমিতি, নিরীক্ষা ও আইন), সমবায় অধিদপ্তর, ঢাক অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
৯। প্রধান প্রকৌশল, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১০। জনাব মোঃ ফয়েজউল্লা, অংশগ্রহনমূলক উন্নয়ন বিশেষজ্ঞ, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১১। একান্ত সচিব, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সরকার, ঢাকা। সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য।

(মোঃ হারুনুর রশিদ)
যুগ্ম-নিবন্ধক (হেপি)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৭

নং-ভূঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২/ ৪৮৮ তারিখঃ ৩১.০৮.২০০৩ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়ঃ** স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ এলজিইডি কর্তৃক বাস্তবায়িত ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় উন্নীত/উন্নয়নাধীন জলাশয় সমূহ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) এর অনুকূলে ন্যস্তকরণ প্রসঙ্গে।

**সূত্রঃ** ১৬-০৭-২০০৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভার সিদ্ধান্ত।

উপরোক্ত বিষয়ে সূত্রে উল্লেখিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ ও ভূমি মন্ত্রণালয়ের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের আলোকে ভূমি মন্ত্রণালয়ের ৩০-১০-২০০২ তারিখের ভূঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২/৫১১ নং প্রজ্ঞাপনে বর্ণিত ২০ একর পর্যন্ত যে সকল জলাশয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের মাধ্যমে ইতোমধ্যে উন্নয়ন করা হয়েছে অথবা ভবিষ্যতে উন্নয়ন করা হবে সেগুলো পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) বরাবর ইজারা/বন্দোবস্ত প্রদানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের ১৫-১০-১৯৯৭ইং তারিখের ভূঃমঃশা-৭/বিবিধ-৫৭/৯৭(অংশ)/৫৭৬ নং পরিপত্র মূলে ২০ একর পর্যন্ত জলাশয়ের ব্যবহার সংক্রান্ত নীতিমালায় নিম্নরূপ সংশোধনী সংযোজন করার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(১) উল্লেখিত নীতিমালার ৭ নং অনুচ্ছেদে কতিপয় ক্ষেত্রে ২০ একর পর্যন্ত খাস বদ্ধ জলাশয়সমূহ এই নীতিমালার বহির্ভূত রাখা হয়েছে। উক্ত অনুচ্ছেদের (ঙ) উপ-অনুচ্ছেদের পর নিম্নরূপ (চ) উপ-অনুচ্ছেদ সংযোজন করা হলঃ

"(চ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় উন্নীত/উন্নয়নাধীন জলাশয় সমূহ।"

(২) উক্ত নীতিমালার ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত কমিটিতে উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হল।

২। ভূমি মন্ত্রণালয়ের ১৫-১০-১৯৯৭ইং তারিখের ভূঃমঃ/শা-৭/বিবিধ-৫৭/৯৭(অংশ)/৫৭৬ নং পরিপত্র মূলে ২০ একর পর্যন্ত খাস বদ্ধ জলাশয় সমূহের ব্যবস্থাপনা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করার সিদ্ধান্তের আংশিক সংশোধনকল্পে এই পরিপত্র জারী করা হল।

৩০/৮/২০০৩
(শরীফ তৈয়বুর রহমান)
যুগ্ম-সচিব (প্রশাসন)

-৯৬-

নং-যুঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২/ ৪৮৮/১(৫) তারিখ: ৩১-০৮-২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। নিবন্ধক, সমবায় অধিদপ্তর, মতিঝিল, বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।

(বদরুদ্দিন আহমেদ)
সহকারী সচিব
ফোনঃ ৭১৬১১৭৫

নং-যুঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২/ ৪৮৮/২(৭). তারিখ: ৩১-০৮-২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), এলজিইডি ও সদস্য সচিব, আন্তঃমন্ত্রণালয় কমি
২। উপ-সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ ও সদস্য, আন্তঃমন্ত্রণালয় কমিটি।
৩। উপ-সচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও সদস্য, আন্তঃমন্ত্রণালয় কমিটি।
৪। উপ-সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় ও সদস্য, আন্তঃমন্ত্রণালয় কমিটি।
৫। উপ-সচিব (সায়রাত), ভূমি মন্ত্রণালয় ও সদস্য, আন্তঃমন্ত্রণালয় কমিটি।
৬। উপ-প্রধান, ভূমি মন্ত্রণালয় ও সদস্য, আন্তঃমন্ত্রণালয় কমিটি।
৭। যুগ্ম-নিবন্ধক, সমবায় অধিদপ্তর ও সদস্য, আন্তঃমন্ত্রণালয় কমিটি।

(বদরুদ্দিন আহমেদ)
সহকারী সচিব
ফোনঃ ৭১৬১১৭৫

নং-যুঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২/ ৪৮৮/৩(২৪২৮) তারিখ: ৩১-০৮-২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। বিভাগীয় কমিশনার, ...................... বিভাগ ............................
২। জেলা প্রশাসক, জেলা ..........................................................
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা ..............................................
৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা............................., জেলা: ..................................
৫। সহকারী কমিশনার (ভূমি) , উপজেলা............................., জেলা: ..................................
৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা............................., জেলা: ..................................
৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা............................., জেলা: ..................................

(বদরুদ্দিন আহমেদ)
সহকারী সচিব
ফোনঃ ৭১৬১১৭৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি ভবন (লেভেল-১১), আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নং- এলজিইডি/এসএসডব্লিউ/প্রপ/ পি-২২/০৩/৭০৫৩ তারিখ ০২/৬/০৪

# পরিপত্র

বিষয়: দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি গঠন প্রক্রিয়া (সংশোধিত)।

সূত্র: স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ/প্রপ/পি-৩০৯/২০০২/৯৯০/১ তারিখ ৪-১২-২০০২

এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীণ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় উপ-প্রকল্প ভিত্তিক পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠনের ব্যবস্থা রয়েছে। সুত্রোল্লিখিত স্মারক মাধ্যমে পাবসস গঠনের প্রক্রিয়া বর্ণনা করা হয়েছিল। পরবর্তিতে উক্ত প্রক্রিয়ায় দীর্ঘসুত্রিতা ছাড়াও নানাবিধ দুর্বলতা লক্ষ্য করা যায়। ফলে এই প্রক্রিয়ার সংশোধনের প্রয়োজন দেখা দেয়। এই প্রেক্ষিতে দাতা সংস্থা, এলজিইডি ও সমবায় অধিদপ্তরের মধ্যে পারস্পরিক পর্যালোচনা ও সিদ্ধান্তের ভিত্তিতে উপ প্রকল্পে পাবসস গঠনের প্রক্রিয়ার সংশোধনের সিদ্ধান্ত গ্রহন করা হয়। এমতাবস্থায় সুত্রোল্লিখিত স্মারক বাতিলক্রমে নিম্নে বর্নিত সংশোধিত প্রক্রিয়া সম্বলিত এই পরিপত্রটি জারী করা হল।

প্রথম ধাপ - নির্বাহী প্রকৌশলী কর্তৃক উপকারভোগিদের সাধারন সভা আহবানঃ

সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী উপ প্রকল্পে পাবসস গঠন করার প্রাথমিক দায়িত্ব পালন করবেন। জেলা পর্যায়ে আন্তঃ সংস্থা প্রকল্প মূল্যায়ন কমিটি (DLIAPEC) কর্তৃক কোন একটি উপ প্রকল্প অনুমোদনের ১০ দিনের মধ্যে তিনি উপ প্রকল্প এলাকার কেন্দ্রস্থলে নির্দিষ্ট দিনে নিজ স্বাক্ষরে সকল উপকারভোগিদের একটি সাধারন সভা আহ্বান করবেন। এই সভায় তিনি সভাপতিত্ব করবেন এবং জেলা সমবায় অফিসার অতিথি হিসাবে আমন্ত্রিত হয়ে অংশ গ্রহন করবেন। সভায় যাতে সর্বোচ্চ সংখ্যক উপকারভোগী উপস্থিত থাকেন সেজন্য তিনি উপজেলা প্রকৌশলী, প্রকল্পের সহকারী প্রকৌশলী, সোসিও ইকোনমিষ্ট, সাধারন ফ্যাসিলিটেটর এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সদস্যকে কাজে লাগাবেন এবং জেলা সমবায় অফিসারের মাধ্যমে উপজেলা সমবায় অফিসার এর সম্পৃক্ততাও নিশ্চিত করবেন। এই সভার এজেন্ডা হবেঃ (১) উপপ্রকল্পে একটি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি গঠন, (২) সমিতির সদস্যভূক্তির সাধারন নীতিমালা (যথাঃ ভর্তি ফিস, প্রতি শেয়ারের মূল্য, সাপ্তাহিক সঞ্চয় হার) নির্ধারন এবং (৩) ৬-৯ সদস্যের একটি সাংগঠনিক কমিটি গঠন। সাংগঠনিক কমিটির একজন আহবায়ক থাকবেন এবং এক তৃতীয়াংশ সদস্য হবেন মহিলা।

সভায় নির্বাহী প্রকৌশলী ও জেলা সমবায় অফিসারসহ বিভিন্ন বক্তা প্রস্তাবিত উপ প্রকল্পের বিভিন্ন দিক ও পাবসস গঠনের গুরুত্ব ব্যাখ্যা করবেন। বিশদ আলোচনার পর সভা উক্ত তিনটি বিষয়ে সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহন করবে। সভার কার্যবিবিরনী যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে এবং তাতে নির্বাহী প্রকৌশলী স্বাক্ষর করবেন।

দ্বিতীয় ধাপ - সাংগঠনিক কমিটির দায়িত্ব ও কর্মতৎপরতা:

উক্ত সাধারন সভার পর থেকেই সাংগঠনিক কমিটি কাজ শুরু করবে। এই কমিটির মেয়াদ হবে তিন মাস। সাংগঠনিক কমিটি তার মেয়াদের মধ্যে নিম্ন লিখিত সুনির্দিষ্ট দায়িত্বসমূহ পালন করবে।

(১) শেয়ার বিক্রির মাধ্যমে উপকারভোগীদেরকে সমিতির সদস্যভূক্ত করবে। উপকারভোগী পরিবারসমূহের কমপক্ষে ৩৩% পরিবার থেকে নূন্যতম একজন করে সমিতির সদস্য করবে।

(২) সমিতির নামে নিকটস্থ ব্যাংকে একটি হিসাব খুলবে।

(৩) সমিতির একটি নিজস্ব অফিস স্থাপন করবে। কারো বাড়ীতে বা ইউনিয়ন পরিষদ অফিসে এই অফিস স্থাপন করা যাবে না। উপ প্রকল্প এলাকার কেন্দ্রস্থলে ভাড়ায় বা বিনা ভাড়ায় এই অফিস স্থাপন করতে হবে।

(৪) সমবায় সমিতির জন্য প্রযোজ্য রেজিষ্টার/রেকর্ডপত্র (যেমনঃ সদস্য রেজিষ্টার, শেয়ার রেজিষ্টার, কার্যবিবরনী বই) চালু/সংরক্ষন করবে।

(৫) উপ প্রকল্প ও পাবসস সম্পর্কে উপকারভোগীদের মধ্যে ব্যাপক প্রচারের মাধ্যমে তথ্যাভিযান পরিচালনা করবে।

(৬) সমিতির খসড়া উপ আইন প্রনয়ন করবে। এই ব্যাপারে প্রকল্প অফিস কর্তৃক প্রনীত গাইডবুক অনুসরন করতে হবে।

**তৃতীয় ধাপ -- খসড়া উপ আইন অনুমোদন ও প্রথম ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ঃ**

সাংগঠনিক কমিটি তার নির্দিষ্ট (তিন মাস) মেয়াদের মধ্যে ১০ দিনের নোটিশে সমিতির সদস্যদের একটি সাধারন সভা অ করবে। সাংগঠনিক কমিটির আহবায়ক এই সভা ডাকবেন এবং তিনি সভায় সভাপতিত্ব করবেন। নির্বাহী প্রকৌশলী ও জেলা সমবায় অফি প্রধান অতিথি/বিশেষ অতিথি হিসাবে আমন্ত্রন জানাতে হবে। এ ছাড়াও উপজেলা প্রকৌশলী, উপজেলা সমবায় অফিসার ও চেয়ারম্যানকে আমন্ত্রন জানাতে হবে।

এই সাধারন সভা দুই পর্বে অনুষ্ঠিত হবে। প্রথম পর্বে অনুষ্ঠিত হবে সভা। এই সভার কাজ হবে সমিতির খসড়া উপ আইন অনু করা। সাংগঠনিক কমিটির আহবায়ক বা কোন সদস্য সমিতির খসড়া উপ আইন সভায় উপস্থাপন করবেন। অত:পর সভায় খসড়া উপ অ ধারা/উপধারা বিশদভাবে আলোচিত হবে। আলোচনার পর প্রয়োজনবোধে সংশোধন/পরিবর্দ্ধন/পরিবর্তন করতঃ খসড়া উপ আইন অনুমোদিত হবে।

দ্বিতীয় পর্বে প্রথম ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠিত হবে। উপজেলা সমবায় অফিসার এই নির্বাচন পরি করবেন। প্রথম ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যা হবে (১ জন সভাপতি, ১ জন সহ সভাপতি, ১ জন সম্পাদক ও ১ জন কোষাধ্য উর্দ্ধপক্ষে ১২ জন। এর মধ্যে এক তৃতীয়াংশ হবেন মহিলা । নির্বাচনের ফল ঘোষনার পর খসড়া উপ আইনের সংশ্লিষ্ট ধারায় পাবসস এর ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নাম ও পদবী উল্লেখ করতে হবে। এভাবে খসড়া উপ আইন চুড়ান্ত রূপ লাভ করবে । অত:পর সাং কমিটি নির্বাচিত প্রথম ব্যবস্থাপনা কমিটির কাছে দায়িত্বভার হস্তান্তর গ্রহন করবে। সে সঙ্গে সাংগঠনিক কমিটির মেয়াদ শেষ হবে।

**চতুর্থ ধাপ - প্রথম ব্যবস্থাপনা কমিটির মেয়াদ, দায়িত্ব ও কর্মতৎপরতা ঃ**

নির্বাচিত প্রথম ব্যবস্থাপনা কমিটির কার্যকর মেয়াদ হবে ৬ মাস। এই মেয়াদের মধ্যে প্রথম ব্যবস্থাপনা কমিটি নিম্নলিখিত দায়ি পালন করবে।

(১) পাবসস এর সার্বিক কর্মতৎপরতা জোরদার করবে।

(২) জেলা সমবায় অফিসারের কাছ থেকে পাবসস এর নিবন্ধন গ্রহন করবে।

(৩) উপ প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত নির্ধারিত ১২টি শর্ত পূরন করবে।

(৪) উক্ত ১২টি শর্ত পূরনের পর উপ প্রকল্প বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর করবে।

উক্ত বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের মধ্য দিয়ে প্রথম ব্যবস্থাপনা কমিটির কর্মতৎপরতা পূর্নতা লাভ করবে।

**পঞ্চম ধাপ - বিধিগত নির্বাচন অনুষ্ঠান ও নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির দায়িত্বভার গ্রহন ঃ**

বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের পর প্রথম ব্যবস্থাপনা কমিটি যথানিয়মে সমবায় আইন ও বিধি মোতাবেক নির্বাচিত ব্যবস্থাপনা গঠনের লক্ষ্যে বিধিগত নির্বাচন সম্পন্ন করবে এবং এই নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির কাছে পাবসস এর দায়িত্বভার হস্তান্তর করবে। সঙ্গে প্রথম ব্যবস্থাপনা কমিটির মেয়াদ শেষ হবে। এর পর থেকে উক্ত নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি সমবায় আইন, বিধি ও উপ আইন মে বিধিবদ্ধ সংগঠন হিসাবে পাবসস এর যাবতীয় কাজকর্ম পরিচালনা করবে। এভাবে পাবসস গঠনের প্রক্রিয়া সমাপ্ত হবে।

বর্নিত সংশোধিত প্রক্রিয়া প্রথম ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের যে সব উপ প্রকল্পে এখনও বাস্তবায়ন চুক্তি হয়নি এবং দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প ও পরবর্তী পর্যায়ের অধীনে গৃহীত সকল উপ প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে,

এমতাবস্থায় এই পরিপত্র অনুযায়ী উপ প্রকল্পসমূহে পাবসস গঠনের ব্যাপারে সংশোধিত প্রক্রিয়া অনুসরনের জন্য সংশ্লিষ্ট নির্দেশ দেয়া হ'ল।

(মোঃ শহিদুল হাসান)
প্রধান প্রকৌশলী, এলজিইডি।

(খন্দকার মিজানুর রহমান)
রেজিষ্ট্রার, সমবায় অধিদপ্তর

বিতরন:

**এলজিইডি**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, IWRM, এলজিইডি, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, (সকল অঞ্চল) ।
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (প্রকল্পভূক্ত সকল জেলা)।
৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি (প্রকল্পভূক্ত সকল উপজেলা) ।
৫। সোসিও ইকোনমিষ্ট, SSWRDSP-2, (প্রকল্পভূক্ত সকল জেলা)।
৬। এডিটিএ উপদেষ্টাবৃন্দ (সকল)।
৭।

**সমবায় অধিদপ্তর**

১। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি,
২। যুগ্ম নিবন্ধক (পিডিইআর), সমবায় অধিদপ্তর, ঢাক
৩। যুগ্ম নিবন্ধক (সকল বিভাগ) ।
৪। জেলা সমবায় অফিসার (প্রকল্পভূক্ত সকল জেলা)
৫। অধ্যক্ষ, সমবায় আঞ্চলিক শিক্ষায়তন (সকল) ।
৬। উপজেলা সমবায় অফিসার (প্রকল্পভূক্ত সকল উপ
৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-এলজিইডি/এসএসডব্লিউ/প্রপ/সাব-প্রঃ-১১৮(অংশ-১)/৯৯/৮-৬৯ তারিখঃ ২৪/৩/০৪

## পরিপত্র

বিষয়ঃ **ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় গৃহীত উপ-প্রকল্প বাতিল ও পাবসস বিলুপ্তি প্রসঙ্গে।**

লক্ষ্য করা গেছে যে, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় গৃহীত কোন কোন উপ-প্রকল্প উপকারভোগী জনগণের অনীহা বা অন্য যে কোন জটিলতার কারনে **বাস্তবায়নের প্রাথমিক অবস্থায়ই** বাতিল করার মত পরিস্থিতি সৃষ্টি হয়। এরূপ পরিস্থিতিতে উপ প্রকল্পের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বাবদ জমাকৃত টাকা ফেরত প্রদান ও পাবসস বিলুপ্তির পদক্ষেপ গ্রহণ করা জরুরী হয়ে পড়ে। এমতাবস্থায় এ ধরনের পরিস্থিতি মোকাবিলার জন্য একটি সুনির্দিষ্ট পদ্ধতি নির্ধারণের প্রয়োজন দেখা দিয়েছে।

স্মরণ করা যেতে পারে যে, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় কোন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য গ্রহণ করার পূর্বে নির্ধারিত প্রক্রিয়া সম্পন্ন করতে হয় যার মূল ভিত্তি হচ্ছে বিভিন্ন শর্তসমূহ পূরণ করার মাধ্যমে উপকারভোগী জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা। এই প্রক্রিয়ার একাধিক গুরুত্বপূর্ন দিক রয়েছে। প্রথমতঃ উপকারভোগী জনগণ কর্তৃক পরিচালনা ও রক্ষণাবেক্ষণ তহবিল বাবদ নির্দিষ্ট পরিমান অর্থ প্রদান করতে হয়। দ্বিতীয়তঃ উপকারভোগী জনগণ কর্তৃক পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠন করা হয়। সমবায় অধিদপ্তরের আওতাধীনে নির্দিষ্ট আইনগত প্রক্রিয়ার অধীনে পাবসস গঠিত, নিবন্ধিত ও পরিচালিত হয়ে থাকে। শেয়ার ও সঞ্চয় বাবদ সদস্যগণের ফেরতযোগ্য আর্থিক সংশ্লিষ্টতা বিদ্যমান থাকে। যে কোন উপ-প্রকল্পের ক্ষেত্রে উক্তরূপ নির্ধারিত প্রক্রিয়া সম্পাদন করার পরই উপ-প্রকল্পটি বাস্তবায়নের কাজ শুরু করা হয়ে থাকে। তাই কোন উপ-প্রকল্প বাতিল করার ক্ষেত্রে উপরোক্ত প্রক্রিয়া বিশেষ করে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বাবদ আদায়কৃত অর্থ ফেরত প্রদান করা প্রয়োজন হয়ে পড়ে। এর সাথে সাথে রেজিষ্ট্রেশন বাতিল করার মাধ্যমে পাবসস এর বিলুপ্ত করাও জরুরী হয়ে পড়ে। এই প্রেক্ষাপটে স্থানীয় জনসাধারণের মতামত যাচাই করতঃ যদি নিশ্চিত ভাবে জানা যায় যে, উপ-প্রকল্পটি বাস্তবায়নে স্থানীয় জনগণ সম্মত নয়, তবেই তা বাতিল করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, এখন থেকে **বাস্তবায়নের প্রাথমিক অবস্থায়** কোন উপ-প্রকল্প বাতিল করার প্রয়োজন দেখা দিলে নিম্নবর্নিত পদ্ধতি অনুসরন করতে হবেঃ

১। উপ প্রকল্পটি বাতিল করার পরিস্থিতি উদ্ভব হলে পাবসস ব্যবস্থাপনা কমিটি সভায় সে বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। অতঃপর পাবসস ব্যবস্থাপনা কমিটি এ ব্যাপারে যথাযথ প্রচারের মাধ্যমে একটি বিশেষ সাধারণ সভা আহবান করবে। এ সভায় উপ-প্রকল্পটি বাস্তবায়নে জনগণ সম্মত নয় এই মর্মে মতামত যাচাই করতঃ নিম্নলিখিত সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হবেঃ

ক. উপ প্রকল্পটি বাতিল করা হবে;
খ. পাবসস বিলুপ্ত করা হবে; এবং
গ. সদস্য/উপকারভোগীদের কাছ থেকে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং শেয়ার-সঞ্চয় বাবদ গৃহীত সমুদয় টাকা ফেরত দেয়া হবে।

২। গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে পাবসস এর সেক্রেটারী পরিচালনা ও রক্ষণাবেক্ষণ তহবিল বাবদ জমাকৃত টাকা ও সদস্যদের শেয়ার ও সঞ্চয়ের টাকা সদস্য/উপকারভোগীদেরকে ফেরত দেয়ার জন্য নির্বাহী প্রকৌশলীর কাছে

AC>SSW-I/Paripatra.doc

একটি দরখাস্ত করবেন। অত:পর নির্বাহী প্রকৌশলীর সম্মতি নিয়ে টাকা প্রদানের রশিদ যাচাইপ রেজিষ্ট্রারের মাধ্যমে এই টাকা আদায় করা হয়েছিল সেই রেজিষ্ট্রারের মাধ্যমে সংশ্লিষ্ট সদস্যকে ফের হবে। এই কাজটি উপজেলা প্রকৌশলী ও উপজেলা সমবায় অফিসারের উপস্থিতিতে ও প্রত্যক্ষ ত পাবসস এর সভাপতি ও সেক্রেটারী কর্তৃক সম্পন্ন করতে হবে। টাকা ফেরত গ্রহণের প্রমান হিসাবে সদস্য রেজিষ্ট্রারে/ভাউচারে স্বাক্ষর করবেন। টাকা ফেরত প্রদানকারী হিসাবে পাবসস সভাপতি ও সে স্বাক্ষর করবেন এবং উপজেলা প্রকৌশলী ও উপজেলা সমবায় অফিসার প্রতিস্বাক্ষর করবেন।

৩। উপরোক্ত কার্যাদি সম্পাদনের পর পাবসস এর কাছ থেকে দরখাস্ত পাওয়ার সাথে সাথে জেলা সমবায় পাবসস এর নিবন্ধন বাতিলের আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।

সমবায় অধিদপ্তরের সম্মতিক্রমে উপরে বর্নিত পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। এখন থেকে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয় প্রকল্পের অধীনে কোন ক্ষেত্রে যদি উপ-প্রকল্প বাতিল করার পরিস্থিতি উদ্ভূত হয় তা হলে উপরে বর্ণিত পদ্ধতি অনুসরণ কর নির্দেশ দেয়া হল।

উল্লেখ্য যে, উপরোক্ত প্রক্রিয়া বাস্তবায়নের জন্য গৃহীত কেবলমাত্র ঐসব উপ-প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ যেখানে নির্মাণ কাজ বাবদ কোন অর্থ ব্যয় হয়নি।

২৪/৬

(মোঃ শহীদুল হাসান)
প্রধান প্রকৌশলী

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা.................................

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

এলজিইডি

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, IWRM, এলজিইডি, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, (সকল অঞ্চল)।
৩। প্রকল্প পরিচালক, SSWRDSP-2, এলজিইডি, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: ....................
৫। উপজেলা প্রকৌশলী, উপজেলা: ..........................
জেলা: ..................................।
৬। সোসিও ইকোনমিষ্ট, SSWRDSP-2,
জেলা: ................
৭। এডিটিএ উপদেষ্টাবৃন্দ (সকল)।
৮।

সমবায় অধিদপ্তর

১। নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ৯-ডি, মতিঝিল, ঢাকা।
২। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লা।
৩। যুগ্ম নিবন্ধক (পিডিইআর), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্ম নিবন্ধক (সকল বিভাগ)
৫। জেলা সমবায় অফিসার, জেলা: ......................
৬। অধ্যক্ষ, সমবায় আঞ্চলিক শিক্ষায়তন (সকল)
জেলা: .......................................
৭। উপজেলা সমবায় অফিসার, উপজেলা: ..........
জেলা: .........................................
৮।

AC>SSW-2/Paripatra.doc

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত পত্র

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৫), আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ/প্রপ/এস-৬৮/০৪/১৮৬৯ তারিখঃ ২৭-০৬-০৪ইং

প্রতি,
নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা .........

বিষয়ঃ দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে বিভিন্ন উপ-প্রকল্পে বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর প্রসংগে।

দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে দেশের ৬১টি জেলায় ৩০০ টি উপ-প্রকল্প বাস্তবায়ন করা হবে। প্রকল্পের বিধান মতে প্রতিটি উপ-প্রকল্প বাস্তবায়নের কাজ হাতে নেয়ার আগে উপকারভোগী জনগনের সংগঠন তথা পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস), ইউনিয়ন পরিষদ ও এলজিইডি এর মধ্যে একটি ত্রিপক্ষীয় বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা রয়েছে। ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর উপ প্রকল্প প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ন বিষয়। বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর করা শুধু মাত্র আনুষ্ঠানিকতা নয় বা কোন ফাইল ভিত্তিক কাজ নয়, এটি একটি প্রচারধর্মী কাজ। উপকারভোগী জনসাধারন যাতে এই চুক্তি স্বাক্ষর এবং তার বিষয়সমূহ সম্পর্কে যথাযথভাবে অবগত হতে পারে, তা নিশ্চিত করা স্বচ্ছতা ও প্রচারের স্বার্থে অতীব গুরুত্বপূর্ন।

এ প্রসঙ্গে লক্ষ্য করা গেছে যে কোন কোন ক্ষেত্রে নূন্যতম প্রচার বা আনুষ্ঠানিকতা ছাড়াই নির্বাহী প্রকৌশলীর অফিসে বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর করা হয়। ফলে উপকারভোগী জনসাধারণ তো নয়ই বরং অনেক ক্ষেত্রেই পাবসস সভাপতি/ সেক্রেটারীও চুক্তি সম্পর্কে বিশেষ কোন ধারনা রাখেনা বা চুক্তির অধীনে তাদের দায়-দায়ীত্ব সম্পর্কে অবহিত হতে পারেনা। উপ প্রকল্প সঠিকভাবে বাস্তবায়নের স্বার্থে এরূপ পরিস্থিতি কোনভাবেই কাম্য নয়। এই চুক্তি স্বাক্ষরের কাজটি নির্ভর করে পূর্বনির্ধারিত ১২টি শর্ত পূরণ করার উপর।

কিন্তু লক্ষ্য করা গেছে যে পাবসস পূর্ব শর্তসমূহ সঠিকভাবে পূরন করেছে কিনা তা যাচাই না করেই চুক্তি স্বাক্ষর করা হয়। এ ছাড়া পাবসস নেতাগন বাস্তবায়ন চুক্তির গুরুত্ব ও চুক্তি স্বাক্ষরের ফলে তাঁদের উপর অর্পিত দায়-দায়িত্ব সম্পর্কে অবহিত আছেন কিনা, তা যাচাই করা এবং অবহিত না থাকলে তাদেরকে সে সম্পর্কে অবহিত করার পদক্ষেপ গ্রহন করার প্রয়োজন রয়েছে। উপরোক্ত প্রেক্ষাপটে এখন থেকে যে কোন উপ প্রকল্পে বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের ব্যাপারে নিম্নবর্নিত প্রক্রিয়া নির্ধারন করা হল।

### বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর প্রক্রিয়া

১. পাবসস অফিসে একটি খোলা অনুষ্ঠানের মাধ্যমে বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরিত হবে।
২. নির্বাহী প্রকৌশলী চুক্তি স্বাক্ষরের নিমিত্তে দিন -ক্ষন নির্ধারন করবেন এবং সংশ্লিষ্ট সকলকে পাবসস অফিসে উপস্থিত থাকার জন্য পত্র দ্বারা আমন্ত্রন করবেন। আমন্ত্রিতদের মধ্যে জেলা ও উপজেলা পর্যায়ের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগন অন্তর্ভূক্ত থাকবেন।
৩. চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের স্থানীয় আয়োজন পাবসস এর ব্যবস্থাপনা কমিটি সম্পন্ন করবে। এ উদ্দেশ্যে নির্বাহী প্রকৌশলী পাবসস সভাপতি/সেক্রেটারীকে লিখিতভাবে দায়িত্ব প্রদান করবেন এবং তাদেরকে সহায়তা করার জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, প্রকল্পের সহকারী প্রকৌশলী, সোসিও ইকোনমিষ্ট ও ফ্যাসিলিটেটরকে নির্দেশ দিবেন।
৪. চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য/সদস্যাসহ উপকারভোগীগন যাতে উপস্থিত থাকে পাবসস সভাপতি/সেক্রেটারী তা নিশ্চিত করবেন।
৫. পাবসস সভাপতি/সেক্রেটারী চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সম্পর্কে মাইক ইত্যাদির মাধ্যমে উপ প্রকল্প এলাকায় ব্যাপক প্রচারের করবেন এবং উপকারভোগীদের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত থাকা নিশ্চিত করবেন।
৬. নির্বাহী প্রকৌশলী বিভিন্ন প্রচার মাধ্যমে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সম্পর্কে প্রচারের ব্যবস্থা করবেন এবং অনুষ্ঠানের ছবিসহ একটি সংক্ষিপ্ত প্রতিবেদন প্রকল্প পরিচালকের কাছে পাঠাবেন।

উপরে বর্নিত প্রক্রিয়া অনুসরন করে উপ-প্রকল্পে বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর করার কাজ সুসম্পন্ন করার জন্য অনুরোধ করা হল।

(বশির উদ্দিন আহমদ)
প্রকল্প পরিচালক

অনুলিপিঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, .................... অঞ্চল, জেলা ................।
৩। নির্বাহী প্রকৌশলী (বাস্তবায়ন/প্ল্যানিং ও ডিজাইন/ওএন্ডএম), এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা।
৪। সিনিয়র সোসিও-ইকোনমিষ্ট, এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ...................., জেলা......................।
৬। সোসিও-ইকোনমিষ্ট/সহঃ প্রকৌশলী, SSWRDSP-2, জেলা ................................।
৭। Team Leader, ADTA, SSWRDSP-2, Dhaka.
৮। ADTA Team Members (All), SSWRDSP-2, Dhaka.



A:\SSW-2\XEN Lr.doc

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

### সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট

এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৬)
আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭

## পরিপত্র

নং- এলজিইডি/এসই(আইডব্লিউআরএম)/এম-১৩/২০০৪/৬৭০

তারিখঃ ৬।১২।২

বিষয়ঃ জেলা ও উপ জেলা পর্যায়ে নিয়মিতভাবে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতাভুক্ত উপ প্রকল্প ও পানি
ব্যবস্থাপনা সমবায় সমিতির অগ্রগতি পর্যালোচনা ।

১। এলজিইডি কর্তৃক ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় প্রথম পর্যায়ে ২৮০টি উপ প্রকল্প এবং রাবার
প্রকল্প (১১টি রাবার ড্যাম) এর আওতায় ৬টি উপ-প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। প্রতিটি উপ প্রকল্পে পানি ব্যবস্থাপনা সমবায় স
(পাবসস) গঠিত হয়েছে যার প্রধান কাজ হচ্ছে নির্মিত অবকাঠামোসমূহের সঠিক পরিচালনা ও রক্ষনাবেক্ষন করা
উপকারভোগীদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা। দ্বিতীয় পর্যায়ে ৩০০টি উপ প্রকল্প বাস্তবায়ন করা হবে এবং প্রত্যেক
পাবসস গঠন করা হবে। এ ব্যাপারে গুরুত্বপূর্ন বিষয় হচ্ছে যে উপ প্রকল্প ও পাবসস এর মধ্যে অব্যাহতভাবে নিবিড় সম্পর্ক
রাখা। এ জন্য মাঠ পর্যায়ে উপ প্রকল্প ও পাবসসসমূহের অগ্রগতি নিয়মিতভাবে পর্যালোচনা করার প্রয়োজন অনুভূত হয়েছে
উদ্দেশ্যে এতদ্বারা নির্দেশ দেয়া যাচ্ছে যে, এলজিইডির সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগন নিয়মিত ত্রৈমাসিক ভিত্তিতে জেলা
পর্যালোচনা সভার আয়োজন করবেন। এই সভায় সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সভার চেয়ারম্যান এবং জেলা সমবায় অফিসার
কো-চেয়ারম্যান এর দায়িত্ব পালন করবেন। উক্ত সভায় জেলার আওতাধীন সংশ্লিষ্ট (১) পাবসস সভাপতি ও সেক্রেটারী,
উপজেলা সমবায় অফিসার, (৩) উপজেলা প্রকৌশলী , (৪) সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প) (৫) সে
ইকোনমিষ্ট , (৬) জেনারেল ফ্যাসিলিটেটর , (৭) কৃষি ফ্যাসিলিটেটর ও (৮) মৎস্য ফ্যাসিলিটেটর উপস্থিত থাকবেন। সভার আ
বিষয়সমূহ নিম্নরূপ হবেঃ

(ক) প্রাক-চুক্তি স্বাক্ষর পাবসস / উপ প্রকল্পসমূহঃ
- বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর সম্পর্কিত ১২টি পূর্ব শর্ত পূরনের অগ্রগতি পর্যালোচনা।
- পাবসস এর কার্য পরিচালনা সম্পর্কিত বিরাজমান সমস্যা পর্যালোচনা ও সমাধানের পদক্ষেপ গ্রহন।
- উপ প্রকল্প প্রক্রিয়াকরন সম্পর্কিত বিরাজমান সমস্যা পর্যালোচনা ও সমাধানের পদক্ষেপ গ্রহন ।

(খ) চুক্তি স্বাক্ষর-উত্তর পাবসস/ উপ প্রকল্পসমূহঃ
- উপ প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।
- উপ প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার ও এলসিএস এর কর্মতৎপরতা পর্যালোচনা।
- উপ প্রকল্পের নির্মান পর্যবেক্ষন উপ কমিটির কর্মতৎপরতা পর্যালোচনা ।
- উপ প্রকল্প বাস্তবায়নে বিরাজমান সমস্যা পর্যালোচনা ও সমাধানের পদক্ষেপ গ্রহন।
- পাবসস এর কর্মতৎপরতা ও অগ্রগতি পর্যালোচনা।

(গ) হস্তান্তর-উত্তর পাবসস / উপ প্রকল্পসমূহঃ
- নির্মিত অবকাঠামোসমূহের পরিচালনা ও রক্ষনাবেক্ষন পর্যালোচনা।
- পরিচালনা ও রক্ষনাবেক্ষন তহবিল সম্পর্কে আলোচনা।
- পাবসস এর কর্মতৎপরতা ও অগ্রগতি পর্যালোচনা।

২। সহকারী প্রকৌশলী ও সোসিও ইকোনমিষ্ট যৌথভাবে সভার সাচিবিক দায়িত্ব পালন করবেন। সহকারী প্রকৌশলী ক
বিষয়সমূহ এবং সোসিও ইকোনমিষ্ট প্রাতিষ্ঠানিক বিষয়সমূহের জন্য দায়ীত্ব পালন করবেন। সভার কার্য বিবরনী লিপিবদ্ধ কর
এবং নির্বাহী প্রকৌশলীর স্বাক্ষরে জারী করতে হবে। জারীকৃত কার্যবিবরনীর কপি প্রধান প্রকৌশলী, নিবন্ধক সমবায় অ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি ব্যবস্থাপনা), সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্ম নিবন্ধক, জেলা সমবায় অফিসার, প্রকল্প প
(ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প) ও সভায় উপস্থিত সকল এর বরাবরে পাঠাতে হবে।

৩। অনুরূপভাবে উপজেলা পর্যায়ে প্রতিমাসে মাসিক সভা অনুষ্ঠিত হবে। তবে যে মাসে জেলা পর্যায়ের সভা অনুষ্ঠিত হবে, সে মাসে উপজেলা পর্যায়ের সভা অনুষ্ঠিত হবেনা। উক্ত সভায় সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী চেয়ারম্যান ও উপজেলা সমবায় অফিসার কো-চেয়ারম্যান এর দায়িত্ব পালন করবেন। এই সভায় সংশ্লিষ্ট উপজেলার আওতাধীন (১) পাবসস এর সভাপতি ও সেক্রেটারী, (২) উপ-সহকারী প্রকৌশলী, (৩) কমিউনিটি অর্গানাইজার ও (৪) জেনারেল ফ্যাসিলিটেটর অংশ গ্রহণ করবেন। উপজেলা পর্যায়ের সভার আলোচ্যসূচী জেলা পর্যায়ের সভার অনুরূপ হবে। একজন উপ-সহকারী প্রকৌশলী কারিগরী বিষয় সমূহ এবং কমিউনিটি অর্গানাইজার প্রাতিষ্ঠানিক বিষয় সমূহের জন্য দায়িত্ব পালন করবেন। সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করতে হবে এবং উপজেলা প্রকৌশলীর স্বাক্ষরে জারী করতে হবে। জারীকৃত কার্যবিবরণীর কপি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি ব্যবস্থাপনা), প্রকল্প পরিচালক (ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প), সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, জেলা সমবায় অফিসার ও সভায় উপস্থিত সকল সদস্য বরাবরে প্রেরণ করতে হবে।

৪। নির্দিষ্ট দিন ও সময়ে উক্ত সভা অনুষ্ঠিত হবে। এ উদ্দেশ্যে প্রথম সভায় আলোচনাক্রমে সভার নির্দিষ্ট দিন ও সময় নির্ধারন করা হবে এবং তা এলজিইডি সদর দপ্তর, সমবায় অধিদপ্তর ও প্রকল্প অফিস (ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প) কে অবহিত করতে হবে।

০৬/১২/০৪

(খন্দকার মিজানুর রহমান)
রেজিষ্ট্রার
সমবায় অধিদপ্তর

(মোঃ শহীদুল হাসান)
প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

বিতরনঃ

সমবায় অধিদপ্তর

১। যুগ্ম নিবন্ধক (পিডিইআর), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম নিবন্ধক (সকল বিভাগ)।
৩। জেলা সমবায় অফিসার (প্রকল্পভূক্ত সকল জেলা)।
৪। উপজেলা সমবায় অফিসার (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি ব্যবস্থাপনা), এলজিইডি, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প-২
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (প্রকল্পভূক্ত সকল জেলা)।
৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি (লেভেল-৫)
আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭

স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/ও-০৬ /০৪/ ১৯৯ তারিখঃ ১০/০১/০৫

প্রতি,
নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ..............................।

বিষয়ঃ দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় উপ-প্রকল্পের "ও এন্ড এম শেড" নির্মাণ প্রসঙ্গে।

সূত্রঃ এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/ও-০৬/২০০৪/১২৬৪. তারিখঃ ১৭-০৫-২০০৪ ইং

ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় নির্মিতব্য অবকাঠামো সমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে সমিতি কার্যকর রাখার জন্য সমিতির নিজস্ব অফিস গৃহ থাকা একান্ত প্রয়োজন। উক্ত অফিস গৃহ ও অফিস গৃহ সংলগ্ন জমি সমিতির বাৎসরিক সাধারণ সভা, এলাকার সামাজিক অনুষ্ঠানাদি আয়োজনের কেন্দ্র হিসাবে গড়ে তোলা, নার্সারী প্রতিষ্ঠা, দৃষ্টিনন্দনভাবে ফুল-ফলের গাছ লাগানো ইত্যাদি কাজে ব্যবহার করা যাবে। এই অফিস গৃহের বহুমুখী ব্যবহারের ক্ষেত্রে বয়স্ক শিক্ষাকেন্দ্র, চিকিৎসাকেন্দ্র ইত্যাদি চালু করা যেতে পারে। এ উদ্দেশ্যে "ও এন্ড এম শেড" নির্মাণের জন্য নিম্নেবর্ণিত শর্তসমূহ পুরণ করতে হবেঃ

(১) পাবসসের অফিস গৃহ নির্মানের জন্য নির্ধারিত জমির পরিমাণ ১০-১৩ শতকের মধ্যে হতে হবে।

(2) এই জমি ক্রয় সূত্রে বা দানসূত্রে যেই সূত্রেই হউক তা পাবসসের নামে রেজিষ্ট্রেশন করতে হবে এবং ভবিষ্যতে নিঃসন্দেহে পাবসসই হবে এই জমি ও জমির উপর প্রতিষ্ঠিত সকল স্থাপনার মালিক।

(৩) পাবসস অফিস গৃহের জন্য জমি নির্ধারণ করতে হবে উপ-প্রকল্প এলাকার মোটামুটি মাঝামাঝি অবস্থানে যেখানে নারী-পুরুষ নির্বিশেষে যাতে সবার যাতায়াত অবাধ হতে পারে।

(৪) অফিস গৃহের জন্য নির্ধারিত জমি উঁচু ও বন্যামুক্ত হওয়া বাঞ্ছনীয়।

(৫) অফিস গৃহ নির্মাণের পূর্বে লে-আউট প্লান অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অনুমোদন নিতে হবে।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল উপ-প্রকল্প এর ও এন্ড এম শেড/অফিসগৃহ নির্মাণের পূর্বে উপরোল্লিখিত শর্তসমূহ পালনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।

৩। সূত্রস্থ স্মারকের নীতিমালার পরিবর্তে উপরোক্ত নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে ।

(বশির উদ্দিন আহমেদ)
প্রকল্প পরিচালক
১০.১.০৫
ফোন-৯১২৭৪১১

অনুলিপিঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা, এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৬), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। টীম লিডার, এডিটিএ, দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৬), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

C:\Documents and Settings\arif\My Documents\ENH.doc p-1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৫), আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/ মি- ৩০২/৮৮৩ তারিখ ঃ ১৯/ ০৭/০৫

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ------------------ ।

বিষয় ঃ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) এর ব্যবস্থাপনা কমিটি গঠনের ব্যাপারে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সজাগ দৃষ্টি রাখা প্রসঙ্গে।

ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে গঠিত প্রত্যেক পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) এর গঠন ও পরিচালনায় সংশ্লিষ্ট এলাকার শিক্ষিত ব্যক্তিগনকে সম্পৃক্ত করা একটি গুরুত্বপূর্ণ বিষয়। তাই পাবসস এর সাংগঠনিক কমিটি / প্রথম ব্যবস্থাপনা কমিটি / নিয়মিত ব্যবস্থাপনা কমিটিতে শিক্ষিত ব্যক্তিবর্গের অন্তর্ভুক্তির উপর জোর দেয়া হয়। এ ব্যাপারে সজাগ দৃষ্টি দেয়া সাধারণ ফ্যাসিলিটেটর ও সোসিও-ইকোনমিস্টের প্রাথমিক দায়িত্ব। কিন্তু লক্ষ্য করা গেছে যে, অনেক ক্ষেত্রে পাবসস এর ব্যবস্থাপনা কমিটিতে অশিক্ষিত ব্যক্তি অন্তর্ভুক্ত হয়ে থাকেন, যার ফলে তাঁরা প্রকল্প কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষনে যথাযথভাবে অংশ গ্রহণ করতে সমর্থ হন না। স্বাভাবিক কারণে এসকল ব্যক্তি উপ-প্রকল্প বাস্তবায়ন বা পাবসস পরিচালনার ব্যাপারে কোন ভূমিকা রাখতে পারেন না।

অপরদিকে কোন কোন ক্ষেত্রে একই পরিবার থেকে একাধিক ব্যক্তি কমিটির সদস্য হয়ে থাকেন, যে কারণে কমিটি গঠনের যথার্থতা সম্পর্কে প্রশ্ন দেখা দেয়। প্রকৃত পক্ষে প্রতিটি উপ-প্রকল্প / পাবসস এলাকার বিভিন্ন গ্রাম বা পাড়ার প্রতিনিধিত্ব থাকা বাঞ্চনীয়। আরও লক্ষ্য করা গেছে যে, কোন কোন ক্ষেত্রে কমিটির নির্বাচিত পদাধিকারী ব্যক্তি পাবসস এর অধীনে বেতনভূক্ত পদ (যেমন হিসাব রক্ষক) গ্রহণ করে থাকেন, যা সমবায় আইনের পরিপন্থি।

এমতাবস্থায় পাবসস এর ব্যবস্থাপনা কমিটির গঠনকালে নিম্নলিখিত বিষয়গুলির প্রতি সজাগ দৃষ্টি রাখা একান্ত জরুরী হয়ে পড়েছে ঃ

(১) কমিটির কোন সদস্য / সদস্যা যেন ন্যূনপক্ষে পঞ্চম শ্রেণীর কম শিক্ষিত না হন।
(২) কমিটিতে একই পরিবার থেকে একাধিক সদস্য যেন না থাকে।
(৩) কমিটিতে পাবসস এলাকার বিভিন্ন গ্রাম / পাড়ার প্রতিনিধিত্ব যেন থাকে।
(৪) কমিটির কোন নির্বাচিত পদাধিকারী ব্যক্তি / সদস্য সমিতির বেতনভূক্ত কর্মচারীর পদ যেন গ্রহণ না করেন।

উপরোক্ত পরিস্থিতিতে বর্ণিত বিষয়সমূহের প্রতি সজাগ দৃষ্টি রেখে যথাযথভাবে পাবসস এর ব্যবস্থাপনা কমিটি গঠন নিশ্চিত করার জন্য আপনাকে অনুরোধ করা হ'ল।

(বশির উদ্দিন আহমেদ)
প্রকল্প পরিচালক

অনুলিপিঃ

১। নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ৯/ ডি, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী, (বাস্তবায়ন/ প্লানিং ও ডিজাইন/ ওএন্ডএম) এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা।
৪। সিনিয়র সোসিও-ইকোনমিস্ট, এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা।
৫। জেলা সমবায় অফিসার, জেলা ঃ-------------------------- ।
৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা ঃ-------------------, জেলা ঃ--------------------- ।
৭। টীম লিডার / ডিপুটি টীম লিডার, এডিটিএ, এসএসডব্লিউআরডিএসপি-২, ঢাকা।
৮। সহকারী প্রকৌশলী / সোসিও-ইকোনমিস্ট, এসএসডব্লিউআরডিএসপি-২, জেলা ঃ------------------------ ।
৯। সাধারণ ফ্যাসিলিটেটর, উপজেলা ঃ-------------------, জেলা ঃ--------------------- ।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৩১, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ জ্যৈষ্ঠ ১৪১২/ ৩০ মে ২০০৫

এস, আর, ও নং ১২৫-আইন/মপবি-৪/২/২০০১-বিধি (২য় খণ্ড)— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি Rules of Business, 1996 এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা ঃ—

উপরি-উক্ত Rules এর SCHEDULE-I (Allocation of Business among the different Ministries and Divisions) এর "32. MINISTRY OF LOCAL GOVERNMENT, RURAL DEVELOPMENT AND COOPERATIVES" শিরোনামাধীন "A. Local Government Division" উপ-শিরোনামার ক্রমিক নং 7 এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"7. (a) Development, maintenance and management of Upazila Roads, Union Roads and Village Roads including bridges and culverts as allocated by the Government from time to time.

(b) Development, maintenance and management of Growth Centers and other markets connected by Upazila, Union and Village Roads.


মূল্য ঃ টাকা ১.০০

(c) Development, maintenance and management of Small Scale Water Resources schemes up to the limit as determined by the Government."।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোস্তফা কামাল হায়দার
যুগ্ম-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৫), আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখঃ ১৮।৬।০৫ ইং

স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/এস-৬৮/০৪/ ২০৬৪

প্রতি,
নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ .... ... ... ... ... ... .... ।

বিষয়ঃ দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় উপ-প্রকল্প বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে পানি ব্যবস্থাপনা সমবায় (পাবসস) কর্তৃক পূরনীয় পূর্বশর্তসমূহ ।

উপরোক্ত বিষয়ে স্মারক নং-এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/পি-১৫/২০০২/২২৭৯, তারিখঃ ২১-১২-০২ ইং মূলে দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয় প্রকল্পের অধীনে যে কোন উপ-প্রকল্পে বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের পূর্বে সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) কে ১২টি শর্ত পূরন করার ব্যাপারে নির্দে হয়েছিল। পরবর্তীতে পাবসস গঠন প্রক্রিয়া সংশোধন করতঃ এলজিইডি'র প্রধান প্রকৌশলী ও সমবায় অধিদপ্তরের রেজিষ্ট্রার এর যৌথ স্বাক্ষরে একটি পরিপ এলজিইডি/ এসএসডব্লিউ/প্রপ/সি-২২/০৩/৭০৫(১), তারিখঃ ০১-০৩-০৪ ইং) জারী করা হয়। এর ফলে উক্ত শর্তসমূহের কয়েকটিতে কিছু পরিবর্তনের প্রয়ো দেয়। বর্তমানে প্রায়োগিক অভিজ্ঞতার ভিত্তিতে স্মারক নং-এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/এস-৬৮/০৪/১৮৪৫, তারিখঃ ৩০-০৫-০৫ ইং এর শর্তসমূহের কিছু সংশোধন জরুরী হয়ে পড়েছে। এ সব পরিপ্রেক্ষিতে উক্ত শর্তসমূহের প্রয়োজনীয় পরিবর্তন/ সংশোধন করতঃ তা নিম্নে উল্লেখ করা হলঃ

| শর্তাবলী | |
|---|---|
| ১. | উপ-প্রকল্প এলাকায় পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠন ও পাবসস এর উপ-আইন প্রনয়ণের জন্য পরিপত্র নং ৭০৫(১), তারিখঃ ০১-০৩-০ আলোকে একটি সাংগঠনিক কমিটি গঠন করতে হবে। |
| ২. | সাংগঠনিক কমিটির মেয়াদ (তিন মাস) পূর্তির আগেই সাধারণ সদস্যদের একটি বিশেষ সাধারন সভায় পাবসস এর উপ-আইন অনুমোদন এবং প্রথম ব কমিটির নির্বাচন সম্পন্ন করতে হবে। কমিটির সদস্যা/সদস্যগণকে ২১ বছর বয়সের উর্ধ্বে , লেখাপড়া জানা ও প্রশিক্ষণ গ্রহণের যোগ্যতা সম্পন্ন হতে হবে |
| ৩. | ক্ষুদ্র ও মাঝারী কৃষকসহ কমপক্ষে ৭০% উপকারভোগী পরিবারকে পাবসস এর সদস্যভূক্ত হতে হবে। |
| ৪. | সদস্যদের কাছ থেকে নিয়মিতভাবে মাথাপিছু শেয়ার ও সঞ্চয় আমানত আদায় করতঃ পাবসস এর নিজস্ব মুলধন একটি যুক্তিযুক্ত পরিমানে উপনীত হতে হ |
| ৫. | অন্ততঃ তিন মাস ধরে পাবসস নিয়মিতভাবে ব্যবস্থাপনা কমিটির মাসিক সভা ও সাধারন সদস্যদের পাড়া / এলাকাভিত্তিক সাপ্তাহিক সভা অনুষ্ঠান করাতে হ |
| ৬. | সদস্যদের সহজগম্য ও নিরপেক্ষ স্থানে সাইনবোর্ড সহকারে পাবসস এর নিজস্ব অফিস প্রতিষ্ঠিত হতে হবে। ইউনিয়ন পরিষদ, স্কুল ইত্যাদি বা কারো ব বৈঠকখানা ঘরে অফিস হতে পারবে না। |
| ৭. | পাবসস এর নিজস্ব কর্মচারী (হিসাবরক্ষক) নিয়োজিত হতে হবে (তাকে ন্যূনতম এসএসসি পাশ ও ৩০ উর্দ্ধ বয়সের হতে হবে)। |
| ৮. | পাবসস এর খাতাপত্র ও অন্যান্য রেকর্ডপত্র সমবায় আইনের বিধি-বিধানমতে যথাযথভাবে সংরক্ষিত হতে হবে। |
| ৯. | নির্বাচিত প্রথম ব্যবস্থাপনা কমিটি কর্তৃক যথাসময়ে ও যথানিয়মে পাবসসকে আইনগতভাবে সমবায় অধিদপ্তরে নিবন্ধন করাতে হবে। |
| ১০. | উপ-প্রকল্পের নির্মিত অবকাঠামো সমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বাবদ উপকারভোগীগন কর্তৃক প্রদেয় সমুদয় অর্থ (মাটির কাজের ৩% এবং পা ১ ১/২%) আদায় করে তা এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী ও পাবসস এর একটি যৌথ ব্যাংক হিসাবে জমা রাখতে হবে। |
| ১১. | প্রস্তাবিত উপ-প্রকল্পের পরিকল্পনা ও অবকাঠামো সমূহের নক্শা পাবসস কর্তৃক অনুমোদিত হতে হবে। |
| ১২. | প্রস্তাবিত উপ-প্রকল্প বাস্তবায়নের ফলে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠি (যদি থাকে) এর জন্য প্রণীত ক্ষতিপূরণ পরিকল্পনা পাবসস কর্তৃক অনুমোদিত হতে হবে। |

উল্লেখ্য যে, কেবলমাত্র উপরোক্ত শর্তসমূহ পূরন করা হলে উপ-প্রকল্প বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরিত হবে এবং উপ-প্রকল্পের নির্মান কাজের দরপত্র আহবান উক্ত চুক্তি পাবসস এর পক্ষে নির্বাচিত প্রথম ব্যবস্থাপনা কমিটি স্বাক্ষর করবে।

এমতাবস্থায় আপনার জেলায় বাছাইকৃত উপ-প্রকল্পসমূহে উপরোক্ত শর্তসমূহ পূরন করার লক্ষ্যে আপনার সার্বিক তত্ত্বাবধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রকল্পের সহকারী প্রকৌশলী, সোসিও ইকোনমিষ্ট, সাধারন ফ্যাসিলিটেটর ও এলজিইডি'র কমিউনিটি অর্গানাইজারকে যথাযথ নির্দেশ প্রদান করার জন্য অনুরোধ

(বশির উদ্দিন আহমেদ)
প্রকল্প পরিচালক
১৮-৬-০৫

অনুলিপিঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ৯-ডি, মতিঝিল, বা/এ, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা/প্রকল্প মনিটরিং ও মূল্যায়ণ), এলজিইডি, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ..................... অঞ্চল, জেলা ..................... ।
৫। নির্বাহী প্রকৌশলী (প্ল্যানিং ও ডিজাইন/বাস্তবায়ন/ওএন্ডএম),এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা।
৬। সিনিয়র সোসিও-ইকোনমিষ্ট, এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা।
৭। জেলা সমবায় অফিসার ..................... জেলা।
৮। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা ..................... জেলা ..................... ।
৯। উপজেলা সমবায় অফিসার ....................., জেলা ..................... ।
১০। সহকারী প্রকৌশলী/সোসিও ইকোনমিষ্ট, এসএসডব্লিউআরডিএসপি-২ , জেলা ..................... ।
১১। প্রকল্পের উপদেষ্টাবৃন্দ, এডিটিএ, এসএসডব্লিউআরডিএসপি-২ ।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৫)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রশ/ ৫৯-৩৭/২০০৬/২৪৬৫ তারিখঃ ২৭/০৭/০৫

বিষয় ঃ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের বিভিন্ন উপ-প্রকল্পে নির্মিত অবকাঠামোসমূহ হস্তান্তর প্রক্রিয়া।

ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় বিভিন্ন উপ-প্রকল্পে নির্মিত অবকাঠামোসমূহ পাবসস এর নিকট হস্তান্তর করা একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সাধারণত: অবকাঠামোসমূহের নির্মাণ সমাপ্তির পর এক বছর যৌথ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং তাদের সন্তোষজনক কার্যকারিতা অবলোকন করার পর নির্মিত অবকাঠামোসমূহ পাবসস এর কাছে হস্তান্তর করা হয়। যেহেতু এই প্রকল্পে উপকারভোগী জনগণের অংশগ্রহণ একটি অতি গুরুত্বপূর্ণ বিষয় তাই অবকাঠামোসমূহের হস্তান্তরের কাজটি উপকারভোগীদের অংশগ্রহণ ও স্বচ্ছতার ভিত্তিতে সম্পাদিত হতে হবে। এ ব্যাপারে একটি সমন্বিত প্রক্রিয়া অনুসরণ করা একান্ত জরুরী। এই প্রেক্ষিতে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের বিভিন্ন উপ-প্রকল্পে নির্মিত অবকাঠামোসমূহ হস্তান্তরের ব্যাপারে নিম্ন বর্ণিত প্রক্রিয়া নির্ধারণ করা হল:

১। উপ-প্রকল্প সমাপ্তি এবং যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষনঃ

হস্তান্তরের প্রক্রিয়া শুরু করার পূর্বে নিশ্চিত করতে হবে যে, এলজিইডি (উপজেলা প্রকৌশলী) ও পাবসস এক বছরের যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন কাজ সম্পন্ন করেছে। এ উদ্দেশ্যে উপ-প্রকল্পের অবকাঠামোসমূহের সন্তোষজনক নির্মান সমাপ্তির পর নির্বাহী প্রকৌশলী এক বছরের যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন সম্পর্কিত একটি আদেশ জারী করবেন। এই আদেশে তিনি উপজেলা প্রকৌশলী এবং পাবসস এর পরিচালনা ও রক্ষনাবেক্ষন উপ-কমিটির দায়িত্ব স্পষ্টভাবে নির্ধারন করে দিবেন এবং কখন এই যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন এর মেয়াদ শেষ হবে তা উল্লেখ করবেন।

কাঠামো সমাপ্তির পূর্বেই উপজেলা প্রকৌশলী পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি গঠন করবেন এবং যাতে এই কমিটি প্রশিক্ষণ পায় সে সম্পর্কে পদক্ষেপ নিবেন। প্রশিক্ষণের মধ্যে যৌথ অবকাঠামো পরিদর্শন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বাজেট প্রণয়ন ও তহবিল সংগ্রহ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকবে। উপজেলা প্রকৌশলী প্রতিষ্ঠানিক অবস্থা সম্পর্কে অবগত হওয়ার জন্য শেয়ার, সঞ্চয় ও ক্ষুদ্রঋণ সম্পর্কিত তথ্য ছাড়াও পাবসসে সাপ্তাহিক ও মাসিক সভা নিয়মিত হয় কিনা সে সম্পর্কে নিশ্চিত হবেন।

উল্লেখ্য যে, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়িত উপ-প্রকল্পের নির্মান কাজ সম্পূর্নভাবে সমাপ্তির পর যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত কোন উপ-প্রকল্প হস্তান্তরযোগ্য বিবেচিত হবেনা।

২। হস্তান্তর-পূর্ব যৌথ পরিদর্শনঃ

যৌথ পরিচালনা ও রক্ষনাবেক্ষন এর মেয়াদ শেষে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, উপজেলা প্রকৌশলী, রক্ষণাবেক্ষণ উপকমিটি এবং পাবসস নেতৃবৃন্দ উপ-প্রকল্পে নির্মিত অবকাঠামোসমূহ সরজমিনে পরিদর্শন করবেন এবং পরিদর্শনের সময় কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা চিহ্নিত করে মেরামতের ব্যবস্থা করবেন। পরবর্তীতে কমিটি উপজেলা পর্যায়ে একটি সভায় মিলিত হয়ে উপ-প্রকল্প হস্তান্তর সম্পর্কিত বিষয়সমূহ আলোচনা করবে এবং হস্তান্তরের জন্য প্রয়োজনীয় শর্তসমূহ সন্তোষজনকভাবে পূরন হয়েছে মর্মে একমত হয়ে সুপারিশ প্রনয়ন করবে। যৌথ কমিটির সুপারিশের ভিত্তিতে উপ-প্রকল্প হস্তান্তর প্রক্রিয়ার চুড়ান্ত পদক্ষেপ গ্রহন করা হবে।

৩। হস্তান্তর অনুষ্ঠানঃ

উপ-প্রকল্প হস্তান্তর প্রক্রিয়ার চূড়ান্ত পর্ব সম্পন্ন হবে একটি অনুষ্ঠানের মাধ্যমে। এই অনুষ্ঠানের আয়োজক হবে এলজিইডি এ ব্যাপারে পাবসসকে সকল সহায়তা প্রদান করবে। এই অনুষ্ঠানে স্থানীয় মাননীয় সংসদ সদস্য বা জেলা বা কোন গন্যমান্য ব্যক্তিকে প্রধান অতিথি হিসাবে আমন্ত্রন করা যেতে পারে। সে সংগে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্ন প্রকল্পের সাথে সম্পৃক্ত কৃষি, সমবায়, মৎস্য, ভূমি প্রশাসন, পানি উন্নয়ন বোর্ড ইত্যাদি সরকারী এজেন্সিসমূহের উপজেলা পর্যায়ের কর্মকর্তাগন এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে আমন্ত্রণ জানাতে হবে। অনুষ্ঠানে যাতে পা সাধারন সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে হাজির হতে পারেন, তা পাবসস নিশ্চিত করবে। উক্ত অনুষ্ঠানের সময়সূচী প্রকল্প স যথারীতি অবহিত করতে হবে।

এমতাবস্থায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে বাস্তবায়িত উপ-প্রকল্পসমূহ হস্তান্তরের ব্যাপারে প্রক্রিয়া যথাযথভাবে অনুসরন করার জন্য অনুরোধ করা হল। এ ব্যাপারে গৃহীত পদক্ষেপ সম্পর্কে প্রকল্প সদর দপ্তরে অবহিত নিশ্চিত করতে হবে।

(বশির উদ্দিন আহমে
প্রকল্প পরিচালক
২৭/৭/০৫

অনুলিপি:

১. প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
২. তত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম, এলজিইডি, ঢাকা।
৩. তত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, .................. অঞ্চল, জেলা ....................।
৪. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা................................।
৫. নির্বাহী প্রকৌশলী (বাস্তবায়ন/পিএন্ডডি/ওএন্ডএম), এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা।
৬. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা.................. , জেলা.....................।
৭. সহকারী প্রকৌশলী / সোসিও-ইকোনমিষ্ট, এসএসডব্লিউআরডিএসপি-২, জেলা ...............................।
৮. টিম লিডার, এমিটিএ, এসএসডব্লিউআরডিএসপি-২, এলজিইডি, ঢাকা।
৯. সভাপতি/সম্পাদক ........................পাবসস লিঃ, উপজেলা .................. জেলা...............।

নমুনা কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
জেলাঃ .......................

নং- এলজিইডি/ তারিখঃ

# অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীন ....................... জেলার ....................... উপজেলাধীন সদস্য সমাপ্তকৃত ............................................ উপ-প্রকল্পের অবকাঠামোসমূহের আগামী এক বৎসর (............................ হইতে ......................... তারিখ পর্যন্ত) যৌথ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক মহোদয়ের স্মারক নং-এলজিইডি/এসএসডব্লিউ-২/ প্রপ/এম-১৭/২০০৩/২৪৬৫, তারিখঃ ২৭-০৭-২০০৫ইং মূলে আদিষ্ট হইয়া উপজেলা প্রকৌশলী ও ...................... পাবসস লিঃ কে নির্দেশ প্রদান করা হইল। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করার দায়িত্ব সমূহ পরিশিষ্ট-ক ও খ-তে সংযুক্ত করা হইল।

এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ .......................

নং- এলজিইডি/ তারিখঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ................অঞ্চল, ................
৪। প্রকল্প পরিচালক, দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, আরডিইসি ভবন (লেভেল-৫), আগারগাঁও, ঢাকা।

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ .........................

নং- এলজিইডি/ তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ............................. জেলাঃ .........................
২। সভাপতি/সেক্রেটারী. ..................................... পাবসস লিঃ, উপজেলাঃ ............, জেলাঃ ............

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ..........................

AD>SSW-2 Office Order.doc

## পরিশিষ্ট "ক"

উপজেলা প্রকৌশলীর দায়িত্ব নিম্নরূপঃ

১। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি গঠন।
২। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটির প্রশিক্ষণ নিশ্চিত করা।
৩। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বাজেট প্রণয়ন ও তহবিল সংগ্রহসহ কারিগরী ব্যাপারে পাবসস-কে সহায়তা প্র করা।

## পরিশিষ্ট "খ"

পানি ব্যবস্থাপনা সমিতির দায়িত্ব নিম্নরূপঃ

১। রেগুলেটরের গেটসমূহের সার্বিক নিরাপত্তার দায়িত্ব নিশ্চিত করা।
২। নিরাপত্তা প্রহরী নিয়োগ করা সহ কর্তৃপক্ষকে নিরাপত্তা প্রহরী সম্পর্কে বিস্তারিত অবহিত করা।
৩। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি গঠন।
৪। প্রতি বৎসর বর্ষা শেষে ও বর্ষা আরম্ভের পূর্বে অবকাঠামো সরেজমিনে পরিদর্শন করা।
৫। রক্ষণাবেক্ষণ প্ল্যান প্রণয়ন ও বাজেট নির্ধারণ করা।
৬। বাজেটটি রুটিন ও জরুরী কাজ চিহ্নিত করা।
৭। যে সকল উপ-প্রকল্পে পানি সংরক্ষণের ব্যবস্থা আছে সেখানে উপ-প্রকল্প পরিচালনা ক্যালেন্ডার করা এবং পা চাহিদার সময় নির্ধারণ করা ও সে মোতাবেক গেট পরিচালনা করা।
৮। প্রতি বৎসর নিয়মিত ও ছোটখাটো জরুরী রক্ষণাবেক্ষণের স্বার্থে তহবিল উত্তোলনের ব্যবস্থা করা।
৯। রক্ষণাবেক্ষণের কাজ যাতে যথাসময়ে সমাপ্ত করা যায় সে বিষয়ে দৃষ্টি রাখা।
১০। প্রতিটি উপ-প্রকল্পে তহবিল উত্তোলনের কি কি উৎস আছে তা চিহ্নিত করা।
১১। যে সকল জরুরী রক্ষণাবেক্ষণ কাজ সরকারী তহবিল থেকে করা হবে তা সুষ্ঠুভাবে হচ্ছে কিনা সে বিষয়ে পর্যবেক্ষণের কাজ করা।
১২। স্বেচ্ছাশ্রমে আগাছা ও পলি এবং কচুরিপানা অপসারণের উদ্যোগ গ্রহণ করা।
১৩। পাবসসের তহবিল থেকে যে সকল রক্ষণাবেক্ষণের কাজ করা হয়েছে সমাপ্তির পর তা বিশেষ সভায় উপস্থা যাতে উপকারভোগীগণ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যাপারে সম্পৃক্ত হতে পারে।
১৪। পাম্প অপারেটর নিয়োগ করা (প্রয়োজনীয় ক্ষেত্রে)।
১৫। পাম্প পরিচালনার সময় পানি সমতল রেজিষ্টারে লিপিবদ্ধ করা।
১৬। রাবার ব্যাগ ঠিকমত ওঠানামা করে কিনা তা বর্ষার পূর্বে নিশ্চিত হওয়া (রাবার ড্যামের ক্ষেত্রে)।
১৭। ক্ষুদ্র ঋণ ও লাভজনক কার্যক্রম থেকে লাভের অংশ যাতে ওএন্ডএম তহবিলে জমা দেওয়া হয় তার ব্যবস্থা
১৮। মাসিক সভার এজান্ডতে ওএন্ডএম সম্পর্কে আলোচনা অন্তর্ভূক্ত করা।
১৯। সেচের পানি সরবরাহের সময় উপকারভোগীদের মাঝে দ্বন্দ্ব হলে তা নিরসনের লক্ষ্যে বিশেষ সভার ব্যবস্থা
২০। জরুরী রক্ষণাবেক্ষণের স্বার্থে এলজিইডির সাথে যোগাযোগ করা।
২১। প্রতি বৎসর মে মাসের শেষে এলজিইডির নিকট তহবিল উত্তোলন, রক্ষণাবেক্ষণ ব্যয়, সেচ্ছাশ্রমের সমতুল ও হস্তে মজুদ তহবিল সম্পর্কিত তথ্য অবশ্যই পাঠাতে হবে।

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্ত
জেলাঃ ..........................

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং-উঃ-২/পানি-৫/২০০১/৯৫১(২৪) তারিখঃ ১৫ সেপ্টেম্বর ২০০৫।

## প্রজ্ঞাপন

স্থানীয় সরকার বিভাগের উপর অর্পিত দেশের ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নের দায়িত্ব স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে সম্পাদিত হচ্ছে। স্থানীয় স্বার্থসংশ্লিষ্টদের অংশগ্রহণ প্রক্রিয়ায় ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টরে সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণ, পরিকল্পনা প্রণয়ণ, প্রকল্প/উপ-প্রকল্প বাস্তবায়নে এবং বাস্তবায়িত প্রকল্প/উপ-প্রকল্পের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে জেলা ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হ'লঃ

| | | |
|---|---|---|
| (১) জেলা প্রশাসক | - | সভাপতি |
| (২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | - | সদস্য |
| (৩) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| (৪) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | - | সদস্য |
| (৫) বিভাগীয় বন কর্মকর্তা, বন অধিদপ্তর | - | সদস্য |
| (৬) জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর | - | সদস্য |
| (৭) জেলা পশু সম্পদ কর্মকর্তা, পশু সম্পদ অধিদপ্তর | - | সদস্য |
| (৮) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর | - | সদস্য |
| (৯) জেলা সমবায় কর্মকর্তা, সমবায় অধিদপ্তর | - | সদস্য |
| (১০) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | - | সদস্য |
| (১১) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| (১২) নির্বাহী প্রকৌশলী (সেচ), বিএডিসি | - | সদস্য |
| (১৩) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

স্থানীয় স্বার্থসংশ্লিষ্টদের অংশগ্রহণের মাধ্যমে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নে-

(১) স্থানীয় সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণ ও পরিকল্পনা প্রণয়নে পরামর্শ প্রদান;
(২) সম্ভাব্য প্রকল্প/উপ-প্রকল্প চিহ্নিতকরণে এবং তা বাস্তবায়নে চাহিদা অনুযায়ী সহযোগিতা প্রদান;
(৩) উপ-প্রকল্প বাস্তবায়নে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত যেকোন সমস্যা নিরসণ;
(৪) উন্নয়ন প্রকল্পের আওতায় উন্নীত জলাধারসমূহের পানি সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার বিষয়ে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিকে সহায়তা প্রদান;
(৫) বাস্তবায়িত প্রকল্প/উপ-প্রকল্পের টেকসই ব্যবস্থাপনার ক্ষেত্রে উদ্ভূত সমস্যা নিরসণে সহযোগিতা প্রদান; এবং
(৬) অন্যান্য আনুসাংগিক বিষয়াদি।

২। প্রয়োজনের ভিত্তিতে বছরের যে কোন সময়ে কমিটি সভায় মিলিত হবে। তবে বছরে অন্ততঃ একবার কমিটি সভায় মিলিত হয়ে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা করবে।

৩। জেলা প্রশাসক প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসারসহ জেলার যে কোন সংশ্লিস্ট কর্মকর্তাকে সভায় অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবেন।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৪। স্থানীয় সরকার বিভাগের ২৩শে এপ্রিল, ২০০২ তারিখের প্রজ্ঞাপন নং প্রঃঅঃ-২/পানি-৫/২০০১/৪১৭ (৫
বাতিল করা হলো ।

৫। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

(নাছিমা বেগম)
উপ-সচিব (উন্নয়ন)
ফোন- ৭১৬৮৯৫৩

বিতরন : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ।
২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামার বাড়ী, ঢাকা ।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা
৪ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৫। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৬। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা ।
৭। মহাপরিচালক, পশু সম্পদ অধিদপ্তর, ঢাকা ।
৮। রেজিষ্টার, সমবায় অধিদপ্তর, মতিঝিল, ঢাকা ।
৯। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা ।
১০। চেয়ারম্যান, বিএডিসি,মতিঝিল, ঢাকা ।
১১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, মহাখালী, ঢাকা ।
১২। জেলা প্রশাসক(সকল), ..................................... জেলা ।
১৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর(সকল জেলা), ........................... জেলা ।
১৪। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)(সকল), .......................................... ................জেলা ।
১৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর(সকল জেলা), ......................................... জেলা ।
১৬। জেলা সমবায় কর্মকর্তা, সমবায় অধিদপ্তর(সকল জেলা), ......................................... . জেলা ।
১৭। জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর(সকল জেলা), ........................................... . জেলা ।
১৮। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর(সকল জেলা).................... ..... জেলা ।
১৯। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর(সকল জেলা)................................................. জেলা ।
২০। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড(সকল জেলা), ...............................................জেলা ।
২১। জেলা পশু সম্পদ কর্মকর্তা, পশু সম্পদ অধিদপ্তর(সকল জেলা), .................................জেলা ।
২২। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(সকল জেলা)........................................ .. জেলা ।
২৩। নির্বাহী প্রকৌশলী (সেচ), বিএডিসি(সকল জেলা), ................................................. জেলা ।
২৪। বিভাগীয় বন কর্মকর্তা, বন অধিদপ্তর(সকল জেলা), ...............................................জেলা ।

সদয় জ্ঞাতার্থে :-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব স্থানীয় সরকার বিভাগ ।

D:\New Folder\Committee.doc Page No 4

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
সিভিক সেন্টার,ব্লক এফ-১০
আগারগাঁও,শেরে বাংলা নগর,ঢাকা।

আদেশ নং- তারিখঃ-

**বিষয় ঃ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) এর ব্যবস্থাপনা প্রসংগে।**

সূত্র ঃ এল জি ই ডি, এ ডি বি এবং সমবায় অধিদপ্তরে কর্মকর্তাদের সমন্বয়ে বিগত ২৮/০৫/০৬ইং তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার সিদ্ধান্ত।

উপরোক্ত বিষয় ও সূত্র মোতাবেক সংশ্লিষ্ট সকলের পুন:ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, এল জি ই ডি কর্তৃক বাস্তবায়নাধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় সংগঠিত পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিগুলোকে টেকসই অর্থনৈতিক প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে সমবায় অধিদপ্তর একটি অংশীদারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে। উক্ত ধারাবাহিকতায় সমবায় অধিদপ্তর এ সকল সমিতির ব্যবস্থাপনা উন্নয়ন, মূলধন গঠন, প্রশিক্ষনের মাধ্যমে আয়বর্ধক কর্মকান্ড গ্রহনে উদ্বুদ্ধকরন ইত্যাদি কার্যক্রম পরিচালনায় সম্পৃক্ত রয়েছে এবং উক্ত দায়িত্ব সমুহ সুষ্টুভাবে সম্পাদনের লক্ষ্যে এতদসংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনাও সময়ে সময়ে জারী করা হয়েছে।

বর্ণিত প্রেক্ষাপটে বিগত ২৮/০৫/০৬ইং তারিখে নিবন্ধক, সমবায় অধিদপ্তরের অফিস কক্ষে আলোচ্য প্রকল্পের পরিচালক, এ ডি বি মিশন এর প্রতিনিধি এবং সমবায় অধিদপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে পাবসস সমুহের কার্যক্রম পর্যালোচনার নিমিত্তে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুসরণে মাঠ পর্যায়ে পাবসস সমূহের কাজকর্মে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে নিম্ন বর্ণিত বিষয়ে অধিকতর যত্নশীল হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০১। যথাসময়ে পাবসস সমূহের নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে সুষ্ঠ ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। এ বিষয়ে পাবসস সমূহের জন্য পৃথক একটি নির্বাচনী ক্যালেন্ডার প্রস্তুত করে যথাযথ ভাবে উহা অনুসরন করতে হবে যাতে যথা সময়ে নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা যায়।

০২। অগ্রাধিকার ভিত্তিতে পাবসস সমূহের অডিট সম্পন্ন করার বিষয়ে ইতোপূর্বে জারীকৃত আদেশ কঠোর ভাবে অনুসরন করতে হবে এবং অডিট বর্ষের প্রথম ৬ (ছয়) মাসের অর্থ্যাৎ ডিসেম্বরের মধ্যে অডিট সম্পাদন করে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ বরাবরে অডিট প্রতিবেদন প্রেরনের মাধ্যমে সমিতির আর্থিক শৃঙখলা নিশ্চিত করতে হবে।

০৩। প্রচলিত সমবায়ের সাথে পাবসস সমূহের কাজকর্মের প্রকৃতিতে ভিন্নতা রয়েছে। ফলে ক্রমাগত অভিজ্ঞতার মাধ্যমে এ সমিতি সমূহের উপ-আইন সংশোধনের প্রয়োজনীয়তা অনুভুত হতে পারে। এ ক্ষেত্রে সংশোধনী প্রস্তাব সমূহ জরুরী ভিত্তিতে নিবন্ধন করে কাজের গতিশীলতা অব্যাহত রাখা নিশ্চিত করতে হবে।

০৪। একই ভাবে, এ সকল সমিতির উদ্দেশ্য ও প্রকৃতির ভিন্নতার কারনে কমান্ড এরিয়া ভূক্ত সকল যোগ্য লোকই আগ্রহী হলে সমিতির সদস্য হওয়ার যোগ্যতা রাখে। ফলে সমিতির সদস্য পদ গ্রহনে আগ্রহী সকলেই যাতে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ন্যায় বিচার পায় বা বঞ্চিত হলে কেহ যাতে সমবায় বিভাগীয় জেলা/উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক দ্রুত সুবিচার পায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহন নিশ্চিত করতে হবে।

এ আদেশ জনস্বার্থে জারীকরা হলো এবং ইহা অনতিবিলম্বে কার্যকর হবে।

স্বা:/- শেখ আলতাফ আলী
নিবন্ধক
সমবায় অধিদপ্তর,ঢাকা।

বিতরনঃ

০১। জেলা সমবায় অফিসার, (৬১)টি-------------------------------------------------।

স্মারক নং- ০২/০২-৬২/১(৫)-৩০৫ তারিখ ঃ- ১৩/০৬/০৬ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ

০১। যুগ্ম-নিবন্ধক,ঢাকা/ রাজশাহী/চট্রগ্রাম/খুলনা।
০২। প্রকল্প পরিচালক,ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, এল জি ই ডি ভবন, আগারগাঁও,ঢাকা।

১৬.৬.২০০৬

মোঃ আসাদুজ্জামান
যুগ্ম-নিবন্ধক (গবেষণা ও এমআইএস)
ও
আহব্বায়ক
পাবসস মনিটরিং সেল।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৫)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ -২/প্রপ/এন-২৮/০৫/ ২৬৭৯ তারিখঃ ৩১-০৭-

প্রতি
নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা- (৬১ টি)

**বিষয় ঃ দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় পাবসস কর্তৃক কমিউনিটি এ্যাসিস্ট্যান্ট ( নিয়োগ প্রসঙ্গে।**

সূত্র ঃ ১। স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ -২/প্রপ/এস-৬৮/০৪/২০৬৪, তারিখ: ১৮/০৬/০৫ ইং ।
২। স্মারক নং- এলজিইডি/এসএসডব্লিউ -২/প্রপ/এন-২৮/০৫/১৮৭১, তারিখ: ০২/০৬/০৫ ইং ।

সূত্রে উল্লেখিত ১নং স্মারকে উপ-প্রকল্প বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে পাবসস কর্তৃক পূরণীয় ৭ নং শ আপনার দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে, যার অধীনে পাবসস কর্তৃক নিজস্ব কর্মচারী (হিসাব রক্ষক) নিয়োগের শর্ত আ হয়েছে। পরবর্তিতে ২নং সূত্রে বর্ণিত স্মারকের ভিত্তিতে পরীক্ষামূলকভাবে কিছু কিছু পাবসস কর্তৃক সি.এ নিয়োগ দেয়া অপরদিকে প্রাথমিক অবস্থায় পাবসসকে সহায়তা দানের উদ্দেশ্যে প্রত্যেক পাবসস এ প্রকল্প থেকে সাধারণ ফ্যা নিয়োগ করা হয়ে থাকে। ২নং সূত্রে বর্ণিত সি.এ নিয়োগ ফ্যাসিলিটেটর এর বিপরীতে হয়ে থাকে। এরূপ পরিস্থিতিতে ফ্যাসিলিটেটর, সি. এ ও হিসাবরক্ষক - এই তিন জনের নিয়োগ ও কর্ম সম্পাদনের ব্যাপারে নিম্নলিখিত জটিলতা গেছে।

(১) নীতিগতভাবে একজন সাধারণ ফ্যাসিলিটেটর পাবসস-এ কিছু দিন কাজ করার পর পাবসস কর্তৃক সি.এ নি হবে এবং সংশ্লিষ্ট পাবসস এ সি.এ নিয়োগ উর্ধপক্ষে তিন বছরের জন্য প্রকল্প থেকে অর্থ সাহায্য পাবে। ত সাধারণ ফ্যাসিলিটেটর যে মেয়াদের জন্য পাবসস-এ নিয়োজিত থাকবে তা উক্ত ৩ বছর থেকে বাদ যাবে। ফ নিয়োগ বাবদ আর্থিক সহায়তার মেয়াদ সীমিত হয়ে যাবে।

(২) একজন সি.এ এর দায়িত্বের মধ্যে হিসাবরক্ষণ সংক্রান্ত কাজ অন্তর্ভূক্ত। সেক্ষেত্রে পাবসস এর পৃথক হিসাব রক্ষ প্রয়োজন থাকেনা। অপরদিকে হিসাব রক্ষক এর নিয়োগ বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের আগেই হয়ে থাকে এবং প সি.এ নিয়োগ করা হলে একই দায়িত্বের জন্য পাবসস-এ দুজন নিজস্ব স্থায়ী কর্মচারী প্রয়োজন হয় না। হিস যেহেতু শুরু থেকে কাজ করে থাকে, তার অবস্থান সংরক্ষণ করা বাঞ্চনীয়। তাই নতুন কাউকে সি.এ হিসা দেয়া সঠিক নয়।

এমতাবস্থায় উদ্ভুত জটিলতা নিরসনের জন্য নিম্নবর্ণিত প্রক্রিয়া নির্ধারণ করা হলঃ

- হিসাব রক্ষক নিয়োগের ব্যাপারে লক্ষ্য রাখতে হবে যেন তাঁর যোগ্যতা সি.এ এর যোগ্যতার সাথে সংগতি যাতে পরবর্তীতে সি.এ নিয়োগের সময় তিনি অগ্রাধিকার পান।
- যে কোন উপ-প্রকল্পে সাধারন ফ্যাসিলিটেটর ও সি.এ উভয়ের সম্মিলিত মেয়াদ কাল ৩ বছর গণনা ক উদাহনরস্বরূপ, যদি সাধারণ ফ্যাসিলিটেটর ১৮ মাস কাজ করেন তা হলে পাবসস এ সি.এ নিয়োগ ব ১৮ মাসের জন্য অর্থ সাহায্যে পাবে।

Kasem\E:\CA\CA Duration

- যে ক্ষেত্রে পাবসস কর্তৃক হিসাব রক্ষক নিয়োগ করা হয়েছে, সে ক্ষেত্রে ২ নং সূত্রের আলোকে যোগ্যতাসম্পন্ন হিসাব রক্ষককে সি.এ পদে নিয়োগ বা আত্মীকরণে কোন বাধা নেই। এরূপ নিয়োগের ক্ষেত্রে হিসাবরক্ষণের কাজসহ সি.এ - এর উপর অর্পিত সকল দায়িত্ব তাঁকে পালন করতে হবে।
- যে সব পাবসস-এ সি.এ পদে নিয়োগ দেয়া হবে সে সব পাবসস এর হিসাব রক্ষক পদ বিলুপ্ত হবে। তবে পাবসস প্রয়োজনে উক্ত কর্মচারীকে অন্য কোন পদে নিয়োগ করতে পারবে।

উপরোক্ত প্রক্রিয়া অনুসরণ করতঃ বর্তমানে বিরাজমান বা ভবিষ্যতে উদ্ভূত জটিলতা নিরসন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল পক্ষকে এ বিষয়ে যথাযথভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।

(বশির উদ্দিন আহমেদ)
প্রকল্প পরিচালক
৩১।০৭।২০০৩

অনুলিপিঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ................................, জেলাঃ ..............................................
৩। সহকারী প্রকৌশলী/সোসিও-ইকোনোমিষ্ট, এসএসডব্লিউআরডিএসপি-২, জেলাঃ ..............................................
৪। সভাপতি/সম্পাদক, ............................ পাবসস লিঃ, উপজেলাঃ ........................, জেলাঃ .......................
৫। টীম লিডার/ডিপুটি টীম লিডার, এডিটিএ, এসএসডব্লিউআরডিএসপি-২, ঢাকা।
৬। পিডিএস, এডিটিএ, এসএসডব্লিউআরডিএসপি-২, ঢাকা।
৭। ডঃ তোফায়েল আহমেদ, এডিটিএ, এসএসডব্লিউআরডিএসপি-২, ঢাকা।
৮। জনাব, মোঃ মনিরুজ্জামান/ তাপস রঞ্জন বোস, আইএমএন্ডকিউসিএস, এডিটিএ, এসএসডব্লিউআরডিএসপি-২

Kasem\E\CA\CA Duration

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৫)
আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/ এম-৩৯/২০০৬/ ২৭৭৭ তারিখঃ ২৭-০৮-০৬ ইং

প্রতি
নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,
জেলাঃ ................................

বিষয় ঃ জেলা ও উপজেলা পর্যায়ে উপ-প্রকল্প ও পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির অগ্রগতি পর্যালোচনার জন্য সভা অনুষ্ঠানের ব্যয় নির্বাহ প্রসঙ্গে।

সূত্র ঃ এলজিইডি/এসই(আইডব্লিউআরএম)/এম-১৩/২০০৪/৬৭০ তারিখ ঃ ০৬/১২/২০০৪ ইং

উল্লেখিত বিষয় ও সূত্রের আলোকে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের জেলা পর্যায়ে নিয়মিত ত্রৈমাসিক সভা ও উপজেলা পর্যা মাসিক সভা যথারীতি সফলভাবে অনুষ্ঠিত হওয়ার জন্য সম্মানী, যাতায়াত ও আপ্যায়ন বাবত নিম্নোক্ত হার নির্ধারন করা হল ঃ

১। ক) উপজেলা পর্যায়ে মাসিক সভা ঃ

(১) আপ্যায়ন ঃ উপজেলা প্রকৌশলী, উপজেলা সমবায় কর্মকর্তা, উপ-সহকারী প্রকৌশলী (পানি সম্পদ অবকাঠামো কাজে দায়িত্ব প্রাপ্ত), অর্গানাইজার (সিও), সাধারণ ফ্যাসিলিটেটর / কমিউনিটি এ্যাসিস্ট্যান্ট (সিএ), পাবসস সভাপতি অথবা সম্পাদক ও হিসাবরক্ষক এর ক্ষেত্রে ১৩০/=(একশত ত্রিশ) টাকা হারে প্রযোজ্য হবে।

খ) জেলা পর্যায়ে ত্রৈমাসিক সভা ঃ

(১) আপ্যায়ন ঃ এলজিইডির নির্বাহী প্রকৌশলী, জেলা সমবায় কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তা, প্রকল্পের সহকারী প্রকৌশলী, সোসিও ইকোনমিষ্ট, কৃষি ফ্যাসিলিটেটর, মৎস্য ফ্যাসিলিটেটর, ফ্যাসিলিটেটর/কমিউনিটি এ্যাসিস্ট্যান্ট (সিএ), পাবসস সভাপতি অথবা সম্পাদক ও হিসাব রক্ষক এর ক্ষেত্রে জনপ্রতি ১৩০/=(একশত ত্রি হারে প্রযোজ্য হবে।

(২) যাতায়াত ঃ উপ-প্রকল্প প্রতি দুই জন অর্থাৎ পাবসস সভাপতি অথবা সম্পাদক ও হিসাব রক্ষক এর ক্ষেত্রে জন প্রতি ২০০/- (দুই শত) সর্বোচ্চ ৪০০ (চারশত) টাকা প্রযোজ্য হবে।

২। উপজেলা পর্যায়ের মাসিক সভা ও জেলা পর্যায়ের ত্রৈমাসিক সভা -- উভয় প্রকার সভার ক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী কর্তৃক পেশকৃত সম্মিলিত দাবী ত্রৈম ভিত্তিতে ব্যয়িত অর্থ প্রকল্প অফিস কর্তৃক পূন:ভরনের জন্য বিবেচনা করা হবে।

৩। উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত মাসিক সভার ব্যয় পূন:ভরনের সুবিধার্থে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী উপজেলা পর্যায়ের মাসিক সভা অনুষ্ঠিত হবার ৭ (সা দিনের মধ্যে অংশগ্রহনকারীদের মূল হাজিরা সীট, রেজুলেশন এর কপি এবং উপরে নির্ধারিত হারের ভিত্তিতে প্রনীত ব্যয় বিবরনী (মূল ভাউচারসহ) নির্বা প্রকৌশলীর নিকট পাঠাবেন। নির্বাহী প্রকৌশলী প্রাপ্ত কাগজপত্র যাচাই করে দাবীকৃত ব্যয় বিবরনীর যথার্থতা প্রত্যয়ন করবেন।

৪। নির্বাহী প্রকৌশলী ত্রৈমাসিক ভিত্তিতে তাঁর জেলার জন্য সম্মিলিত পূন:ভরন দাবী পেশ করবেন। সাধারনভাবে তিনি জেলা পর্যায়ে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভার ৭ দিনের মধ্যে উপজেলা পর্যায়ের মাসিক সভাসহ সকল সভার ব্যয়িত অর্থের জন্য অংশগ্রহনকারীদের মূল হাজিরা সীট, রেজুলেশন এর এবং নির্ধারিত হার অনুযায়ী ব্যয় বিবরনী (মূল ভাউচারসহ) প্রকল্প পরিচালক বরাবরে পাঠাবেন।

৫। প্রকল্পে অফিস থেকে অর্থ প্রাপ্তির ৭ দিনের মধ্যে নির্বাহী প্রকৌশলী চেকের মাধ্যমে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত মাসিক সভার ব্যয় পূন:ভরন করবেন।

৬। সকল দাবী কেবলমাত্র সভায় উপস্থিতি ও অংশগ্রহন সাপেক্ষে বিবেচিত হবে।

উপরোক্ত প্রক্রিয়া অনুসরন করতঃ নিয়মিত উপজেলা পর্যায়ের মাসিক সভা ও জেলা পর্যায়ের ত্রৈমাসিক সভা অনুষ্ঠান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।

(বশির উদ্দিন আহমেদ)
প্রকল্প পরিচালক

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম/প্রশাসন), এলজিইডি, ঢাকা।
৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ........................., জেলাঃ ...................................
৪। সোসিও-ইকোনোমিষ্ট/সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিএসপি-২, জেলাঃ ...............................
৫। হিসাব রক্ষন কর্মকর্তা, এসএসডব্লিউআরডিএসপি-২, সদর দপ্তর, ঢাকা।
৬। টিম লিডার, এডিটিএ, এসএসডব্লিউআরডিএসপি-২, সদর দপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/পি-৩০৯/০২/৩৪৩৫ তারিখ: ১১-১০-২০০৬ইং

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা:.........................................

বিষয়ঃ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে গঠিত পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) সমূহের উন্নয়ন ও কার্যকারিতা নিশ্চিত করার ক্ষেত্রে নির্বাহী প্রকৌশলীগণের যথাযথ দায়িত্ব পালন প্রসঙ্গে।

ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন বর্তমানে এলজিইডি'র সামগ্রিক কার্যাবলীর মধ্যে একটি অতি গুরুত্বপূর্ণ সেক্টর হিসাবে গন্য হয়েছে। এই সেক্টরে প্রথম প্রকল্প ২০০২ সনে শেষ হয়েছে এবং বর্তমানে দ্বিতীয় প্রকল্প সমাপ্তির পথে রয়েছে। ইতিমধ্যে অর্জিত সাফল্যের ফলশ্রুতিতে JBIC এর সহায়তায় একটি নতুন প্রকল্প গ্রহন প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া ১ম ও ২য় প্রকল্পের ধারাক্রমে এশীয় উন্নয়ন ব্যাংক এর অর্থানুকূলে তৃতীয় প্রকল্প পাইপ লাইনে রয়েছে।

বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন প্রকল্পের অধীনে গৃহীত প্রতিটি উপ-প্রকল্পে একটি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠন করা হয় এবং উপ-প্রকল্প বাস্তবায়নের প্রত্যেক স্তরে পাবসস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। প্রকল্পের প্রধান উদ্দেশ্যে অনুযায়ী নির্মিত অবকাঠামোসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য পাবসসকে হস্তান্তর করা হয়। তবে এলজিইডি এর সার্বিক তত্ত্বাবধায়কী দায়িত্ব অব্যহত থাকে।

উপরোক্ত প্রেক্ষাপট ও প্রক্রিয়ার অধীনে মাঠ পর্যায়ে উপ-প্রকল্প বাস্তবায়ন এবং পাবসস এর কার্যকর প্রাতিষ্ঠানিক রূপদানের দায়িত্ব নির্বাহী প্রকৌশলীর উপর ন্যস্ত এ জন্য জেলা ও উপজেলা পর্যায়ে এলজিইডির নিজস্ব লোকবল ছাড়াও প্রকল্প থেকে বাড়তি লোকবল তাঁর অধীনে ন্যস্ত করা হয়েছে। সময়ে সময়ে জারীকৃত বিভিন্ন সার্কুলার, স্মারক পত্র ইত্যাদি দ্বারা পাবসস সমূহের প্রাতিষ্ঠানিক কর্মতৎপরতা ও অগ্রগতি নিশ্চিত করার ব্যাপারে নির্বাহী প্রকৌশলীগণের দায়িত্ব ও কর্তব্য সুস্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে। এ প্রসঙ্গে গুরুত্বপূর্ন কয়েকটি পরিপত্র/স্মারক যথা (১) পাবসস গঠন প্রক্রিয়া সম্পর্কিত পরিপত্র নং-এলজিইডি/এসএসডব্লিউ/প্রপ/সি-২২/০৩/৭৫৫(১), তাং ০১/৩/০৪ইং, (২) উপ-প্রকল্প বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের পূর্বশর্ত সম্পর্কিত স্মারক নং-এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/এস-৬৮/০৪/২০৬৪, তাং: ১৮-৬-০৫ইং, (৩) বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর সম্পর্কিত স্মারক নং-এলজিইডি/এসএসডব্লিউ/প্রপ/এস-৬৮/০৪/১৮৬৯, তাং ২৭-৬-০৪ইং, (৪) হস্তান্তর চুক্তিস্বাক্ষর সম্পর্কিত নং-এলজিইডি/এসএসডব্লিউ/প্রপ/উঃপঃহস্তান্তর-০১/২০০০/২২৫০, তারিখ: ৩০-১১-২০০২ইং এবং (৫) উপ-প্রকল্প ও পাবসস এর অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত পরিপত্র নং-এলজিইডি/এসই/আইডব্লিউআরএম/এম-১৩/০৪/৬৭০, তাং ৬/১২/০৪ইং এর প্রতি পুনরায় বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হল। প্রাসঙ্গিক বিষয়সমূহ বিভিন্ন সভার মাধ্যমে প্রকল্প পরিচালক ও অন্যান্য কর্মকর্তাগণ নিয়মিতভাবে পর্যালোচনা করে থাকেন।

কিন্তু এতদসত্বেও বিভিন্ন সূত্রে প্রাপ্ত তথ্য ও প্রতিবেদন থেকে উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে-

- নির্বাহী প্রকৌশলী ও উপজেলা প্রকৌশলীগণ নিয়মিত উপ-প্রকল্প ও পাবসস পরিদর্শন করেন না।
- উপ-প্রকল্পের নির্মাণ কাজ কোন প্রকার কারণ ছাড়া যথাসময়ে শুরু ও শেষ করা হয়না ।

চলমান পাতা-২

- সঠিকভাবে বাস্তবায়িত উপ-প্রকল্পের অবকাঠামোসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা হয় না।
- উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, কমিউনিটি অর্গেনাইজারগণ অবকাঠামোর নির্মাণ কাজ ছাড়া উপ প্রকল্প ও পাবসস সম্পর্কিত প্রাতিষ্ঠানিক কাজে অনাগ্রহী থাকেন।
- বাস্তবায়ন চুক্তি স্বাক্ষরের পর সোসিও ইকোনমিষ্ট ও ফ্যাসিলিটেটরগণ উপ-প্রকল্প ও পাবসস সম্পর্কিত কা নিষ্ক্রিয়তা প্রদর্শন করেন। কিন্তু এ বিষয় তাদেরকে যথাযথভাবে মনিটরিং করা হয়না।
- উপ-পকল্পের আনুষ্ঠানিক প্রক্রিয়াসমূহ বিশেষ করে সাংগঠনিক কমিটি গঠন, তথ্যাভিযান পরিচালনা, বাস্তবায়ন ও হস্তান্তর চুক্তি স্বাক্ষর ইত্যাদি যথানিয়মে ও যথাসময়ে সম্পন্ন করা হয়না।
- উপ-প্রকল্পের অবকাঠামো, মাটির কাজ, এলসিএস সম্পর্কিত তথ্যাদি পাবসসকে প্রদান করা হয়না ।
- প্রকল্পের সোসিও ইকোনমিষ্টগণকে প্রয়োজনীয় অফিস সুযোগ-সুবিধা প্রদান করা হয়না।
- নির্বাহী প্রকৌশলী ও উপজেলা প্রকৌশলীগন সোসিও ইকোনমিষ্ট ও সাধারন ফ্যাসিলিটেটরগণের কাজ যথা তত্ত্বাবধান এবং দায়িত্ব পালনে সহযোগিতা করেন না।

ফলশ্রুতিতে কেবলমাত্র নির্ধারিত মেয়াদের মধ্যে চলমান প্রকল্পের অগ্রগতি ও লক্ষ্যমাত্রা পূরণ ব্যাহত হবার আশং দেখা দিয়েছে তা-ই নয় বরং প্রকল্পের প্রধান উদ্দেশ্যে সফল হচ্ছে না, উপরন্তু সার্বিকভাবে এলজিইডি'র সুনাম এবং গুরুত্ব জাতীয় স্বার্থ ক্ষুন্ন হবারও আশংকা দেখা দিয়েছে।

এমতাবস্থায় সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণকে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের অধীনে গৃহীত বিভিন্ন উ প্রকল্প যথাযথভাবে বাস্তবায়ন এং প্রতিটি উপ-প্রকল্পে গঠিত পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) সমূহের উন্নয়ন কার্যকারিতা নিশ্চিত করার ব্যাপারে ন্যস্ত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করার জন্য নির্দেশ দেয়া হল।

(মোঃ শহীদুল হাসান)
প্রধান প্রকৌশলী

অনুলিপি:

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (প্রকল্প/বাস্তবায়ন), এলজিইডি, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম/ প্রশাসন/ প্রকল্প), এলজিইডি, ঢাকা ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, .......................................... অঞ্চল, জেলা ..........................................
৪। প্রকল্প পরিচালক, SSWRDSP-2, এলজিইডি, ঢাকা।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা .......................................... জেলা ..........................................
৬। সহকারী প্রকৌশলী/সোসিও ইকোনমিষ্ট, SSWRDSP-2, জেলা ..........................................
৭। প্রকল্পের উপদেষ্টাবৃন্দ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর**
**দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প**
এলজিইডি সদর দপ্তর, আরডিইসি ভবন (লেভেল-৫), আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং-এলজিইডি/এসএসডব্লিউ-২/প্রপ/এস-৬৮/০৪/ ৬৬৮৫ তারিখ: ০৫/১১/০৯

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ

বিষয়ঃ উপ-প্রকল্পের সংশোধিত "বাস্তবায়ন চুক্তিনামা" সংক্রান্ত ছক প্রেরণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচেছ যে, দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় প্রত্যেকটি উপ-প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় বিভিন্ন ধাপ বা প্রক্রিয়া সম্পন্ন করে ভৌত অবকাঠামো নির্মাণ কাজ শুরুর পূর্বে পাবসস থেকে ১২টি শর্ত পূরণের প্রত্যায়ণের পর এলজিইডি, পাবসস ও ইউপি এর মধ্যে একটি ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন করা হয়। প্রকল্পের ভাষায় এই ত্রিপক্ষীয় চুক্তিকে "বাস্তবায়ন চুক্তিনামা" বলা হয়ে থাকে। এই "বাস্তবায়ন চুক্তিনামা" পূর্বে করা হলেও সেখানে কিছু ভাষা ও শব্দ পরিস্কারভাবে উল্লেখ ছিল না। বর্তমানে সেগুলো সংশোধন করা হয়েছে। চলতি অর্থ বছর থেকে ইতিপূর্বে ব্যবহৃত "বাস্তবায়ন চুক্তিনামা" যা সংশোধিত আকারে "বাস্তবায়ন চুক্তিনামা" টি প্রতিস্থাপন করা হলো এখন থেকে এটি ব্যবহার করতে হবে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য, যে সকল পাবসস উপ-প্রকল্পের ১২টি পূর্বশর্ত পূরণ করতে সমর্থ হয় তাদেরকে প্রকল্প সদর দপ্তর থেকে পূর্ব অনুমতি গ্রহণ সাপেক্ষে উক্ত ত্রিপক্ষীয় "বাস্তবায়ন চুক্তিনামা" সম্পাদন করতে হয়।

অতএব পূর্বানুমতি গ্রহণ করে এখন থেকে বর্তমানে সংশোধিত নতুন "বাস্তবায়ন চুক্তিনামা" ছক অনুযায়ী "বাস্তবায়ন চুক্তি" সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১। নমুনা ছক - ১ সেট।
২। ছক - ১ সেট।

(মোঃ মশিউর রহমান)
প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত)
০৫/১১/০৯

অনুলিপি:

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা : ............................... জেলা : ..................................
৩। সহকারী প্রকৌশলী/সোসিও-ইকোনমিষ্ট, এসএসডব্লিউআরডিএসপি-২, জেলা : .......................................
৪। প্রকল্পের উপদেষ্টাবৃন্দ।

# নন জুডিশিয়াল ষ্ট্যাম্প

## উপ-প্রকল্প বাস্তবায়ন চুক্তিনামা

........................................................................................................ উপ-প্রকল্পের বাস্তবায়ন চুক্তিনামা নিম্নেবর্ণিত পক্ষত্র মধ্যে অদ্য ............................................ বঙ্গাব্দ/ ..................... খৃষ্টাব্দ তারিখে সম্পাদিত হল ।

প্রথম পক্ষ: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সংক্ষেপে এলজিইডি) এর পক্ষে পদাধিকার বলে নির্বাহী প্রকৌশলী, এলজি ........................... অতঃপর বাস্তবায়নকারী সংস্থা হিসাবে বিবেচিত;

দ্বিতীয় পক্ষ: ........... জেলার অন্তর্গত ........... উপজেলার .......................................... ইউনিয়নের ............................................ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (সংক্ষেপে পাবসস) লিঃ এর পক্ষে পদাধিকার বলে প ব্যবস্থাপনা কমিটির সভাপতি অতঃপর উপকারভোগী হিসাবে বিবেচিত; **এবং**

তৃতীয় পক্ষ: ............................ ইউনিয়ন পরিষদের পক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, অতঃপর স্থানীয় সরকার প্রতিষ্ঠান হি বিবেচিত ।

যেহেতু, প্রথম পক্ষ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের মাধ্যমে পানি সম্পদ উন্নয়নে অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য অর্থ, প্রযুক্তি ও অভিজ্ঞতা কাজে লাগাচ্ছে;

যেহেতু, দ্বিতীয় পক্ষ উপ-প্রকল্পে উপকারভোগী জনসমষ্টি সংগঠিত হয়ে একটি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ যার নিবন্ধন নং তারিখ ................... গঠন করতঃ স্থানীয় পানি সম্পদ উন্নয়নের লক্ষ্যে উপ-প্রকল্প ও তার অধীনে ভৌত অবকাঠামো নির্মাণে পরবর্তীতে তা পরিচালনা ও রক্ষণাবেক্ষণে আগ্রহ প্রকাশ করেছে;

যেহেতু, তৃতীয় পক্ষ (ইউনিয়ন পরিষদ/পরিষদ সমূহ) বিধিবদ্ধ জনপ্রতিনিধিত্বশীল সংস্থা হিসাবে এলাকার জনগনের বৈধ প্রতিনিধি ও বিভিন্ন প্রকার উন্নয়ন কর্মকান্ডের পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন এবং সহযোগীতার জন্য দায়িত্বপ্রাপ্ত;

সেহেতু উক্ত পক্ষসমূহ উপ-প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নলিখিত শর্ত সম্বলিত চুক্তিনামা স্বাক্ষরে সম্মত হল ।

## সাধারণ শর্তসমূহ

দফা ১: নিম্ন লিখিত দলিলসমূহ এই চুক্তিনামার অংশ হিসাবে এতদসঙ্গে সংযুক্ত হবে:

- উপ-প্রকল্পের সকল ভৌত অবকাঠামোর ফিরিস্তি ও উপ-প্রকল্প এলাকার **চৌহদ্দী** সীমানার বিবরণ (তফসিল-১) ।
- উপ-প্রকল্প/পাবসস এর আনুসাঙ্গিক তথ্য (তফসিল -২) ।
- উপ-প্রকল্পের চৌহদ্দী ও অবকাঠামোসমূহের স্থান নির্দেশসহ উপ-প্রকল্পের সীমানা প্রদর্শিত মানচিত্র (তফসিল- ৩) ।
- স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং প্রঃঅঃ-২/পানি- ৫/২০০১/৪১৮ (২৩৬৭) তারিখ ২৩/০৪/২০০২ইং (তফসিল- ৪)

দফা-২: প্রথম পক্ষ তফসিল-১ এ বর্ণিত বিবরণ মোতাবেক উপ-প্রকল্পটির সকল কর্মকান্ড সংগঠিত করাসহ তদারকী ও বাস্তবায়নের বহন করবে এবং নির্মাণ সমাপ্তির পর এক বছর পর্যন্ত দ্বিতীয় পক্ষ -এর সাথে যৌথভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়ি করবে ।

দফা-৩: দ্বিতীয় পক্ষ উপ-প্রকল্প এলাকায় প্রথম পক্ষ কর্তৃক নিয়োজিত ঠিকাদারের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করতে এবং প্রয়োজনে উপ- জন্যে জমি অধিগ্রহণে সহায়তা করবে ।

দফা-৪: প্রথম ও দ্বিতীয় পক্ষ একটি দীর্ঘ মেয়াদী ইজারা দলিল বা চুক্তিনামা সই করবে, যার ভিত্তিতে দ্বিতীয় পক্ষ তফসিল-১ এ অনুযায়ী অবকাঠামোসমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের যাবতীয় দায়িত্বভার গ্রহণ করবে ।

দফা-৫: তৃতীয় পক্ষ পাবসস এর উপদেষ্টা হিসাবে কাজ করবে । এ ছাড়া উপ-প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে প্রথম ও দ্বিতীয় পক্ষ -এ ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করবে এবং নির্মিত অবকাঠামোসমূহের সুষ্ঠু পরিচালনা ও রক্ষনাবেক্ষনের ব্যাপারে প্রথম ও দ্বিতীয় প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান করবে ।

চলমান

দফা-৬: সকল পক্ষ এ ব্যাপারে সম্মত যে, উপ-প্রকল্পের অধীনে নির্মিত অবকাঠামোসমূহের বাস্তবায়ন পরবর্তী পরিচালনা ও রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে গঠিত তহবিল নির্বাহী প্রকৌশলী ও পাবসস এর যৌথ পরিচালনাধীন "পরিচালনা ও রক্ষণাবেক্ষণ তহবিল" হিসাবে অবহিত হবে এবং এর সম্পূর্ন টাকা (মোট টাকা .......................) কথায় .............................................................) কোন তফশিলী ব্যাংকে তিন বছর মেয়াদী ফিক্সড ডিপোজিট হিসাবে জমা হওয়ার পরই এই চুক্তিনামা কার্যকর হবে।

## প্রথম পক্ষের দায়িত্ব ও কর্তব্য

দফা-৭: [illegible] উপ-প্রকল্পভূক্ত পাকা কাজের জন্য দরপত্র আহবান ও মাটির কাজের জন্য এলসিএস দল গঠন করবে।

দফা-৮: উপ-প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মান সম্পর্কিত ঠিকাদারকে প্রদানকৃত ওয়ার্ক অর্ডারের কপি দ্বিতীয় পক্ষকে সরবরাহ করবে।

দফা-৯: উপ-প্রকল্পের মাটির কাজে নিয়োজিত চুক্তিবদ্ধ শ্রমিকদল (এলসিএস) এর জন্য প্রশিক্ষণ আয়োজন করবে।

দফা-১০: উপ-প্রকল্পের সকল ভৌত অবকাঠামোর অনুমোদিত নকশা (তফসিল-২) নমুনা ও শর্তাদি পূরণ সাপেক্ষে নির্মাণ কাজের সমাপ্তি নিশ্চিত করবে।

দফা-১১: নির্মান কাজের গুণগত মান বা অন্য যে কোন বিষয় যথা, নির্মাণ সামগ্রী, কাজের অগ্রগতি বা পরিমাণ সম্পর্কে "নির্মাণ পর্যবেক্ষণ উপ-কমিটি" কোন অভিযোগ বা আপত্তি উথাপন করলে প্রথম পক্ষ জরুরী ভিত্তিতে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহন করবে।

দফা-১২: তফসিল-১ অনুযায়ী সকল নির্মাণ কাজ সমাপ্তির পর প্রথম এক বছর প্রথম পক্ষ নিজস্ব অর্থ ও জনবল দ্বারা দ্বিতীয় পক্ষের সাথে যৌথভাবে উপ-প্রকল্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করবে এবং পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে সক্ষম করে তোলার জন্য দ্বিতীয় পক্ষকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবে।

দফা-১৩: প্রথম বছরের যৌথ পরিচালনার পর দীর্ঘস্থায়ী ভিত্তিতে উপ-প্রকল্প পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্যে উপ-প্রকল্পের অবকাঠামো ও স্থাপনাদি ৪ নং দফায় উল্লেখিত দীর্ঘ মেয়াদী ইজারা দলিল মূলে দ্বিতীয় পক্ষের কাছে হস্তান্তর করবে।

দফ-১৪: জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন সরকারী দপ্তর ও সংস্থার মধ্যে উপ-প্রকল্প ও পাবসস সম্পর্কে স্বচ্ছ ধারনা সৃষ্টি এবং বিভিন্ন সরকারী সেবা লাভের ব্যাপারে দ্বিতীয় পক্ষকে নিয়মিত সহায়তা দান করবে।

## দ্বিতীয় পক্ষের দায়িত্ব ও কর্তব্য

দফা-১৫: উপ-প্রকল্পের আওতায় মাটির কাজে নিয়োজিত চুক্তিবদ্ধ শ্রমিকদল (এলসিএস) গঠন এবং ঐ দলসমূহকে দিয়ে চুক্তি অনুযায়ী মাটির কাজ সম্পন্ন করার ব্যাপারে প্রথম পক্ষকে সকল প্রকার সহায়ত প্রদান করবে। এলসিএস দলে যাতে এলাকার দরিদ্র লোকজন যারা নিজেরা মাটি কাটার কাজ করে থাকে, বিশেষত ছিন্নমূল, বিধবা, তালাকপ্রাপ্ত, স্বামী পরিত্যাক্তা ও দুঃস্থ মহিলাগণ অগ্রাধিকার পান তা নিশ্চিত করবে।

দফা-১৬: উপ-প্রকল্পের নির্মাণ কাজ বাস্তবায়নকালে নির্মাণ কাজের সঠিক প্রক্রিয়া ও গুণগত মান নিয়মিত পর্যবেক্ষণ করবে এবং এ উদ্দেশ্যে একটি ৫-৭ সদস্য বিশিষ্ট "নির্মাণ পর্যবেক্ষণ উপ-কমিটি" গঠন করবে । এই উপ-কমিটিতে পাবসস এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সেক্রেটারী সহ ১ জন মহিলা সদস্য ও ইউনিয়ন পরিষদের ২ জন সদস্য অন্তর্ভূক্ত থাকবে।

দফা ১৭: "নির্মাণ পর্যবেক্ষণ উপ-কমিটি" নির্মান কাজের গুণগত মান বা অন্য যে কোন বিষয় যথা, নির্মাণ সামগ্রীর মান, কাজের অগ্রগতি বা পরিমাণ সম্পর্কে কোনরূপ সংশয় দেখা দিলে তা সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীকে জরুরী ভিত্তিতে অবহিত করবে।

দফা-১৮: নির্মাণ কাজ সমাপ্তির পর প্রথম এক বছরের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে প্রথম পক্ষের সাথে যৌথভাবে দায়িত্ব পালন করবে।

দফা-১৯: নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার আগেই দ্বিতীয় পক্ষ একটি "পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি" গঠন করবে যাতে পাবসস ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সেক্রেটারী সহ এক বা একাধিক মহিলা সদস্যও অন্তর্ভূক্ত থাকবে।

দফা ২০: "পরিচালনা ও রক্ষণাবেক্ষণ তহবিল" গঠন ও উহার সঠিক ব্যবহারের জন্য যাবতীয় পদক্ষেপ গ্রহণ করবে।

চলমান পাতা-৩

দফা-২১: নির্মাণ কাজ সমাপ্তির দ্বিতীয় বছর (অর্থাৎ মাটির কাজ সমাপ্তির পর থেকে এক বৎসর) থেকে প্রথম পক্ষের সাথে একটি চুক্তিনামা স্বাক্ষর করবে এবং এই চুক্তিনামা অনুসারে নির্মিত অবকাঠামোসমূহের এর যথাযথ ও নিয়মিত পরিচ রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবে।

দফা-২২: হস্তান্তর চুক্তি স্বাক্ষরের পূর্বে পাবসস এর একটি বিশেষ সাধারণ সভা আহবান করবে এবং হস্তান্তর চুক্তিনামার বিধানসমূ পূর্বক চুক্তিনামাটি স্বাক্ষরের ব্যাপারে সাধারণ সদস্যদের সম্মতি গ্রহণ করবে।

## তৃতীয় পক্ষের দায়িত্ব ও কর্তব্য

দফা-২৩: পাবসসকে প্রয়োজনীয় উপদেশ ও পরামর্শ প্রদান করবে এবং "নির্মাণ পর্যবেক্ষণ উপ-কমিটি"তে ২ (দুই) জন ইউ মনোয়ন দান করবে।

দফা-২৪: নির্মাণ সমাপ্তির পর হস্তান্তর চুক্তি মোতাবেক পাবসস কর্তৃক অবকাঠামোসমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ যাতে নিয় সম্পন্ন হয় তা নিশ্চিত করবে।

দফ-২৫: কোন কারণে পাবসস এর অভ্যন্তরে বা উপ-প্রকল্প এলাাকায় পানির সুষ্ঠু ব্যবহার ও ব্যবস্থাপনায় কোন বিরোধ দেখা নিস্পত্তির জন্য উদ্যোগ গ্রহণ করবে।

## বিরোধ নিস্পত্তি ঃ

দফ-২৬: এই বাস্তবায়ন চুক্তিনামা স্বাক্ষরকারী কোন একটি পক্ষ যদি মনে করে যে অন্য পক্ষ কোন বিশেষ শর্ত বা শর্তাবলী ভঙ্গ বা ব করছে তখন ক্ষতিগ্রস্থ বা সংক্ষুদ্ধ পক্ষ প্রথমে উভয় পক্ষের মধ্যে সরাসরি আলাপ আলোচনার মাধ্যমে বিষয়টি নিস্পত্তির গ্রহন করবে। যদি আলাপ আলোচনার মাধ্যমে নিস্পত্তি না হয় তাহলে তফসিল-৪ এ বর্ণিত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রজ্ঞাপন নং প্রঃঅঃ-২/পানি- ৫/২০০১/৪১৮ (২৩৬৭) তারিখ ২৩/০৪/২০০২ইং মোতাবেক গঠিত "দ্বন্দ্ব নিরসন কমিটি" বিষয়টি নিস্পত্তির জন্য উত্থাপন করবে। এই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সকল পক্ষ উপ-প্রকল্প এলাকায় একটি উন্মুক্ত অনুষ্ঠানের মাধ্যমে উপস্থিত উপকারভোগী জন সমক্ষে নিম্নলিখিত স্বাক্ষীর উপস্থিতিতে উল্লেখিত তারিখে চুক্তিনামায় স্বাক্ষর করিবেন।

সংযুক্তঃ

- তফসিল-১: উপ-প্রকল্পের সকল ভৌত অবকাঠামোর ফিরিস্তি ও উপ-প্রকল্প চৌহদ্দী সীমানার বিবরণ।
- তফসিল ২: উপ-প্রকল্প/পাবসস এর অনুসাঙ্গিগ তথ্য।
- তফসিল-৩: উপ-প্রকল্পের চৌহদ্দী ও অবকাঠামোসমূহের স্থান নির্দেশসহ উপ-প্রকল্পের সীমানা প্রদর্শিত মানচিত্র।
- তফসিল-৪: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং প্রঃঅঃ-২/পানি- ৫/২০০১/৪১৮ (২৩৬৭) তারিখ ২৩/০৪/২০০২ইং।

| | | |
|---|---|---|
| প্রথম পক্ষ (এলজিইডি) | দ্বিতীয় পক্ষ (পাবসস) | তৃতীয় পক্ষ (ইউনিয়ন পরিষদ) |
| স্বাক্ষরঃ.......................... | স্বাক্ষরঃ......................... | স্বাক্ষরঃ................................ |
| নামঃ.................................... | নামঃ ............................... | নামঃ .................................... |
| নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, | ..........................................সভাপতি | ....................................ইউনি |
| জেলাঃ .......................... | | |

স্বাক্ষী ঃ

| | | |
|---|---|---|
| ১। স্বাক্ষরঃ...................... | ১। স্বাক্ষরঃ........................... | ১। স্বাক্ষরঃ........................... |
| নামঃ ................(এলজিইডি প্রতিনিধি) | নামঃ ................... (পাবসস প্রতিনিধি) | নামঃ ............................ (ইউ |
| ২। স্বাক্ষরঃ............................ | ২। স্বাক্ষরঃ........................... | ২। স্বাক্ষরঃ........................... |
| নামঃ ................(এলজিইডি প্রতিনিধি) | নামঃ ................... (পাবসস প্রতিনিধি) | নামঃ ............................ (ইউ |

বিঃদ্রঃ তৃতীয় পক্ষের ক্ষেত্রে একাধিক ইউনিয়ন পরিষদ উপ-প্রকল্প এলাকার ভিতরে থাকলে সেক্ষেত্রে একাধিক ইউনিয়ন পরিষদের স্বাক্ষীর স্বাক্ষর প্রয়োজন হবে।

তফসিল-২

## উপ-প্রকল্প/পাবসস এর আনুসাঙ্গিক তথ্য

নারী শ্রমিক যেন তার কাজের ন্যায্য মজুরী পায়, সে বিষয়টিকে এলজিইডি যথেষ্ট সহমর্মিতার সাথে গুরুত্ব দিয়ে থাকে। অধিদপ্তরের নারী কর্মীদের জন্যও সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য যথাসম্ভব চেষ্টা করা হয়। যেমনঃ আলাদা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, নামাজের জন্য আলাদা স্থান, যাতায়াতের জন্য গাড়ীসহ নানাবিধ সুবিধা প্রদান করা হয়ে থাকে। এলজিইডি একটি নারী-বান্ধব কর্মস্থল তৈরীতে উৎসাহী। তাই সরকারের "মহিলা বিষয়ক অধিদপ্তর"-এর সাথে এলজিইডি তথা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর একটি "সমঝোতা স্মারক" স্বাক্ষর করতে আগ্রহী। বিশেষ করে দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে নারীদের সক্রিয় অংশগ্রহন নিশ্চিত করার লক্ষ্যে কাজ করছে। প্রকল্পের উপকারভোগী নারী পুরুষ সকলকে নিয়ে তৃণমূল পর্যায়ে জনগণের সংগঠন হিসাবে "পানি ব্যবস্থাপনা সমিতি" গঠন করা হয়। এই সমিতি উপ-প্রকল্পের পরিকল্পনা থেকে শুরু করে বাস্তবায়ন পর্যন্ত সকল কাজে সক্রিয় ভূমিকা রাখার পাশাপাশি পরবর্তীতে পরিচালনা ও রক্ষণাবেক্ষন-এর দায়িত্ব গ্রহন করার জন্য প্রস্তুত হতে থাকে।

ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের প্রথম পর্যায়ে মোট ২৮০টি উপ-প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে, যেখানে নারী উন্নয়ন বিষয়টি গুরুত্ব পেয়েছে। উৎপাদনমুখী কর্মকান্ডের পাশাপাশি কৌশলগতদিক যেমনঃ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণের লক্ষ্যে প্রথম ব্যবস্থাপনা কমিটিতে মহিলাদের জন্য ৩০% সদস্যপদ বাধ্যতামূলক করা হয়েছে। তাছাড়া পরিচালনা ও রক্ষণাবেক্ষন কমিটিতেও মহিলা সদস্য রাখা হয়েছে। দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মহিলাদেরকে বিভিন্নমুখী প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং ভবিষ্যতে আরো বেশী প্রশিক্ষণ দেয়ার পরিকল্পনা রয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তর জেলা ও উপজেলা পর্যায়ে অনেক জায়গাতেই প্রশিক্ষক হিসাবে ছিলেন। মহিলা বিষয়ক অধিদপ্তর এর সাথে এলজিইডির কোন সমঝোতা স্মারক না থাকায় এলজিইডি এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের অনেক কর্মকর্তাই এধরণের কাজে অংশ নিতে প্রতিবন্ধকতা মনে করছেন। অথচ এ ধরণের কাজের ফলাফল খুবই আশাব্যঞ্জক ছিল। এসব দিক বিবেচনা করে দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের ৩০০টি উপ-প্রকল্পে নারীর সক্রিয় এবং ফলপ্রসু অংশগ্রহণ নিশ্চিত করতে উল্লেখিত দুই অধিদপ্তরের মধ্যে একটি "সমঝোতা স্মারক" স্বাক্ষর করার প্রয়োজনীয়তা অনুভূত হয়েছে।

## সমঝোতা স্মারক

এই সমঝোতা স্মারক অদ্য ২২শে জুলাই, ২০০৩ইং তারিখে নিম্নলিখিত দুটি প্রতিষ্ঠানের দ্বারা এবং মধ্যে স্বাক্ষরিত হলঃ

মহিলা বিষয়ক অধিদপ্তর (পরবর্তীতে "মবিঅ" হিসেবে উল্লেখ করা হয়েছে) একটি সরকারী প্রতিষ্ঠান এবং এই সমঝোতা স্মারকে এই প্রতিষ্ঠানের মহা-পরিচালক জনাব দুলাল আব্দুল হাফিজ কর্তৃক প্রতিনিধিত্ব

এবং

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (পরবর্তীতে "এলজিইডি" হিসেবে উল্লেখ করা হয়েছে) গ্রামীণ ও নগর অবকাঠামো এবং পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা, পানি নিষ্কাশন ও পানি সেচ উন্নয়নে নিয়োজিত এবং এই সমঝোতা স্মারকে এই প্রতিষ্ঠানের প্রধান প্রকৌশলী জনাব মোঃ শহীদুল হাসান কর্তৃক প্রতিনিধিত্ব।

প্রত্যক্ষ করা হয়েছে যে,

যেহেতু

- "মবিঅ" এর দায়িত্ব হল, পরিকল্পনা তৈরী, কৌশলপত্র প্রনয়ন এবং মহিলাদের উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের ও কৌশল অবলম্বনের মাধ্যমে দারিদ্র বিমোচন ও দুঃস্থ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি করা।

- এলজিইডি'র দায়িত্ব হল গ্রামীণ সড়ক উন্নয়নের মাধ্যমে যোগাযোগ বৃদ্ধি, গ্রোথ সেন্টার বা হাট বাজার উন্নয়নের মাধ্যমে ও পণ্য বাজারজাতকরণ ব্যবস্থা উন্নতকরণের লক্ষ্যে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ত্বরান্বিত করা, পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধি এবং কর্ম সংস্থানের সুযোগ তৈরী করা।

- "মবিঅ" ও এলজিইডি দেশের অর্ধেক জনগণ তথা নারীদের উন্নয়নে যৌথভাবে আগ্রহান্বিত, উভয়ে এলজিইডি কর্তৃক প্রকল্প ও উপ-প্রকল্পসমুহ বাস্তবায়নে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন বিষয়ক কার্যক্রম আয়োজনে সহায়তা করবে।

সেহেতু, উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে "মবিঅ" ও "এলজিইডি" পারস্পরিকভাবে নিম্নলিখিত কার্যক্রমে সহযোগিতা প্রদানে সম্মত হলো:

১. সহযোগিতা প্রদান

"মবিঅ" ও এলজিইডি'র মধ্যে কারিগরি সহযোগিতা কার্যক্রমে, নিম্নলিখিত বিষয়গুলো অর্ন্তভুক্ত থাকবে:

ক) তথ্য ও প্রকাশনা বিনিময়;
খ) মহিলা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ও কার্যক্রম আয়োজন;
গ) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের আওতায় এবং এলজিইডি'র অনুরোধে কারিগরি পরামর্শ এবং সহযোগিতা প্রদান।

২. শর্ত

এই সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ থেকে কোন কারণে বাতিল না করা পর্যন্ত বলবৎ থাকবে। উভয় পক্ষই লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে সমঝোতা স্মারক বাতিল করতে পারবেন। তবে নোটিশ প্রদানের তারিখ থেকে পরবর্তী ১৮০ দিন পর্যন্ত সমঝোতা স্মারকের কার্যকারিতা বলবৎ থাকবে।

এলজিইডি'র দায়িত্বসমূহ:

১. এলজিইডি ও এলজিইডি'র কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ মবিঅকে বিধি সম্মত উপায়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

২. এলজিইডি প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় আয়োজিত মহিলা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ, কর্মশালা এবং সম্প্রসারণ কার্যক্রম, পরিকল্পনা ও কর্মসূচী সংক্রান্ত বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করবে এবং এ সম্পর্কিত তথ্য বিনিময় করবে।

৩. এলজিইডি প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় প্রকল্প চলাকালিন সময়ে মহিলা বিষয়ক প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনে সকল প্রকার সহায়তা প্রদান করবে।

৪. এলজিইডি প্রকল্প অথবা উপ-প্রকল্প সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য মবিঅকে সরবরাহ করবে।

৫. এলজিইডি মবিঅ'র সাথে ঘনিষ্ট ও কার্যকরী সমন্বয়ের মাধ্যমে প্রকল্প বা উপ-প্রকল্প এলাকায় মহিলা উন্নয়নমূলক কার্যক্রম প্রতিষ্ঠা ও প্রাতিষ্ঠানিকিকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৪. মবিঅ'র দায়িত্বসমূহ

১. জেলা ও উপজেলা পর্যায় মবিঅ এর যে সকল নিজস্ব দপ্তর বিদ্যমান সে সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মীদের মাধ্যমে এলজিইডি'র প্রকল্প ও উপ-প্রকল্পের আওতায় মহিলা উন্নয়ন ও মহিলাদের জন্য কর্মসংস্থান বৃদ্ধির জন্য জরীপকাজসহ প্রকল্প ও উপ-প্রকল্পের সুফলভোগীদের চাহিদা নির্ণয় ও যাচাই, মহিলা উন্নয়নের লক্ষ্যে উন্নয়ন পরিকল্পনা তৈরী ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহায়তা দেবে এবং মবিঅ তাদের নিজস্ব কার্যক্রমে যথাসম্ভব প্রকল্প ও উপ-প্রকল্পের সুফলভোগীদেরকে অগ্রাধিকার প্রদান করবে।

২. মবিঅ এলজিইডি'র প্রকল্প ও উপ-প্রকল্প এলাকায় মহিলাদের উন্নয়নের লক্ষ্যে প্রকল্প ও উপ-প্রকল্প এলাকায় কাঁচামাল প্রাপ্যতার উপর ভিত্তি করে আয়বৃদ্ধিমূলক কর্মসূচী ব্যবস্থাপনায় ও কার্যক্রমে প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদান করবে।

৩. মবিঅ জেলা ও উপজেলা কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় উপজেলা ও জেলা পর্যায় এবং পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির সদস্যবৃন্দকে তথা মহিলাদেরকে বিশেষ করে দুঃস্থ মহিলাদেরকে প্রশিক্ষণ প্রদান ও তাদের জন্য প্রকল্প কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে সহযোগীতা ও পরামর্শ প্রদান করবেন।

৪. মবিঅ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, প্রকল্প বা উপ-প্রকল্প এলাকার মহিলাদের উন্নয়নের জন্য স্থানীয় জনগণকে সচেতন করার কাজে সহায়তা করবে।

৫. মবিঅ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, এলজিইডি ও প্রকল্প অথবা উপ-প্রকল্প বা সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মীদের মহিলা বিষয়ক কৌশলপত্র যেমনঃ জাতীয় নারী উন্নয়ন নীতি, নারী উন্নয়নে জাতীয় কর্মপরিকল্পনা, এলজিইডি জেন্ডার সমতা কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা ও জেলা পর্যায় প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করবে।

৬. মবিঅ উপজেলা পর্যায়ের কর্মকর্তা, প্রকল্প বা উপ-প্রকল্প এলাকায় মহিলা উন্নয়ন বিষয়ক কার্যাবলী/প্রতিবেদন উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় পেশ/আলোচনা করবেন এবং উক্ত

প্রতিবেদন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক বরাবর এবং অনুলিপি এলজিইডি'র প্রধান প্রকৌশলী বরাবর প্রেরণ করবেন।

৭. মবিঅ প্রকল্পে নিয়োজিত জনবলের সহায়তায় প্রকল্প বাস্তবায়ন নির্দেশাবলী অনুসরণে পাবসসকে প্রকল্প/উপ-প্রকল্পে মহিলা উন্নয়ন বিষয়ক পরিকল্পনা এবং মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণে সহায়তা প্রদানসহ অধিক গুরুত্বপূর্ণ উপ-প্রকল্প নির্বাচনে সহায়তা প্রদান করবে।

এ পরিপ্রেক্ষিতে মবিঅ ও এলজিইডি এই স্মারকের শুরুতে উল্লেখিত তারিখে ৪টি মূলকপিতে স্বাক্ষর প্রদান করতঃ ১টি করে কপি সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রনালয়ে প্রেরণে সম্মত হল।

স্বাক্ষরঃ

(দুলাল আব্দুল হাফিজ)
মহা-পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর

স্বাক্ষরঃ

(মোঃ শহীদুল হাসান)
প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

এবং

# পরিবেশ অধিদপ্তর

এর মধ্যে

# সমঝোতা স্মারক

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) জাতীয় উন্নয়নের লক্ষ্যে সারা দেশব্যাপী বিশেষ করে গ্রামাঞ্চলে বিভিন্ন ধরণের উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে। এলজিইডি গ্রামীণ অবকাঠামো (রাস্তা, ব্রিজ, কালভার্ট, গ্রোথ সেন্টার, স্কুল, সেচ নালা, পানি নিয়ন্ত্রণ কাঠামো, ইত্যাদি) নির্মাণের পাশাপাশি শহরাঞ্চলেও পয়ঃনিকাশন, স্যানিটেশন ব্যবস্থা, পানীয় জল সরবরাহ, সড়ক বাতি, কমিউনিটি শিক্ষা, ফ্লাই ওভার নির্মাণ, ইত্যাদি ধরণের উন্নয়নমূলক কর্মকান্ড চালিয়ে যাচেছ। দারিদ্র বিমোচনকল্পে গ্রামীন দুঃস্থ মহিলাদের জন্য বিভিন্ন ধরণের আয়বর্ধক কর্মসূচী ছাড়াও শহরের ছিন্নমূল বাসিন্দাদের জীবন যাত্রার মান উন্নয়নে বস্তি উন্নয়ন কাজে এলজিইডি বিশেষভাবে ভূমিকা রাখছে। এছাড়াও, নতুন নতুন প্রযুক্তি নির্ভর পরিবেশ বান্ধব এবং নবায়নযোগ্য শক্তি উৎপাদন করে এলজিইডি গ্রামীণ বিদ্যুতায়নে বিশেষ অবদান রাখছে।

এলজিইডি উহার সকল উন্নয়ন কর্মকান্ডকে পরিবেশ বান্ধব করার লক্ষ্যে এক বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে। প্রতিটি প্রকল্পের বাস্তবায়নপূর্ব পরিবেশগত প্রভাব নিরুপন করতঃ বিরুপ প্রভাব প্রশমনে পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরী ও বাস্তবায়ন করা হচেছ। এ উদ্দেশ্যে এলজিইডি একটি পরিবেশগত বিবরাবলী নিরূপণ নির্দেশিকা তৈরী করেছে যা মাঠ পর্যায়ে নিয়মিত ব্যবহৃত হয়ে আসছে। এই নির্দেশিকা পুস্তকের মাধ্যমে এলজিইডি'র সকল প্রকল্পকে বাংলাদেশের পরিবেশ নীতিমালা ও আইনের আওতায় প্রয়োজনীয় নিরাময় পদক্ষেপ সহকারে অন্তর্ভুক্ত করা হচ্ছে। এর ফলে এলজিইডি'র কোন প্রকল্প থেকেই পরিবেশগত বিরুপ প্রভাব পড়ার আশঙ্কা থাকছে না। এছাড়াও, প্রায় প্রতিটি প্রকল্পের ক্ষেত্রেই দীর্ঘমেয়াদী পরিবেশগত প্রভাব পরিবীক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে। এ ব্যাপারে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় স্থাপিত এনভায়রনমেন্টাল ল্যাবরেটরীতে ভূগর্ভস্থ ও ভূউপরস্থিত পানির বিশ্লেষণ দ্বারা গুণগতমানের পরিবর্তন সংক্রান্ত পরিবীক্ষণ ডাটা সংগ্রহ এবং জিআইএস প্রযুক্তির সাহায্যে প্রকল্প বাস্তবায়ন পরবর্তী ভূমি ব্যবহারের পরিবর্তন সংক্রান্ত মানচিত্র তৈরী বিশেষভাবে উল্লেখযোগ্য।

পক্ষান্তরে, পরিবেশ অধিদপ্তর দেশের প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষার্থে এবং সামগ্রিকভাবে পরিবেশগত অবস্থার উন্নয়নে প্রতিষ্ঠালগ্ন থেকে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করে আসছে। এগুলোর মধ্যে প্রধানতঃ রয়েছে সুন্দরবন, ভাওয়াল গড়, মধুপুর গড়, ইত্যাদি জাতীয় প্রাকৃতিক বনভূমি সংরক্ষণ, চাঁন্দা বিল, হাকালুকি হাওর, টাংগুয়ার হাওর, ইত্যাদি জলাশয় সংরক্ষণ, স্থলজ ও জলজ জীব-বৈচিত্র সংরক্ষণ, প্রাকৃতিক বন সম্প্রসারণ, কৃত্তিম বনায়ন, দূষণ নিয়ন্ত্রণ, বায়ু, পানি, ও মাটির ব্যবহারের ভিত্তিতে এবং বর্জ্য হিসাবে নির্গমনের মানমাত্রা নির্দ্ধারণ, শিল্প কারখানার বর্জ্য নিক্ষেপনের মাত্রা নির্ধারণ, ইত্যাদি। উপরোক্ত সকল কর্মকান্ড সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর প্রয়োজনীয় নীতিমালা ও আইন প্রণয়ণসহ জনগণকে পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে সচেতন করে তোলার জন্য ব্যাপক প্রচার-প্রচারণা চালিয়ে যাচেছ। এ সকল কর্মসূচীর মূল লক্ষ্য হচেছ সামগ্রিকভাবে দেশের বিভিন্ন দফতর ও বিভাগ কর্তৃক গৃহীত প্রতিটি উন্নয়ন পরিকল্পনা পরিবেশ সম্মতভাবে বাস্তবায়ন করে উক্ত উন্নয়নকে টেকসই, ধারণযোগ্য ও স্থায়ী করা।

পরিবেশ অধিদপ্তরের এনভায়রনমেন্টাল ল্যাবরেটরী পরিচালনায় এবং মাটি, পানি ও বায়ুর নমুনা সংগ্রহ/ বিশ্লেষনে বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত ও বিশেষ দক্ষ জনবল রয়েছে। এই জনশক্তি এলজিইডি'র এনভায়রনমেন্টাল ল্যাবরেটরীতে নিয়োজিত কর্মীদের প্রশিক্ষণার্থে এবং দক্ষতা বৃদ্ধিতে কাজে লাগানো যেতে পারে। অন্যদিকে এলজিইডি ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় ভূগর্ভস্থ ও ভূউপরস্থিত পানির গুণগতমাণ পরিবীক্ষণে যে সকল ডাটা সংগ্রহ করছে সেগুলো পরিবেশ অধিদপ্তর জাতীয় পর্যায়ে পানির গুণগতমানের

বেসলাইন ডাটা হিসাবে ডাটা ব্যাংকে সংরক্ষণ ও ব্যবহার করতে পারবে। এ ছাড়াও পরিবেশগত বিষয়ে যৌথ কর্মশালা আয়োজন করে এবং স্ব স্ব কর্মসূচী বাস্তবায়নকালে প্রাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা আদান-প্রদান করে উভয়েই লাভবান হতে পারে। এলজিইডি এবং পরিবেশ অধিদপ্তরের লক্ষ্য ও উদ্দেশ্যের অভিন্নতা ও নৈকট্যের সার্বিক বিবেচনায় তথ্য ও প্রযুক্তি আদান প্রদানের মাধ্যমে সকল জাতীয় উন্নয়ন কর্মকান্ডকে পরিবেশ বান্ধব ও টেকসই রূপদানে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের প্রথম পর্যায় বাস্তবায়ন কার্যক্রমের আওতায় উভয় অধিদপ্তর ২ নভেম্বর, ১৯৯৭ সালে ৫ বৎসর মেয়াদী একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে, যার মেয়াদ ১ নভেম্বর ২০০২ সালে সমাপ্ত হয়েছে। উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে উক্ত প্রকল্পের দ্বিতীয় পর্যায় বাস্তবায়নকালে পারস্পরিক সহযোগিতা অব্যাহত রাখার লক্ষ্যে নিম্নলিখিত শর্ত মোতাবেক পুনরায় এই সমঝোতা স্মারক নবায়ন করা যায় :

# সমঝোতা স্মারক

এই সমঝোতা স্মারক অদ্য ১৩ জানুয়ারি ২০০৪ তারিখ হতে বলবৎ হল।

এই সমঝোতা স্মারক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর পক্ষে মোঃ শহীদুল হাসান, প্রধান প্রকৌশলী, এলজিইডি এবং পরিবেশ অধিদপ্তর এর পক্ষে ড. মো. ওমর ফারুক খান, অতিরিক্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর এর মধ্যে অদ্য ১৩ জানুয়ারি ২০০৪ তারিখে স্বাক্ষরিত হল।

## সহযোগিতার ক্ষেত্র

১। পরিবেশগত প্রভাব নিরূপণে নির্দেশিকা প্রণয়ন, প্রতিবেদন রচনা, বিরূপ প্রভাব নিরাময়ে ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরী এবং দীর্ঘমেয়াদী প্রভাব পরিবীক্ষণে কর্মসূচী তৈরী।

২। উন্নয়ন প্রকল্পের পরিকল্পনা, নকশা তৈরী এবং পরিবেশগত প্রভাব নিরূপণে জিআইএস ও এমআইএস প্রযুক্তির ব্যবহার।

৩। মাটি ও পানির গুণগতমান বিশ্লেষণ সুবিধা সম্বলিত উভয় অধিদপ্তরের বিদ্যমান এনভায়রনমেন্টাল ল্যাবরেটরীসমূহ প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালীকরণ, প্রয়োজনবোধে নতুন ল্যাবরেটরী স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ।

৪। শক্তির বিকল্প উৎস হিসেবে নবায়নযোগ্য সম্পদ এবং জৈব বর্জ্যের ব্যবহার সংক্রান্ত বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার।

৫। পরিবেশ বিষয়ক বিষয়ে সেমিনার, কর্মশালা ইত্যাদি আয়োজন এবং প্রশিক্ষণের মাধ্যমে কারিগরী দক্ষতা বৃদ্ধি।

৬। ন্যাশনাল এনভায়রনমেন্টাল ডাটাবেস এবং ডাটা ব্যাংক স্থাপন।

## মেয়াদকাল

এই সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে কোন কারণে বাতিল না করা পর্যন্ত কার্যকর থাকবে। এলজিইডি এবং পরিবেশ অধিদপ্তর উভয় পক্ষই লিখিত নোটিশের মাধ্যমে এই সমঝোতা স্মারকের চুক্তিনামা বাতিল করতে পারবে। তবে এই ধরণের কোন নোটিশ প্রাপ্তির পরবর্তী ১৮০ কার্যদিবস পর্যন্ত এই সমঝোতা স্মারকের মেয়াদ বলবৎ থাকবে এবং তৎপরবর্তী সময়ে অর্থাৎ নোটিশ প্রাপ্তির ১৮০ কার্যদিবসের পর উহা সম্পূর্ণরূপে বাতিল বলে গণ্য হবে।

## এলজিইডি'র দায়িত্ব

১। এলজিইডি উহার বিভিন্ন প্রকল্পের জন্য প্রস্তুতকৃত পরিবেশ নির্দেশিকা পুস্তিকা এবং প্রাথমিক পরিবেশগত নিরীক্ষা (আইইই), পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ), পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি) সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা ও চূড়ান্ত অনুমোদন প্রদান করার জন্য পরিবেশ অধিদপ্তরে প্রেরণ করবে।

২। এলজিইডি উহার ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় স্থাপিত এনভায়রনমেন্টাল ল্যাবরেটরীতে পানি ও মাটির নমুনা বিশ্লেষণকল্পে পরিবেশ অধিদপ্তরের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করবে।

৩। এলজিইডি উহার বিভিন্ন প্রকল্পের জন্য সংগৃহীত পরিবেশগত প্রভাব পরিবীক্ষণ ডাটা যেমন, পানির গুণগতমান, জীব বৈচিত্র্য, ভূমি ব্যবহার ইত্যাদি যথারীতি পরিবেশ অধিদপ্তরের নিকট সরবরাহ করে পরিবেশ অধিদপ্তরকে ন্যাশনাল এনভায়রনমেন্টাল ডাটা ব্যাংক স্থাপনকাজে সহযোগিতা করবে।

৪। পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিভিন্ন গবেষণামূলক কার্যক্রম পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের চাহিদা মোতাবেক এলজিইডির বিদ্যমান জিআইএস সুবিধাদি প্রদান করবে। এছাড়াও, এলজিইডি বায়োগ্যাস প্লান্ট ও সৌরপ্যানেল স্থাপনে পরিবেশ অধিদপ্তরকে প্রয়োজনবোধে কারিগরী সহযোগিতা দিবে।

## পরিবেশ অধিদপ্তরের দায়িত্ব

১। পরিবেশ অধিদপ্তর পরিবেশগত বিষয়ে বাংলাদেশ সরকারের নতুন নীতিমালা ও আইন এবং/অথবা প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ও সংরক্ষিত এলাকা সংক্রান্ত ঘোষণাদি এলজিইডিকে যথারীতি অবহিত করবে।

২। পরিবেশ অধিদপ্তর এলজিইডি'র এনভায়রনমেন্টাল ল্যাবরেটরীতে নিয়োজিত কর্মীদের কারিগরী দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান করবে এবং প্রয়োজনবোধে নিজস্ব ল্যাবরেটরীতে মাটি ও পানির নমুনা বিশ্লেষণকল্পে সুযোগ-সুবিধা দিবে।

৩। পরিবেশ অধিদপ্তর এলজিইডি'র বিভিন্ন প্রকল্পে চলমান উপকারভোগীদের পরিবেশগত সচেতনতা বৃদ্ধির ওরিয়েন্টেশন কর্মসূচীতে পরিবেশ বিষয়ক পুস্তিকা, পোস্টার, লিফলেট ইত্যাদি সরবরাহ করে বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করবে।

৪। পরিবেশ অধিদপ্তর ন্যাশনাল এনভায়রনমেন্টাল ডাটা ব্যাংক স্থাপন করতঃ এলজিইডি'র বিভিন্ন প্রকল্প হতে প্রাপ্ত পরিবেশগত প্রভাব পরিবীক্ষণ ডাটাসমূহ উক্ত ডাটা ব্যাংকে সংরক্ষণ করবে।

এলজিইডি এর পক্ষে

মোঃ শহীদুল হাসান
প্রধান প্রকৌশলী
এলজিইডি

পরিবেশ অধিদপ্তর এর পক্ষে

ড. মো. ওমর ফারুক খান
অতিরিক্ত সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
# ও
# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর মধ্যে
# সমঝোতা স্মারক

## ভূমিকা

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর দেশের নানাবিধ অবকাঠামো উন্নয়নে ব্যাপক কর্মকান্ডের পাশাপাশি পল্লী এলাকায় জনগণের আর্থসামাজিক বিকাশ সাধনের জন্য গ্রামীণ অবকাঠামো সৃষ্টি এবং পানি সম্পদ ও পরিবেশ উন্নয়নের মাধ্যমে স্থানীয় সম্পদের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের কাজে নিয়োজিত। এ ধরনের গ্রামীণ প্রকল্পসমূহের মধ্যে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প, রাবার ড্যামের মাধ্যমে পানি সংরক্ষণ প্রকল্প, গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প, চর উন্নয়ন ও সেটেলমেন্ট প্রকল্প, পল্লী উন্নয়ন প্রকল্প এবং মৎস্য উন্নয়ন প্রকল্প বিশেষভাবে উল্লেখযোগ্য।

ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় সরকারের জাতীয় পানি নীতি ও অংশগ্রহণমূলক পানি সম্পদ ব্যবস্থাপনা নির্দেশিকার আলোকে পল্লী এলাকায় জনগণের সক্রিয় অংশগ্রহণের ভিত্তিতে পানি ব্যবস্থাপনার উন্নয়ন এবং পানি সম্পদের সঠিক ও যথাযথ ব্যবহারের মাধ্যমে কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধি করে দারিদ্র দূরীকরণ তথা পল্লীর জনগণের আর্থসামাজিক উন্নয়ন সাধন করা হচ্ছে। এ প্রকল্পের কার্যক্রমের আওতায় পানি সম্পদের সর্বোৎকৃষ্ট ব্যবহার নিশ্চিত করার জন্য মৎস্য বান্ধব অবকাঠামোসহ বিভিন্ন ধরনের পানি ব্যবস্থাপনা অবকাঠামো তৈরী এবং খাল খননের ফলে সৃষ্ট জলাশয়সমূহে মৎস্য উৎপাদনের বিশেষ সুযোগ সৃষ্টি হয়েছে। এ প্রকল্পের আওতায় উন্নীত এ সব জলাশয়ে উন্নত পদ্ধতিতে মৎস্য চাষে সহায়তাদানের বিশেষ কর্মসূচি রয়েছে।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন প্রকল্প এলাকাসমূহে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য চাষী ও তাদের প্রতিনিধিত্বে গঠিত সংগঠন বা সমিতিকে আধুনিক পদ্ধতিতে মৎস্য উৎপাদনে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, উন্নত মৎস্য প্রযুক্তি  হস্তান্তর ও মাঠ পর্যায়ে মৎস্য চাষীদের প্রশিক্ষণসহ মৎস্য সম্প্রসারণ কার্যক্রমে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট প্রয়োজনীয় সহযোগিতা দিয়ে আসছে। বিশেষ করে, দেশের উত্তর-পশ্চিম ও দক্ষিণ-পশ্চিম অঞ্চলে বাস্তবায়িত প্রথম ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতায় বাস্তবায়িত উপ-প্রকল্পসমূহে মৎস্য গবেষণা ইনস্টিটিউটের সহায়তায় মৎস্য উৎপাদন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

উপরোক্ত প্রেক্ষাপটে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয় সেক্টর প্রকল্পের প্রথম পর্যায়ে বাস্ত বায়িত উপ-প্রকল্প এলাকা সমূহে এবং জুলাই ২০০২ সাল থেকে বাস্তবায়নাধীন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে তিনটি পার্বত্য জেলা ব্যতীত সারাদেশব্যাপী আরও প্রায় ৩০০টি উপ-প্রকল্পসহ আগামীতে বাস্তবায়িতব্য উপ-প্রকল্প এলাকায় সম্ভাব্য মৎস্য চাষ কার্যক্রম সম্প্রসারণ ও মাছ চাষে আগ্রহী উপ-প্রকল্পের সুফলভোগী সমিতি সদসদের প্রশিক্ষণ প্রদান ও উন্নত প্রযুক্তি সম্প্রসারণে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের প্রয়োজনীয় সহযোগিতার অব্যাহত ধারা নিশ্চিত করার লক্ষ্যে এই সমঝোতা স্মারক প্রণয়ন করা হয়েছে।

## সমঝোতা স্মারক

এই সমঝোতা স্মারক ৭ মার্চ ২০০৪ তারিখে নিম্নলিখিত দুটি প্রতিষ্ঠানের মধ্যে স্বাক্ষরিত হলঃ

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, কেওয়াটখালী, ময়মনসিংহ-২২০১ (পরবর্তীতে বিএফআরআই হিসেবে উল্লেখ করা হয়েছে) একটি সরকারী প্রতিষ্ঠান এবং এই সমঝোতা স্মারকে এই প্রতিষ্ঠানের মহাপরিচালক ডঃ এম.এ. মজিদ এই প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী

এবং

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭ (পরবর্তীতে এলজিইডি হিসেবে উল্লেখ করা হয়েছে) অন্যান্যের মধ্যে গ্রামীণ অবকাঠামো এবং পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা, জলাবদ্ধতা দূরীকরণ, পানি সংরক্ষণ ও সেচ উন্নয়নে নিয়োজিত এবং এই সমঝোতা স্মারকে এই প্রতিষ্ঠানের প্রধান প্রকৌশলী জনাব মোঃ শহীদুল হাসান এই প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী।

প্রত্যক্ষ করা হয়েছে যে,

যেহেতু

- বিএফআরআই এর দায়িত্ব হল, অভ্যন্তরীণ ও সামুদ্রিক মৎস্য সম্পদের উন্নয়নে প্রায়োগিক গবেষণার মাধ্যমে পরিবেশ বান্ধব লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং সেসব প্রযুক্তি যথাযথ ও সঠিক প্রয়োগ ও ব্যবহারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি করে দেশের সকল শ্রেণীর জনগণের পুষ্টির চাহিদা পূরণ, দারিদ্র বিমোচন, বৈদেশিক মুদ্রা অর্জন ও বেকার যুব সম্প্রদায়ের কর্মসংস্থান করা।
- এলজিইডি'র দায়িত্ব হল, গ্রামীণ সড়ক উন্নয়নের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ, গ্রোথ সেন্টার বা হাট বাজার উন্নয়নের মাধ্যমে পণ্য বাজারজাতকরণ ব্যবস্থার সম্প্রসারণ তথা গ্রামীণ অবকাঠামোর উন্নয়ন ত্বরান্বিত করা, পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।
- বিএফআরআই ও এলজিইডি দেশের অত্যন্ত সম্ভাবনাময় মৎস্য সম্পদ উন্নয়নে যৌথভাবে আগ্রহান্বিত বিধায় এলজিইডি কর্তৃক প্রকল্প ও উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নে বিএফআরআই মৎস্য উৎপাদন বিষয়ক প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনে ও প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রমে সহায়তা করবে।

সেহেতু, বিএফআরআই ও এলজিইডি পারস্পরিকভাবে নিম্নলিখিত কার্যক্রমে সহযোগিতা প্রদানে সম্মত হলোঃ

১. সহযোগিতা প্রদান

বিএফআরআই ও এলজিইডি'র মধ্যে কারিগরি সহযোগিতা কার্যক্রমে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবেঃ

ক) তথ্য ও প্রকাশনা বিনিময়;

খ) মৎস্য সেক্টরের উন্নয়নে প্রশিক্ষণ ও প্রযুক্তি প্রদর্শনী কার্যক্রম গ্রহন এবং চাষী সমাবেশের আয়োজন;

গ) মাঠ পর্যায়ে নতুন নতুন প্রযুক্তি, প্রয়োজনবোধে ট্রায়ালের মাধ্যমে, সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ; এবং

ঘ) এলজিইডি'র অনুরোধে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ ক্ষেত্রে কারিগরি পরামর্শ এবং সহযোগিতা প্রদান।

২. শর্ত

এই সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ থেকে কোন কারণে বাতিল না করা পর্যন্ত বলবৎ থাকবে। উভয় পক্ষই লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে সমঝোতা স্মারক বাতিল করতে পারবে। তবে নোটিশ প্রদানের তারিখ থেকে পরবর্তী ১৮০ দিন পর্যন্ত সমঝোতা স্মারকের কার্যকারিতা বলবৎ থাকবে।

৩. এলজিইডি'র দায়িত্বসমূহ

১) এলজিইডি ও এলজিইডি'র কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ বিএফআরআইকে বিধিসম্মত উপায়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

২) এলজিইডি তাদের প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় আয়োজিত মৎস্য উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ, ওয়ার্কশপ এবং সম্প্রসারণ কার্যক্রম সংক্রান্ত পরিকল্পনা ও কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে এবং এ সম্পর্কিত তথ্য বিনিময় করবে।

৩) এলজিইডি তাদের প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় প্রকল্প চলাকালীন সময়ে মৎস্য বিষয়ক প্রশিক্ষণ, প্রদর্শনী ও ওয়ার্কশপ অনুষ্ঠানে সকল প্রকার সহায়তা ও ভৌত ব্যবস্থার আয়োজন করবে।

৪) এলজিইডি তাদের প্রকল্পের আওতায় প্রশিক্ষণ, প্রদর্শনী, ওয়ার্কশপ ও চাষী সমাবেশ সংক্রান্ত সকল কার্যক্রমের ব্যয় বহন করবে।

৫) এলজিইডি তাদের প্রকল্প অথবা উপ-প্রকল্প সংক্রান্ত তথ্যাবলী বিএফআরআইকে চাহিদা অনুযায়ী সরবরাহ করবে।

৬) বিএফআরআই'র সাথে ঘনিষ্ট ও কার্যকর সমন্বয়ের মাধ্যমে এলজিইডি প্রকল্প বা উপ-প্রকল্প এলাকায় মৎস্য চাষে নতুন নতুন প্রযুক্তির ট্রায়াল ও সম্প্রসারণ কার্যক্রম চালু ও তা প্রাতিষ্ঠানিকিকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

বিএফআরআই'র দায়িত্বসমূহ

১) বিএফআরআই'র আঞ্চলিক গবেষণা কেন্দ্র/উপকেন্দ্রের মাধ্যমে এলজিইডি'র প্রকল্প ও উপ-প্রকল্পের আওতায় মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য মৎস্য উৎপাদন উন্নয়ন পরিকল্পনা তৈরীতে সহায়তা প্রদান, নতুন নতুন প্রযুক্তির ট্রায়ালের ডিজাইন ও সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

২) বিএফআরআই এলজিইডি'র প্রকল্প ও উপ-প্রকল্প এলাকায় সমিতির উপকারভোগী সদস্য কর্তৃক মাছ চাষ নিমিত্ত উক্ত এলাকার অর্ন্তগত জলাশয়ে মাছের পোনা মজুদ, আতুর পুকুর, হ্যাচারী ও ব্রুড ব্যাংক ব্যবস্থাপনা কার্যক্রমে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান করবে।

৩) বিএফআরআই এলজিইডি'র প্রকল্প ও উপ-প্রকল্প এলাকায় বিপন্ন প্রজাতির মাছ সংরক্ষণে (In situ-conservation) অভয়াশ্রম স্থাপনসহ সার্বিক কারিগরি সহায়তা প্রদান করবে।

৪) বিএফআরআই'র বিজ্ঞানীবৃন্দ প্রকল্প অথবা উপ-প্রকল্প এলাকায় মাছ চাষে আগ্রহী পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির সদস্যবৃন্দকে প্রশিক্ষণ প্রদান ও তাদের প্রশিক্ষণ কর্মশালা/সভায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান করবে।

৫) বিএফআরআই উদ্ভাবিত উন্নত প্রযুক্তিসমূহ মাঠ পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে বিএফআরআই এর সার্বিক তত্ত্বাবধানে ও এলজিইডি'র অর্থায়নে প্রকল্পে কর্মরত ও প্রকল্পের সাথে সম্পৃক্ত বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের জন্য প্রশিক্ষণ ম্যানুয়াল, পোষ্টার, বুকলেট, লিফলেট ইত্যাদি প্রকাশে বিএফআরআই সহায়তা প্রদান করবে।

৬) এলজিইডি ও বিএফআরআই এর যৌথ ব্যবস্থাপনায় প্রকল্প এলাকায় কিছু কিছু গুরুত্বপূর্ণ গবেষণা কার্যক্রম বিএফআরআই এর সার্বিক কারিগরি সহযোগিতা ও তত্ত্বাবধানে পরিচালিত হবে।

৭) বিএফআরআই তাদের সার্বিক সহযোগিতায় কিছু কিছু প্রকল্প এলাকায় প্রকল্পের সুফলভোগীদের জন্য তাদের মাধ্যমে প্রযুক্তি প্রদর্শনের কার্যক্রম বাস্তবায়ন করবে।

৮) এলজিইডি কর্তৃক বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় উপ-প্রকল্প এলাকায় আগ্রহী পাবসস সদস্যবৃন্দকে স্বল্প খরচে গলদা চিংড়ির গৃহাংগন হ্যাচারী ও কার্প হ্যাচারী নির্মাণে বিএফআরআই প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করবে।

৯) এলজিইডি'র প্রকল্প/উপ-প্রকল্প এলাকায় বিএফআরআই প্রকল্প বাস্তবায়ন পূর্ব মৎস্য সম্পদের জরীপ কাজ সম্পাদন করবে এবং প্রকল্প বাস্তবায়নে মৎস্য-গুরুত্বপূর্ণ উপ-প্রকল্পসমূহে কি ধরনের মৎস্য বান্ধব অবকাঠামো প্রয়োজন হবে সে ব্যাপারে বিএফআরআই গবেষণা পরিচালনা ও পরামর্শ প্রদান করবে।

এ পরিপ্রেক্ষিতে বিএফআরআই ও এলজিইডি এই স্মারকের শুরুতে উল্লিখিত তারিখে স্বাক্ষর প্রদানে সম্মত হলো।

| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) |
|---|---|
| স্বাক্ষর: | স্বাক্ষর: |
| ৭.৬.২০০৮ | ৭/৬/০৮ |
| (ডঃ এম. এ. মজিদ) মহাপরিচালক | (মোঃ শহীদুল হাসান) প্রধান প্রকৌশলী |

**BWDB** **LGED**

# Memorandum of Understanding
between
# BWDB and LGED

July, 2006

**MEMORANDUM OF UNDERSTANDING (hereinafter referred to as the "MoU") dated 10 July, 2006 (২৬ আষাঢ়, ১৪১৩) between the BANGLADESH WATER DEVELOPMENT BOARD (hereinafter referred to as the "BWDB") and the LOCAL GOVERNMENT ENGINEERING DEPARTMENT (hereinafter referred to as the "LGED")**

WHEREAS

(A) the BWDB is mandated to implement medium (above 1000 ha and below 5000 ha) and large scale (above 5000 ha) water resources development projects;

(B) the Local Government Division (LGD) is mandated to implement rural infrastructure and small scale water resources development projects (up to 1000 ha) through the LGED in which extensive cooperation of the BWDB will be required;

(C) in implementing the small scale water resources subprojects by the LGED there might be possibilities of any such duplication and overlapping of works with the BWDB, which would require the two agencies to work in close cooperation and understanding to avoid such incidences;

(D) both the BWDB and the LGED recognize that close cooperation and coordination between the two agencies will enhance better integration of the needs of the local people; and

(E) exchange of knowledge and experience, data and information, technical know-how and technology will facilitate better implementation of national water resources development and management programs;

**NOW, THEREFORE,** both the agencies hereto agree as follows:

## 1.0 SCOPE OF COOPERATION

The scope of cooperation and collaboration between the BWDB and the LGED shall include the following areas:

1.1 Development and management of water resources of the country in an integrated manner by extending cooperation and support to each other's programs.

1.2 Implementation of National Water Management Plan (NWMP) and Guidelines for Participatory Water Management (GPWM) in the light of National Water Policy (NWPo) as modified from time to time.

1.3 Enhancing effectiveness and sustainability of water management projects by sharing information and experiences through coordination between the two agencies and the stakeholders.

1.4 Developing understanding between the two agencies in respect of future water resources development plans and programs through cooperation and sharing of information.

1.5 Ensuring smooth communication and consultation between corresponding offices of the two agencies both at headquarters and field levels in respect of exchanging data and information, documents, maps etc. required to make subprojects/projects of both the agencies to complement each other.

1.6 Participation in seminars and workshops to facilitate sharing of knowledge, technical know-how and experiences and to improve understandings of each other's projects.

## 2.0 RESPONSIBILITIES OF BWDB

2.1 The BWDB will notify all its offices and levels to implement the provisions of the MoU between the two agencies.

2.2 The BWDB will provide the LGED with data and information like index maps, water development planning maps, project features and other necessary data and information of existing BWDB projects.

2.3 The BWDB will ensure that if any LGED supported subproject is required to be incorporated in medium or large scale projects of the BWDB, the WMOs in the LGED supported subprojects will be maintained and will be appropriately federated with the institutional system of the medium or large projects. However, efforts will be made to maintain the rights and responsibilities of the WMOs of the LGED supported subprojects as far as possible.

2.4 For integrated and comprehensive development, operation and management of small scale subprojects, the BWDB will allow the LGED to rehabilitate and maintain the existing BWDB infrastructure components (embankments, regulators, sluices, water retention structures etc.) without affecting original purpose and design through discussion and consensus. The BWDB will ensure the operation and maintenance of the rehabilitated structures through its Water Management Organizations (WMOs).

2.5 The BWDB will allow the LGED for developing and paving their embankments which are required to be used as roads. In such cases, the LGED will maintain the BWDB design of the embankments both in terms of elevation and side slopes and will also rehabilitate and upgrade the BWDB structures (regulators, sluices, water retention structures etc.) for use as roads to keep their functions unhindered for the concerned BWDB projects.

2.6 The BWDB will ensure participation of its concerned Executive Engineers in the meetings of the District Level Inter-Agency Project Evaluation Committee (DLIAPEC) convened by the LGED to consider and approve LGED's small scale water resources subprojects for avoiding possible duplication and/or overlapping with works of the BWDB and to consider appropriate adjustments or revisions.

2.7 The BWDB will ensure holding of meetings of the DLIAPEC for BWDB's projects/sub-projects as per circular issued by the Planning Commission to facilitate compatible incorporation of existing subprojects of the LGED towards integrated operation and management.

2.8 The BWDB will invite participants from the LGED to attend seminars and workshops to share knowledge, technical know-how and experience and to foster cooperation and understanding between the two agencies.

2.9 In order to facilitate development and management of water resources of the country in an integrated manner, the BWDB will allow the LGED in planning and implementation of small scale water resources subprojects of relatively independent hydrological unit within medium/large scale projects after identification and appraisal through a project appraisal committee comprising 3 (three) members from each of the organizations. If any such small-scale subproject is agreed by the committee to be implemented by the LGED, the WMOs of the LGED supported subprojects will be appropriately federated with the institutional system of the medium or large project.

## 3.0 RESPONSIBILITIES OF LGED

3.1 The LGED will notify all its offices and levels to implement the provisions of the MoU between the two agencies.

3.2 The LGED will provide the BWDB with data and information like index maps, project features and other necessary data and information of existing LGED supported subprojects.

3.3 The LGED will ensure that when small scale water resources subprojects (relatively independent hydrological unit) are proposed within the BWDB medium/large scale projects, the small scale subprojects are complementary to and do not conflict with the objectives and purpose of the BWDB projects after identification and appraisal through a project appraisal committee comprising 3 (three) members from each of the organizations.

3.4 The LGED will ensure that when the BWDB's embankments are developed to be used as paved roads, the BWDB design of the embankments are maintained both in terms of elevation and side slopes. The LGED will also rehabilitate and upgrade the existing BWDB structures (regulators, sluices, water retention structures etc.) as needed keeping their functions unhindered through discussion and consensus.

3.5 The LGED will ensure participation of its concerned Executive Engineers in meetings of the DLIAPEC convened to consider and approve BWDB's projects for avoiding possible duplication and/or overlapping with works of the LGED and consider appropriate adjustments or revisions.

3.6 The LGED will ensure holding meetings of the DLIAPEC for LGED's projects/ subprojects as per circular issued by the Planning Commission to avoid duplication and overlapping.

3.7 The LGED will invite participants from the BWDB to attend seminars and workshops to share knowledge, technical know-how and experience and to foster cooperation and understanding between the two agencies.

3.8 The LGED will allow the BWDB to incorporate the LGED supported subprojects in their medium and large-scale projects in making the same complementary to the objectives and operational system of the BWDB Projects.

## 4.0 EFFECTIVENESS OF THE MoU

This MoU shall take effect from the date of its signing and shall remain in force initially for a period of 10(ten) years. It may be extended further for such duration as the parties would mutually decide.

## 5.0 AMENDMENT OF THE MoU

The MoU may be amended from time to time as and when necessary upon mutual agreement by both the agencies.

## 6.0 RESOLUTION OF DISAGREEMENT

6.1 Disagreement under this MoU shall be settled bilaterally through mutual consultation initially at the district level to arrive at an amicable settlement. In the event of any failure to arrive

at a settlement bilaterally the case will be referred to a Standing Joint Committee at the headquarters level constituted as under:

(1) Chief Planning, BWDB/Additional Chief Engineer (Planning), LGED – Conveners,

(2) Concerned Superintending Engineer, BWDB and LGED – Members, and,

(3) Concerned Executive Engineers, BWDB and LGED – Members.

6.2 Any of the agencies depending on the nature of the case will request the other agency to call and convene the meeting of the committee. The decisions shall be arrived at through consensus and shall be binding upon both the agencies.

## 7.0 RESOLUTION OF WMOs RIGHTS AND RESPONSIBILITIES

When the LGED supported subproject is required to be incorporated in medium or large-scale projects of the BWDB, the WMOs in the LGED supported subprojects will be appropriately federated with the institutional system of the medium or large project. The federated WMOs will abide by the guidelines, rules and regulations of the federation. If any conflict arises in respect of rights and responsibilities of the WMOs, (i) the conflict will be resolved by discussion among the concerned WMOs in an amicable manner; (ii) if not resolved, it will be resolved at the field level in an amicable manner by discussion between BWDB, LGED and concerned WMOs; (iii) if not resolved at the field level, then this will be referred to the Standing Joint Committee at the headquarters level as mentioned in clause 6 of the MoU. The decision of the Standing Joint Committee will be treated as final.

IN WITNESS WHEREOF, the parties hereto have affixed their signature on the date first written above.

| | |
|---|---|
| **Bangladesh Water Development Board**<br>**Represented by** | **Local Government Engineering Department**<br>**Represented by** |
| 10.07.06<br>(Sharif Rafiqul Islam)<br>Director General | (Md. Shahidul Hassan)<br>Chief Engineer |

Witnesses

| | |
|---|---|
| 10/07/06<br>Md. Habibur Rahman<br>Chief Planning<br>BWDB | Saroj Kumar Sarker<br>Additional Chief Engineer<br>LGED |
| Dhali Abdul Qaium<br>Director<br>Planning-2, BWDB | Md. Nurul Islam<br>Superintending Engineer<br>LGED |

# MEMORANDUM OF UNDERSTANDING
# BETWEEN
# LGED AND BUET

**MEMORANDUM OF UNDERSTANDING** (hereinafter referred to as the "MOU") dated 30 January 2006 between the Bangladesh University of Engineering and Technology (BUET) through its Directorate of Continuing Education (hereinafter referred to as the "DCE") and the Local Government Engineering Department (LGED) under Local Government Division of the Ministry of Local Government, Rural Development and Co-operatives (hereinafter referred to as the "LGED")

**WHEREAS**

(A) the LGED implements small scale water resources development projects / subprojects (up to 1000 ha) in which planning, design, implementation, operation and management activities are involved;

(B) hundreds of engineers are working in the LGED and they need to be professionally trained in planning and management of small scale water resources management subprojects, construction practices and quality control of hydraulic structures, operation and maintenance practices of water resources management infrastructure;

(C) the DCE organizes short courses, workshops, seminars, symposia etc for all disciplines of engineering, science and technology;

(D) the BUET has an excellent set of highly qualified teachers having knowledge of the latest developments in the various fields of engineering and technology supporting the DCE;

(E) the BUET also has a number of linkage and bilateral programs with various foreign universities to facilitate the cooperation of foreign expertise in the process of dissemination of knowledge for capacity building including water resources management by developing post academic training programmes for practicing researchers and the academic professional engineers of Bangladesh;

(F) both the DCE and the LGED understand that improved cooperation between the two organizations will enhance effective integration and the sharing of experiences in planning, designing, implementation and management of water resources projects will enhance knowledge of professionals; and

(G) these two organizations will be mutually benefited through exchange of knowledge and experience, data and information, technical know how and technology through participation in short courses, seminars and workshops organized by the DCE.

**NOW, THEREFORE,** both the organizations hereto agree as follows:

## 1.0 SCOPE OF THE CO-OPERATION

The scope of co-operation and collaboration between the DCE and the LGED shall include the following:

1.1 Exchange of views, sharing of ideas and dissemination of knowledge for the development and management of water resources of the country in an integrated manner by supporting each other's program of activities.

1.2 Enhance cooperation between the two organizations in respect of water resources development plans and programs and sharing of related information.

1.4 Mutual participation in seminars and workshops to facilitate sharing knowledge, technical know-how and experiences and to build better understandings.

1.5 Development, organization and management of short courses tailored to the needs of the professionals of the LGED as and when needed.

## 2.0 RESPONSIBILITIES OF DCE/BUET

2.1 The DCE will develop, organize and manage the required courses in discussion and cooperation with LGED.

2.2 The DCE will provide appropriately qualified resource persons from its own faculty or from other organizations, as it thinks appropriate.

2.3 The DCE will conduct the courses in its own venue and provide reasonable facilities to the participants and resource persons.

2.4 The DCE will invite participants from the LGED to attend short courses, lectures, seminars and workshops when those are appropriate for the professionals of LGED..

2.5 The DCE will not be liable for travel, living, health-care or other expenses incurred by the participants during the courses, seminars and workshops.

2.6 The courses will normally be organized during weekdays and when unavoidable may extend over weekends.

## 3.0 RESPONSIBILITIES OF LGED

3.1 The LGED will select the participants for attending the courses from its engineers/employees.

3.2 The LGED will inform the DCE at least 3 months ahead the course to allow sufficient time for developing the course materials.

3.3 The LGED will cooperate with the DCE by providing resource persons from its professionals, if requested.

3.4 The LGED will invite participants from the DCE/BUET to attend to appropriate seminars and workshops organized by LGED.

3.5 The charges for the development, conduct and management of courses will be paid by the LGED according to the rules of the DCE

## 4.0 COMMON RESPONSIBILITIES

4.1 Requirement of short, tailored courses for the professionals of the LGED will be decided by mutual discussion between DCE and LGED.

4.2 The number of courses to be developed/organized for LGED in a period of time will be determined by mutual agreement between LGED and DCE.

4.3 The required qualification of participants to attend a particular course will be decided by mutual discussion.

4.4 Each organization will appoint a contact person to facilitate implementation of a course. The contact person will monitor the program and be responsible for promoting, advertising and overseeing smooth running of the course.

## 5.0 EFFECTIVE DATE AND THE TERM

This MOU will take effect from the date of its signing and shall remain effective until it is terminated. Either party to the agreement may terminate the MOU, when expressly considered necessary, by giving written notice to that effect to the other party. The MOU however shall remain effective for 60 (sixty) calendar days from the date of issue of the notice and shall become ineffective and void after the above 60th calendar day.

**IN WITNESS WHEREOF**, both Organizations hereto have affixed their signature on the date first written above.

LOCAL GOVERNMENT ENGINEERING DEPARTMENT

Represented by

**Md Nurul Islam**
Superintending Engineer
Integrated WR Management Unit

BANGLADESH UNIVERSITY OF ENGINEERING AND TECHNOLOGY

Represented by

30.1.2006
**Dr. Md. Imtiaz Hossain**
Director
Directorate of Continuing Education and
Professor,
Department of Mechanical Engineering, BUET

**WITNESSES**

**Bashir Uddin Ahmed**
Project Director
SSWRDSP-II, LGED, Dhaka.

**Dr. M. Fazlul Bari**
Professor & Head
Department of Water Resources Engineering
BUET, Dhaka

Moshiur Rahman
**Md. Moshiur Rahman**
Executive Engineer
SSWRDSP-II, LGED, Dhaka.

**Dr. M.Mirjahan**
Professor
Department of Water Resources Engineering
BUET, Dhaka

# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

**এলজিইডি'র আওতায়**
**ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প**
**সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন সময় প্রকাশিত**
**গেজেট/পরিপত্র/সার্কুলার/পত্র/আদেশসমূহ**
**এবং**
**বিভিন্ন সংস্থার সাথে**
**স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MOU)**



দ্বিতীয় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প
ডিসেম্বর ২০০৬